৫। আমি অনেক ঘুরে ঘুরে এই মাছ ক'টা পেয়েছি।

৬। আমরা একটা সিনেমা দেখার জন্যে প্রিয়া টকীজে যাচ্ছি।

৭। রমা অনেক ময়লা কাপড় কাচছে।

৮। ছেলেগুলো সারা বিকেল ঘুরছে।

4. Substitute the persons of the following sentences by given cues. Make other changes wherever. necessary.

	Cues
১। রামের বন্ধুরা আজ সকালে বেড়াতে গেল।	আমরা
২। আমি আজ সকালে ডিম আর পাঁউরুটি খেলাম।	মেয়েরা
৩। আশিস আজ দুপুরে অনেক গান শুনল।	আমি
৪। আমরা আজ কয়েকজন মিলে হস্টেলে রান্না করলাম।	তারা

	Cues
৫। তারা আজ সকালে অনেকক্ষণ ঘুরল।	আমি
৬। আমরা আজ বিকেলে হেঁটে হেঁটে ফিরলাম।	সে

5. Choose the words that best fit the sentences

১। আমি সকালে উঠে ফুল —	শুনলাম
২। মাধুরী আজ সকালে অনেক —	খেলল
৩। গতকাল একটা সুন্দর গান —	কুড়োলাম
৪। আজ আমি বন্ধুর লেখা চিঠিটা —	সাজালাম
৫। ছেলেরা আজ সারা দুপুর ক্রিকেট —	পড়ল
৬। আমরা আজ আমাদের বাড়ীটা খুব সুন্দর করে —	পেলাম

Lesson 17

Programme of yesterday

রমা ঃ কাল তুই কি করলি ?	What did you do yesterday ?
রত্না ঃ আমি কাল সারাদিন গল্পের বই পড়লাম। তুই কি করলি ?	Yesterday I read story books all through the day. What did you do ?
রমা ঃ আরে, কাল খুব মুস্কিলে পড়লাম।	I was in great trouble yesterday.
রত্না ঃ কেন, কি হল ?	What happened ?
রমা ঃ আমাদের বাড়ীতে আমাদের মাষ্টারমশাই এলেন।	Our teacher came to our house.
উনি অনেক দিন পরে বিদেশ থেকে ফিরলেন। উনি লণ্ডনে ছিলেন।	He returned from abroad after many days. He was in London.
রত্না ঃ তা তুই মুস্কিলে পড়লি কেন ?	Then, why were you in trouble ?
রমা ঃ মুস্কিলে পড়লাম কেন ? আমি তখন সিনেমা যাচ্ছি।	Why I was in trouble ? I was then going to cinema
রত্না ঃ সিনেমায় গেলি না কেন ?	Why did you not go to cinema ?

রমা	ঃ মাষ্টারমশাই অনেকদিন পরে এলেন যে !	The teacher came after many days.
	উনি অনেকক্ষণ ছিলেন।	He was there for a long time
	অনেক গল্প করলেন।	He talked a lot.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। কাল তুই কি করলি ?

.... পড়লি ?

.... খেলি ?

.... লিখলি ?

.... দেখলি ?

২। কাল মাষ্টারমশাই এলেন।

.... দেখলেন।

.... ফিরলেন।

.... লিখলেন।

.... ঘুমোলেন !

৩। উনি অনেক গল্প করলেন।

.... লিখলেন।

.... বললেন।

.... শুনলেন।

.... পড়লেন।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। করলি

কি করলি ?

তুই কি করলি ?

সারাদিন তুই কি করলি ?

কাল সারাদিন তুই কি করলি ?

২। পড়লাম

বই পড়লাম।

গল্পের বই পড়লাম।

সারাদিন গল্পের বই পড়লাম।

কাল সারাদিন গল্পের বই পড়লাম।

আমি কাল সারাদিন গল্পের বই পড়লাম।

৩। এলেন

মাষ্টার মশাই এলেন।

আমার মাষ্টার মশাই এলেন।

বাড়ীতে আমার মাষ্টার মশাই এলেন।

আমাদের বাড়ীতে আমার মাষ্টার মশাই এলেন।

৪। ফিরলেন

বিদেশ থেকে ফিরলেন।

অনেক দিন পরে বিদেশ থেকে ফিরলেন।

উনি অনেক দিন পরে বিদেশ থেকে ফিরলেন।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Negative Transformation.

১। আমাদের বাড়ীতে আমার মাষ্টারমশাই এলেন।	আমাদের বাড়ীতে আমার মষ্টারমশাই এলেন না।
২। মাষ্টার মশাই অনেক দিন লণ্ডনে ছিলেন।	....
উনি অনেকদিন পরে বিদেশ থেকে ফিরলেন।	....

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। কাল তোর কি হল ?

আমাদের বাড়ীতে ....

২। তুই সিনেমায় গেলি না কেন ?

মাষ্টারমশাই অনেকদিন ....

৩। মাষ্টারমশাই কি অনেকক্ষণ ছিলেন ?

হ্যাঁ, উনি ....

৪। মাষ্টারমশাই কি করলেন ?

উনি অনেক ....

৫। কাল তুই সারাদিন কি করলি ?

আমি সারাদিন ....

EXERCISES

1. Fill up the blanks.

১। পরশুদিন শ্যামবাবু একটা সিনেমা — ।

২। তুই কাল বিকেলে সমুদ্রের ধারে — ।

৩। উনি বিদেশ থেকে প্লেনে করে — ।

৪। আমি কাল বন্ধুদের সঙ্গে — — ।

৫। — ২রা অক্টোবর সাহেব-বিবি-গোলাম দেখলাম।

৬। — সভায় খুব সুন্দর বক্তৃতা দিলেন।

৭। — কাল কার সঙ্গে গল্প করছিল ?

৮। অরুণাভ ছ' বছর হনলুলুতে — ।

2. Change the Singular to Plural and vice versa.

১। সূর্য্যবাবুর মেয়ে ১৩ই এপ্রিল ন্যুইয়র্ক গেল।

২। আমি কাল সারাদিন ঘুমোলাম।

৩। উনি কাল বিকেলে আমাদের বাড়ীতে এলেন।

৪। তোরা কাল বৃন্দাবন থেকে ফিরলি।

৫। ওনারা কটক থেকে শাড়ী কিনলেন।

৬। আমরা কাল সমুদ্রের সৌন্দর্য্য উপভোগ করলাম।

Lesson 18

Invitation to dinner

সুব্রত : মঞ্জু, আজ রাত্রে তুমি আমার বাড়ী আসবে।	Manju, you please come to my house to-night.
তোমার নিমন্ত্রণ রইল।	(Have your invitation.) I am extending invitation.
মঞ্জু : কেন, কোন উৎসব আছে ?	Is there any function?
সুব্রত : হ্যাঁ, আজ আমার বোনের জন্মদিন।	Yes, to-day is my sister's birth bay.
আমার আত্মীয়রাও সবাই থাকবে।	All of my relatives will be present.
ওরা সবাই তোমাকে দেখতে চাইছে।	They all are wishing to see you.
অনেক নিমন্ত্রিত লোকজনও আসবেন।	Many invited guests will also come.
মঞ্জু : কিন্তু আমি তোমাদের বাড়ী যেতে পারব না।	But I shall not be able to go to your house.
মা কিছুতেই যেতে দেবেন না।	Mother will never allow me to go.
সুব্রত : কেন ? তুমি বলবে তোমার এক বন্ধুর জন্মদিনে যাবে।	Why? you will say, (that) you have to attend the birthday (function) of one of your friends.

	রাত্রে তাড়াতাড়ি ফিরবে।	You (will) return early at night.
	কোন অসুবিধা হবে না, বুঝলে ?	There will be no trouble. (Do you) understand ?
মঞ্জু	: না, মা তোমাদের বাড়ী যেতে দেবেন না।	No, mother will not allow (me) to go to your house.
সুব্রত	: আচ্ছা, আমার বোন নিজে তোমাদের বাড়ী ফোন করবে।	Well, my sister herself will ring to your house.
	তাহলে তোমার মার বিশ্বাস হবে।	Then, your mother will believe.
	কটার সময় আসবে ?	What time will you come ?
মঞ্জু	: আচ্ছা, আমি সন্ধ্যে ছটায় যাব।	Well, I shall go at six o' clock in the evening.
সুব্রত	: ঠিক আছে, আমি ঠিক ছটায় বাসষ্টাণ্ডে তোমার জন্য দাঁড়াব।	All right, I shall wait for you just at six o'clock at the bus-stand.
মঞ্জু	: ঠিক সময়ে বাসষ্টাণ্ডে আসবে কিন্তু।	But you have to come to the bus-stand in time.
	আমি বেশিক্ষণ দাঁড়াতে পারব না।	I shall not de able to wait for a long time.
	সেবারের কথা মনে আছে ?	Do you remember that incident ?

	একঘণ্টা ধরে ষ্টেশনের কাছে অপেক্ষা করলাম।	I waited for an hour near the station.
সুব্রত :	আরে, না, না, আমি এবারে ঠিক সময়ে আসব।	Oh, no, I shall come in the right time/this time.
মঞ্জু :	ভুলবে না, কিন্তু। নইলে খুব খারাপ হবে।	Please, don't forget. Otherwise it will be worse.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। আজ রাত্রে আমার বাড়ী আসবে ?

.... যাবে ?

.... খাবে ?

.... ঘুমোবে ?

২। সেবারের কথা মনে আছে ?

এবারের ....

খ) ১। কেন, কোন উৎসব হবে ?

.... দেখবে ?

.... করবে ?

গ) ১। ভুলবে না, কিন্তু !

যাবে না, ...

বসবে না, ...

থাকবে না, ...

ফিরবে না, ...

ঘ) ১। ওরা সবাই তোমাকে দেখতে চাইছে।

... . বলতে ....।

.... ফোন করতে ....।

২। অনেক নিমন্ত্রিত লোকজনও আসবেন।

.... বসবেন।

.... দেখবেন।

... . খাবেন।

৩। আমি সন্ধ্যা ছটায় যাব।

.... খাব।

.... পড়ব।

তুমি .... বসবে।

... . দাঁড়াবে।

.... আসব না।

ঙ) ১। আমি তো যেতে পারব না।

.... চাইব না।

.... খেতে ....

.... বসব না।

.... দাঁড়াব না।

.... আসব না।

২। কোন অসুবিধা হবে না।

.... দেখবে না।

.... আসবে না।

.... করবে না।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

1. Negative Transformation.

১। তোমার নিমন্ত্রণ রইল। ....

২। ওরা সবাই তোমাকে দেখতে চাইছে। ....

৩। অনেক নিমন্ত্রিত লোকজনও আসবেন। ... .

৪। তাহলে তোমার মা'র বিশ্বাস হবে। ....

৫। আমি সন্ধ্যে ছটায় যাব। ....

৬। আমি বেশিক্ষণ দাঁড়াতে পারব। ....

2. a) Tense transformation (past tense)

১। কোন উৎসব হবে? কোন উৎসব হল?

২। আমার আত্মীয়রাও সবাই থাকবে। .... থাকল।

৩। ওরা সবাই তোমাকে দেখতে চাইছে। .... চাইল।

৪। অনেক নিমন্ত্রিত লোকজনও আসবেন। .... এলেন।

৫। আমি তো যেতে পারব না। .... পারলাম না।

৬। মা কিছুতেই যেতে দেবেন না। .... দিলেন না।

৭। তোমরা এক বন্ধুর জন্মদিনে যাবে। .... গেলে।

b) Tense transformation (future tense)

১। তোমার নিমন্ত্রণ রইল ... . থাকবে (রইবে)।

২। ওরা সবাই তোমাকে দেখতে চাইছে .... চাইবে।

৩। আমি বেশিক্ষণ দাঁড়াতে পারছি না .... পারব না।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। তুমি কটায় আমার বাড়ী আসবে ?

আমি ....

২। তোমাদের বাড়ীতে কোন উৎসব হবে ?

হ্যাঁ, আমাদের বাড়ীতে ....

৩। তুমি আমাদের বাড়ীতে আসতে পারবে ?

না, আমি ....

৪। রাত্রে কি তাড়াতাড়ি ফিরবে ?

হ্যাঁ, রাত্রে ....

৫। আমি কি ঠিক ছটায় বাসষ্টাণ্ডে তোমার জন্য দাঁড়াব ?

হ্যাঁ, তুমি ....

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। আসবে

বাড়ী আসবে।

আবার বাড়ী আসবে।

তুমি আমার বাড়ী আসবে।

মঞ্জু, আজ রাত্রে তুমি আমার বাড়ী আসবে।

২। রইল

নিমন্ত্রণ রইল।

তোমার নিমন্ত্রণ রইল।

৩। হবে

উৎসব হবে।

কোন উৎসব হবে।

কেন কোন উৎসব হবে ?

৪। থাকবে

সবাই থাকবে।

আত্মীয়রাও সবাই থাকবে।

৫। আসবেন

লোকজনও আসবেন।

৬। পারব না

যেতে পারব না।

বাড়ী যেতে পারব না।

তোমাদের বাড়ী যেতে পারব না।

কিন্তু আমি তো তোমাদের বাড়ী যেতে পারব না।

৭। ফোন করবে

বাড়ীতে ফোন করবে।

তোমার বাড়ীতে ফোন করবে।

নিজে তোমাদের বাড়ীতে ফোন করবে।

বোন নিজে তোমাদের বাড়ীতে ফোন করবে।

আমার বোন নিজে তোমাদের বাড়ীতে ফোন করবে।

আচ্ছা, আমার বোন নিজে তোমাদের বাড়ীতে ফোন করবে।

৮। দাঁড়াব

তোমার জন্য দাঁড়াব।

ছটায় বাসষ্ট্যাণ্ডে তোমার জন্য দাঁড়াব।

আমি ঠিক ছটায় বাসষ্ট্যাণ্ডে তোমার জন্য দাঁড়াব।

ঠিক আছে, আমি ঠিক ছটায় বাসষ্ট্যাণ্ডে তোমার জন্য দাঁড়াব।

৯। অপেক্ষা করলাম

ষ্টেশনের কাছে অপেক্ষা করলাম।

একঘণ্টা ষ্টেশনের কাছে অপেক্ষা করলাম।

১০। আসব

সময়ে আসব।

ঠিক সময়ে আসব।

আমি এবার ঠিক সময়ে আসব।

আরে না, না, আমি এবারে ঠিক সময়ে আসব।

EXERCISES

1. Convert the tense of the verbal forms into the future tense.

১। আজ আমরা হোটেলে থাকছি।

২। আমার বন্ধুরা আজ তোমার বাড়ী আসছে।

৩। আপনি চা খেলেন ?

৪। মেয়েরা রান্না করছে।

৫। রমেশের বাড়ীতে বিয়ে হচ্ছে।

৬। তুমি একথা ভুলছো না তো ?

2. Fill up the gaps.

১। — এখন কোথায় যাবে ?

২। — কি এখন ঘুমোবে ?

৩। — বাজারে যাব।

৪। আমি — বাড়ী যাব।

৫। সে — জন্য বাসষ্ট্যাণ্ডে অপেক্ষা করবে।

৬। মা আমাকে — বাড়ী যেতে দেবেন না।

৭। — বোন কি আমার বাড়ীতে ফোন করবে ?

3. Substitute the underlined words by the given cues in the following sentences.

Make necessary changes of the sentences.	Cues
ক) ১। আমি তোমার জন্য বাসষ্ট্যাণ্ডে দাঁড়াব।	দাঁড়াব
২। আমার বাড়ীতে অনেক লোকজন আসবেন।	আসবে
৩। তোমরা কি আজ বাড়ী ফিরবে ?	ফিরব
৪। অমিয়ার জন্মদিনে তারা কি আসবে ?	আসবেন
৫। ওনারা সিনেমা যেতে চাইবেন না।	চাইব না
খ) ১। আমরা নন্দনকানন থেকে ফিরলাম।	তোমরা
২। ওনারা বাজারে যাচ্ছেন।	তুমি

	Cues
৩। সুজিত ভাত খাচ্ছে	আমি
৪। সে আমার জন্য অপেক্ষা করবে।	তুমি
৫। অমিতা আমাদের বাড়ী আসবে।	তোমার

4. Give the alternative forms of the following underlined words :

   ১। আপনারা কাল কটকে গেলেন ?

   ২। সে আজ আমার বাড়ীতে আসছে।

   ৩। এখন আমি কলকাতায় যাচ্ছি।

   ৪। আপনি কখন পুরীতে যাবেন ?

   ৫। আমার বন্ধুরা সন্ধ্যেবেলায় হোটেলে থাকবে।

5. a) Transform the affirmative sentence into negative.

   ১। আমি তোমাকে ভুলব।
   ২। ওনারা আমার বাড়ী আসবেন।
   ৩। সে আজ রাত্রে বাড়ী ফিরবে।
   ৪। ছেলেটা এখন ঘুমোবে।
   ৫। তারা আজ আমার বাড়ী যাবে।

   b) Transform the statements into questions.

   ১। অমিতা নিজে রান্না করবে।
   ২। আমার বাড়ীতে একটা উৎসব হবে।
   ৩। সোমেন একটা সিনেমা দেখতে যাবে।
   ৪। বসুমন তোমার জন্য ষ্টেশনের কাছে দাঁড়াবে।
   ৫। নীলাঞ্জন আজ ঠিক সময়ে আসবে।

Vocabulary

রাত্রে	'at night'		
আজ	'to-day'		
আসবে			'come'
হবে			'be'
থাকবে	You (familiar)/		'stay'
যাবে	he/they (ordinary)		'go'
বলবে	will		'say'
ফিরবে			'return'
করবে			'do'
ভুলবে			'forget'
আসবেন	you (honorific)/		'come'
দেবেন	he/they (honorific) will		'give'
পারব			'be able'
আসব	I/we shall		'come'
যাব			'go'
দাঁড়াব			'wait/stand'
দেখতে	'to see'	যেতে	'to go'
তুমি	'you'	তোমার	'your'
তোমাকে	'you' (objective case)	তোমাদের	'your' (pl.)

নিমন্ত্রণ	'Invitation'	রইল	'remained'
জন্মদিন	'birthday'	সবাই	'all'
অনেক	'many'	নিমন্ত্রিত	'invited'
লোকজন	'people'	কিন্তু	'but'
কিছুতেই	'by no means'	তাড়াতাড়ি	'quickely'
অসুবিধা	'trouble'	বিশ্বাস	'belief'
কটার সময়	'at what time'	জন্য	'for'
ঠিক	'just right'	সময়ে	'in time'
বেশিক্ষণ	'much time'	সেবারের	'of that time'
ধরে	'during'	অপেক্ষা করলাম	'I waited'
এবারে	'in this time'	নইলে	'other wise'

Grammatical Notes

1. Furture tense : Generally fucure tense marker -b- is added to the high stem of the verb root and then personal suffixes are attached e.g. আমি করব 'I shall do' 1st personal form.

The personal suffixes in future tense are as follows :—

1st person.		-o
2nd person	(hon.)	-en
-do-	(fam.)	-e
-do-	(int.)	–i
3rd person	(ord.)	-e
-do-	(hon.)	-en

Examples	কর	'to do'	আমি করব
			আপনি করবেন
			তুমি করবে
			তুই করবি
			সে/এ/ও করবে
			তিনি / ইনি / উনি — করবেন
	খেল	'to play'	আমি খেলব
			আপনি খেলবেন
			তুমি খেলবে
			তুই খেলবি
			সে খেলবে
			ইনি/উনি/তিনি খেলবেন

Verb roots having the vowel -*a*- undergo no change in future tense :

Examples—

khan	'to eat'	ami khabo etc.
Jan	'to know'	ami Janbo etc.

The roots √ga 'to sing' √ca 'to want' √sɔ 'to endure' √bɔ 'to bear' show the following forms in future.

ga : ami gaibo etc.

ca : ami caibo etc.

bɔ : ami boibo etc.

sɔ : ami soibo etc.

The root -hɔ 'to be' shows -hɔ -stem in future **e.g. ami** hɔbo etc.

This tense is used to express any action what will take place in future. Moreover, it expresses the sense of such English expression 'would you.... ....' apni ca khaben **?** 'Would you please take a cup of tea ?'

Time expressions :

নটার সময় / নটায়	at 9 o' clock
ছটায় / ছটার সময়	at 6 o' clock
কটায় / কটার সময়	at what time

Instead of locative suffix *-e/-te/y*, zero suffix is alternatively used to indicate place e.g. আমি বাড়ি / বাড়িতে যাব, সে কলকাতা / কলকাতাতে / কলকাতায় যাবে।

Infinitive — The infinitive forms are formed by adding *-te* to the high stem **e.g.** করতে, বলতে, কিনতে, দেখতে।

In this lesson a few second personal forms have been introduced. These forms are used ordinarily for known intimate equals, members of one's family and younger ones.

	Sg.	Pl.
Nom.	তুমি	তোমরা
Poss.	তোমার	তোমাদের

Lesson 19

Buying a saree

নীপা ঃ দীপা তুই এত দেরী করলি কেন ?	Dipa, why did you delay so much ?
আমি কখন থেকে তোর জন্য অপেক্ষা করছি।	I (have been) waiting for you for a long time.
দীপা ঃ আমি সকাল থেকে ফোন করতে চেষ্টা করছি।	I (have been) trying to phone to you since morning.
কিন্তু একবারও তোকে পেলাম না।	But I did not get you even once.
নীপা ঃ কেন, কিজন্য আমাকে ফোন করতে চেষ্টা করলি ?	Why, what for did you try to ring me?
দীপা ঃ আমার শরীরটা ভালো লাগছে না।	I am not feeling well.
আজ আর আমি তোর সঙ্গে মার্কেট যেতে পারব না।	I shall not be able to go with you to the market to-day.
নীপা ঃ ও; মুসকিল হল।	Oh, it is a problem.
তোর জন্য শাড়ী কিনব কি করে ?	How shall I buy a saree for you?
আমি কি তোর পছন্দ মত শাড়ী কিনতে পারব ?	Shall I be able to buy a saree according to your choice?

দীপা ঃ হ্যাঁ, হ্যাঁ, তোর পছন্দই আমার পছন্দ।	Yes, your choice itself is my choice.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। ক) তুই এত দেরী করলি কেন ?
তুমি .... করলে ....
আমি .... করলাম ....
সে .... করল ....
উনি .... করলেন ....

খ) কি জন্য আমাকে ফোন করতে চেষ্টা করলি ?
.... রামকে ....
.... মোহনকে ....
.... অমিতাকে ....

গ) তোর জন্য শাড়ী কিনব কি করে ?
আমার ....
তার ....
তোমার ....

২। আমি সকাল থেকে তোকে ফোন করতে চেষ্টা করছি।
.... তোমাকে ....

৩। আজ আর আমি তোর সঙ্গে মার্কেট যেতে পারব না।
.... তোমার ....
.... তার ....
.... ওনাদের ....

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। করছি

অপেক্ষা করছি।

তোর জন্য অপেক্ষা করছি।

কখন থেকে তোর জন্য অপেক্ষা করছি।

আমি কখন থেকে তোর জন্য অপেক্ষা করছি।

২। চেষ্টা করছি

ফোন করতে চেষ্টা করছি।

তোকে ফোন করতে চেষ্টা করছি।

সকাল থেকে তোকে ফোম করতে চেষ্টা করছি।

৩। পারব না

যেতে পারব না।

মার্কেট যেতে পারব না।

তোর সঙ্গে মার্কেট যেতে পারব না।

আর আমি তোর সঙ্গে মার্কেট যেতে পারব না।

আজ আর আমি তোর সঙ্গে মার্কেট যেতে পারব না।

৪। পারব

কিনতে পারব।

শাড়ী কিনতে পারব।

তোর পছন্দসই শাড়ী কিনতে পারব।

আমি কি তোর পছন্দসই শাড়ী কিনতে পারব ?

EXERCISES

1. Substitute the underlined words by the given cues :

	Cues
১। তুমি এত দেরী করলে কেন ?	তুই
২। কিজন্য আমাকে ফোন করতে চেষ্টা করলে।	তোকে
৩। আমি কখন থেকে তোর জন্য অপেক্ষা করছি।	অপেক্ষা করছিস্
৪। আমার শরীরটা ভাল লাগছে না।	তোর
৫। সে আমাকে একবারও পেল না।	পেলি না

2. Fill up the gaps with the given cues. Modify the cues according to the necessity.

	Cues
১। সে — বলল।	আমি
২। সবাই — দেখতে পাবে।	তুমি
৩। আমি — ফোন করব।	তোকে
৪। — জন্য আমি অপেক্ষা করছি।	তুই
৫। আমি — সঙ্গে মার্কেট যেতে চাইছি।	তুমি

3. Transform the verbal forms into the future.

১। তুই কখন থেকে অপেক্ষা করছিস ?

২। আমি কি তোর পছন্দমত শাড়ী কিনতে পারব ?

৩। তুই এত দেরী করলি কেন ?

৪। তোর জন্য শাড়ী কিনব কি ?

৫। আমার পছন্দ কি তোর পছন্দ ?

Vocabulary

নীপা দীপা	Proper noun		
তুই	'you' (int.)	তোর	'your'
তোকে	'you' (obj.)	করলি	'you (int.) did'
এত	'so much'	ফোন করতে	'to phone'
দেরী	'delay'	একবারও	'even once'
কখন	'when'	আমাকে	'me'
চেষ্টা করছি	'I/we, am/are trying'	ভালো লাগছে না	'is not appearing good'
কি জন্য	'for what'	শাড়ী	'saree'
শরীরটা	'the body'	মুসকিল	'difficult'
কিনব	'I/we shall buy	কি করে	'how'
পছন্দ	'choice'	পছন্দ মত	'according to choice'

NOTES

1. This lesson introduces the intimate 2nd personal forms in singular. These forms are used for addressing intimate friends and younger family members. Sometimes these are also used for elder brothers and sisters.

	Singular	Plural	
Nom.	তুই	তোরা	তোদেরকে
Obj	তোকে	তোদের	
Poss.	তোর	তোদের	

2. A few compound verbs are introduced in this lesson.

For example :

ফোন করতে	'to phone'
দেরী করলি	'you delayed'
অপেক্ষা করছি	'I/we, am/are waiting'
চেষ্টা করছি	'I/we, am/are trying'
ভালো লাগছে	'is appearing good'.

Lesson 20

Shopping

নীপা	ঃ ভাই আমাকে কয়েকটা শাড়ী দেখাবেন ?	Brother, will you please show me few sarees ?
দোকানদার	ঃ নিশ্চয় আপনাকে শাড়ী দেখাব।	Certainly, I'll show you sarees.
	এই যে, কতরঙের শাড়ী আছে।	Look, sarees of so many colours are there.
	লাল, কালো, সাদা, হলদে নীল, সবুজ, বেগুনী।	Red, black, white, yellow. blue, green, violet.
	আমি আপনাকে কোন্ শাড়ীটা দেব ?	Which saree shall I give to you ?
নীপা	ঃ আচ্ছা ঐ হলদে শাড়ীটার কত দাম হবে ?	Well, how much will be the price of that yellow coloured saree ?
দোকানদার	ঃ ওটার দাম পড়বে ষাট টাকা।	That will cost sixty rupees.
নীপা	ঃ আমি এই শাড়ী টা নেব।	And I will take this saree.
	আর এই কালো ব্লাউজটার দাম কত ?	And what is the price of this black blouse ?
দোকানদার	ঃ এটার দাম সাড়ে দশটাকা	It costs ten and a half rupee.

নীপা	: দাম কমাবেন না ?	Will you not reduce the price ?
দোকানদার	: না দিদি, এই দামেই বেচব !	No sister, I will sell it at this price only.
নীপা	: না, না, সাড়ে দশটাকা থেকে আড়াই টাকা নিশ্চয় কমাবেন।	No, you will certainly reduce two and a half rupees from ten and half.
দোকানদার	: না দিদি, আট টাকায় আমি কিছুতেই দিতে পারব না।	No sister, I can't give by any means at eight rupees.
নীপা	: তাহলে শাড়ীটার দাম নিশ্চয় কম করবেন।	Then you will certainly reduce price of the saree.
দোকানদার	: আচ্ছা এখন বউনির সময়।	All right, now it is the time of the first sale of the day.
	দেড়টাকা কম করলাম।	I am reducing by one and a half rupees.
নীপা	: মোট কত দাম হল ?	How much is the price in total ?
দোকানদার	: সাড়ে আটান্ন আর সাড়ে দশ টাকা।	Fifty eight and a half plus ten and a half.
	মোট হল উনসত্তর টাকা।	In total it is sixtynine rupees

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। আমাকে কয়েকটা শাড়ী দেখাবেন ?

ওকে ....

তাকে ....

ওনাকে ....

আমাদের ....

২। আপনাকে শাড়ী দেখাব।

.... সিনেমা ....

.... বাজার ....

.... নন্দনকানন ....

৩। আমি আপনাকে কোনো শাড়ী দেব ?

.... তোকে ....

.... তোমাকে ....

.... তোদের ....

.... তোকে ....

আমি আপনাকে কোন বইটা দেব ?

.... কলমটা ....

.... খাতাটা ....

৪। ওটার দাম পড়বে ষাট টাকা।

... . হবে ....

.... লাগবে ....

৫। সাড়ে দশটাকা থেকে আড়াইটাকা নিশ্চয় কমাবেন।

.... আটটাকা ....

.... তিনটাকা ....

.... চারটাকা ....

.... দেড়টাকা ....

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। দেখাবেন

শাড়ী দেখাবেন।

আমাকে কয়েকটা শাড়ী দেখাবেন।

ভাই, আমাকে কয়েকটা শাড়ী দেখাবেন ?

২। আছে

শাড়ী আছে।

কতরঙের শাড়ী আছে।

এই যে কতরঙের শাড়ী আছে।

৩। দেব

শাড়ীটা দেব।

কোন শাড়ীটা দেব ?

আপনাকে কোন শাড়ীটা দেব ?

আমি আপনাকে কোন শাড়ীটা দেব ?

৪। হবে

দাম হবে।

কত দাম হবে ?

শাড়ীটার কত দাম হবে ?

হলদে শাড়ীটার কত দাম হবে ?

ঐ হলদে শাড়ীটার কত দাম হবে ?

৫। ষাট টাকা

দাম পড়বে ষাট টাকা।

ওটার দাম পড়বে ষাট টাকা।

৬। বেচব

এই দামেই বেচব।

না, দিদি এই দামেই বেচব।

৭। কমাবেন

নিশ্চয় কমাবেন।

আড়াইটাকা নিশ্চয় কমাবেন।

দশটাকা থেকে আড়াইটাকা নিশ্চয় কমাবেন।

৮। পারব না

দিতে পারব না।

টাকায় দিতে পারব না।

আট টাকায় দিতে পারব না।

কিছুতেই আট টাকায় দিতে পারব না।

আমি কিছুতেই আট টাকায় দিতে পারব না।

EXERCISES

1. Convert the verbal forms into the future tense.

১। এখন সে বই কিনছে। ২। সে বই আমাকে দিল।

৩। দোকানদার আমাকে শাড়ী দেখাচ্ছে। ৪। দোকানদার দাম কম করল না।

৫। রমেশের বাড়ীতে আপনি চা খেলেন ?

2. Expand the following sentences supplying pronominal forms as direct object.

১। দোকানদার একটা শাড়ী দিল। ২। আমি একটা বই দেব।

৩। রমলা টাকা দিচ্ছে। ৪। মা বই দেখাচ্ছেন।

৫। আমি এই কথা বলব না।

3. Substitute the underlined words by the cues in the given sentences. Modify the cues according to the need.

	Cues
১। আমি তোমাকে বলব না।	সুজিত
২। সে <u>তাকে</u> দেখবে।	আমার বোন
৩। আমরা <u>বই</u> কিনলাম।	পাখা
৪। তারা কয়েকটা <u>গরু</u> কিনবে।	কলম
৫। তোর বন্ধু <u>অমিতাকে</u> সিনেমা দেখাবে।	তুই

4. Response the following questions.

১। এই শাড়ীটার দাম কত ? ২। শাড়ীটার দাম কমাবেন না ?

৩। আপনি কোন শাড়ীটা নেবেন ? ৪। ভাই, আমাকে কয়েকটা বই দেখাবেন ?

৫। দুটো শাড়ীর মোট কত দাম হল ?

Vocabulary

কয়েকটা	'few'	দেখাবেন	'you/he/they will show
নিশ্চয়	'certainly'	আপনাকে	'you (obj.) (honorific)
দেখাব	'I/we shall show'	রঙের	'of colour'
লাল	'red'	কালো	'black'
সাদা	'white'	হলদে	'yellow'
সবুজ	'green'	নীল	'blue'
বেগুনী	'violet'	বউনি	'first sale of the day'
টাকা	'rupee'	দাম	'price'
কোন	'which'	মোট	'total'
সাড়েদশ	'ten and half'	ষাট	'sixty'
দেড়	'one and a half'	আড়াই	'two and a half'
সাড়ে আটান্ন	'fifty eight and a half'	ঊনসত্তর	'sixty nine'
দোকানদার	'shopkeeper'	পড়বে	'it will take/you/he will read/fall'
নেব	'I shall take'	বেচব	'I shall sell'

দেব 'I shall give'

কমাবেন / কম করবেন 'you will lessen'

NOTES

1. This lesson shows the pronominal objective for singular The following list of course gives the plural forms also. আমাদের, তোমাদের, তোদের, আপনাদের, তাদের, এদের।

Objective case with direct and indirect objects—

i) In Objective case nouns (human being only) and pronouns take the suffix -ke in singular and -der/der ke in plural. Examples.

Nouns — ramke, cheletike etc.

Pronouns –	Singular	Plural
	amake	amader/amaderke
	tomake	tomader/tomaderke
	apnake	apnader/apnaderke
	toke	toder/toderke
	take	tader/taderke
	eke	eder/ederke
	oke	oder/oderke

ii) Noun indicating animate non-human being and inanimate things are left uninflected in objective case.

e.g. apni æk ta boi deben ?

se ækta khata nebe.

iii) Sometimes there may be two objects in a sentence. In that case, the indirect object is inflected and the direct object is left uninflected e.g.

> amake (indirect obj.) ækta
> sari (direct obj.) dækhaben ?

2. Numerical expressions — For expressions like three and a half, four and a half and onward, the word 'saṛe' will have to be attached before numerals.

e.g. s a ṛ e tin	'three and a half'
s a ṛ e car	'four and a half'
s a ṛ e pac	'five and a half'

But 'one and a half' and 'two and a half' 'der' and 'aṛai' are used respectively.

3. Note the lesson gives the main colour words.

Lesson 21

Delhi programme

রমেশ ঃ অনিল তুমি কবে দিল্লী যাবে ?	Anil when will you go to Delhi ?
অনিল ঃ আমি সেপ্টেম্বর মাসে দিল্লী যাব।	I shall go to Delhi in the month of September.
একথা কেমন করে জানলেন ?	How did you know this ?
রমেশ ঃ আমি উমার কাছে শুনলাম।	I heard it from Uma.
সুনন্দ এখন কি করবে ?	What Sunanda will do now ?
অনিল ঃ ও বোধহয় এখন পড়বে।	Probably he will read now.
সুনন্দ ঃ না আমি এখন পড়ব না	No I shall not read.
আমি এখন খাব।	I shall eat now.
অনিল ঃ তুই তো একটু আগে খেলি।	You ate just before.
এখন আবার কি খাবি ?	What will you eat again ?
সুনন্দ ঃ একটু আগে আমি ছানা খেলাম।	I ate cheese just a few minutes ago.
এখন আমি পাঁউরুটি আর ডিম খাব।	I shall eat bread and egg now.

রমেশ : তুমি চা খাবে না ?	Don't you take tea ?
সুনন্দ : আমি এখন চা খাব না।	I shall not take tea now.
আপনারা চা খাবেন তো ?	Will you take tea ?
অনিল : রমেনদা চা খাবেন ?	Ramenda, will you take tea ?
আমি খাব না।	I shall not take.
সুনন্দ : আচ্ছা আমি বলছি।	Well, I'll tell.

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। খাব

ডিম খাব।

পাঁউরুটি আর ডিম খাব।

এখন পাঁউরুটি আর ডিম খাব।

আমি এখন পাঁউরুটি আর ডিম খাব।

২। খাবেন

চা খাবেন।

রমেনদা চা খাবেন।

আপনারা এবং রমেনদা চা খাবেন।

এখন আপনারা এবং রমেনদা চা খাবেন।

৩। শুনলাম

উমার কাছে শুনলাম।

একথা উমার কাছে শুনলাম।

আমি একথা উমার কাছে শুনলাম।

৪। খেলি

আগে খেলি।

একটু আগে খেলি।

তুই তো একটু আগে খেলি।

সুনন্দ, তুই তো একটু আগে খেলি।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। সুনন্দ এখন কি করবে ?

ও বোধহয় ....।

২। রমেনদা চা খাবেন ?

না, আমি ....।

৩। তুমি কি সেপ্টেম্বর মাসে দিল্লী যাবে ?

হ্যাঁ, আমি ....।

৪। তুই কি এখন পাঁউরুটি আর ডিম খাবি ?

হ্যাঁ, আমি ....।

৫। সুনীল কি এখন পড়বে ?

না, ও এখন ....।

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। তুমি কবে দিল্লী যাবে ?

.... আসবে ?

.... ছাড়বে ?

.... দেখবে ?

২। আমি এখন পড়ব না।

.... খাব ....

.... খেলব ....

.... লিখব ....

৩। তুই এখন কি করবি?

.... খাবি

.... পড়বি

.... গাইবি

৪। আপনি এখন চা খাবেন?

.... নেবেন?

.... পাবেন?

.... দেবেন?

৫। সুনন্দ এখন কি করবে?

.... গাইবে?

.... লিখবে?

.... নেবে?

Evaluation - cum - Test

1. **Directions** : Combine the following pairs of sentences into one good sentence using an infinitive in each case.

   Write the new sentences on the lines.

   ১। আমি একটা সিনেমা দেখব। তাই কটকে যাচ্ছি।

   ....

২। তোমরা ভাত খাবে ! তাই মেসে যাচ্ছো।

....

৩। ছেলেটা ঘুমোবে। তাই বিছানায় শুল।

....

৪। দোকানদার মাছ বেচবে। তাই বাজারে বসল।

....

৫। আমি একটা শাড়ী কিনব। তাই দোকানে যাব।

....

2. **Directions :** Circle the letter which stands for the underlined part of the sentence.

S — Subject V — Verb

O — Object T — Time expression

১। সে তোমাকে চাইছে। S. O. T. V.

২। <u>তুমি</u> আমার বাড়ী আসবে। S. O. T. V.

৩। <u>কটার সময়</u> যাবে ? S. O. T. V.

৪। সে <u>নটায়</u> বাড়ী যাবে। S. O. T. V.

৫। তুই কি <u>বেড়াচ্ছিস্</u> ? S. O. T. V.

3. **Directions :** Substitute the given items in the old sentence to make a new senteoce. Make all the necessary changes to form a good sentence each time. Begin with the basic sentence.

Basic sentence : সুজয় দোকান থেকে শাড়ী কিনছে।

১। কিনবে : ....

২। তুই : ....

৩। জন্য : ....

৪। এখন : ....

৫। বোন : ....

4. **Directions** : Add the word to the sentence. Write the new sentence on the line.

১। আমরা বাড়ী ফিরব। ছটায় ....

২। ওরা রাত্রে ঘুমোবে। সাড়ে বারোটায় ... .

৩। রমলা বই কিনল। আড়াই টাকায়.... ....

৪। দুপুরে তুই ভাত খাচ্ছিস্ ? দেড়টায় ....

৫। তোর বন্ধু রাতে ফিরবে ? কটায় ....

5. **Directions** : Select the best suitable word and fill up the gaps in the sentences.

১। নীপা, — জন্য একটা শাড়ী আনব	তুই
২। মা, — কি এখনই যাবে ?	তোর
৩। সুজয়, — কাল বইটা দেবে।	তোকে
	তোমাকে
৪। মঞ্জুলা, আমার ছোট বোন। — তার সঙ্গে আমি সিনেমা যাব	তুমি
	তোমার
৫। অজয়বাবু, — কাছে দশটাকা আছে ?	তার
	আপনার

6. **Directions :** Write the number of the **best choice in** each case.

ক) তুমি কখন বাড়ী	১। যাবে
২। যাবি
৩। যাব
৪। যাবেন

খ) তুই কি বই	১। পড়ছ
২। পড়ছেন
৩। পড়ছিস্
৪। পড়ছে

গ) আপনি কি দাম	১। কমাবি
২। কমাবেন
৩। কমাচ্ছিস্
৪। কমালে

ঘ) তোরা কাল বইটা	১। দেখাবেন
২। দেখাচ্ছেন
৩। দেখলি
৪। দেখালেন

ঙ) তোমার নাম আমি	১। বলব না
২। বলবি না
৩। বলবে না
৪। বলবেন না

7. Answer the questions as follows. Give complete sentences.

১। আমাকে শাড়ীটা কত দামে দিতে পারবেন ?

২। আপনার কাছে কত রঙের শাড়ী আছে ?

৩। ওটা কি রঙ ?

৪। আপনার কোন্ রঙ্ পছন্দ ?

৫। ওরা কি নীপার বাড়ীতে ফোন করল ?

(II)

1. Give the opoosite words.

১। সাদা

২। বেচব

৩। নিচ্ছি

৪। সেবার

৫। যাবি

2. Fill up the blanks.

১। চুলের রং —।

২। আমার শাড়ীর রং — ।

৩। ঐ গরুটার রং — ।

৪। ভাতের রং — ।

৫। আমার বন্ধুর কলমের রং — ।

Lesson 22

Puja Holiday

সুমিতা ঃ পূজোর ছুটিতে কোথায় বেড়াতে যাবি ?	Where will you go during the Puja vacation ?
অরুণা ঃ পূজোর ছুটিতে রাজগীরে বেড়াতে যাব।	We shall go to Rajgir during the Puja vacation.
সেখান থেকে আমরা নালন্দা যাব।	From there we shall go to Nalanda.
সুমিতা ঃ পাটনা যাবি না ?	Will you not go to Patna ?
অরুণা ঃ না'রে আমরা এবারে পাটনা যাব না।	No we shall not go to Patna this time.
বাবার বেশী দিন ছুটি নেই।	Father does not have leave for many days.
সুমিতা ঃ তোর বাবা ছুটি নেবেন না ?	Will your father not take leave.
অরুণা ঃ না বাবা ছুটি নেবেন না।	No, father will not take leave
শুধু পূজোর ছুটিতেই আমরা বেড়াব।	We shall travel only during the Puja vacation.
তোরা কি করবি ?	What will you do ?
সুমিতা ঃ আমরা এবারে কোথাও বেড়াতে যাব না।	We shall not go this time anywhere.

	আমরা কলকাতাতেই থাকব।	We shall stay at Calcutta.
	কাকা, কাকিমা আর তাদের ছেলেমেয়েরা ছুটিতে আসবে।	Uncle and aunt will come with their children in the vacation.
	তাই আমরা এবারে কোথাও বেড়াতে যাব না।	For this reason we shall not go anywhere this time.
অরুণা :	আচ্ছা, আমি এখন যাচ্ছি।	All right, I am going now.
সুমিতা :	যাওয়ার আগে আবার একবার আসবি।	Before you start come again

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। পূজোর ছুটিতে কোথায় বেড়াতে যাবি ?
... . পড়তে ... .
.... ঘুরতে ....

২। সেখান থেকে আমরা নালন্দা যাব।
.... দেখব।
.... বেড়াব।

৩। তোর বাবা ছুটি নেবেন না ?
.... পাবেন ....
.... দেবেন ....

৪। পূজোর ছুটিতে কাকিমা আর কাকিমার ছেলেমেয়েরা আসবে।
.... থাকবে।
.... যাবে।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। যাবি

বেড়াতে যাবি ?

কোথায় বেড়াতে যাবি ?

ছুটিতে কোথায় বেড়াতে যাবি ?

পূজোর ছুটিতে কোথায় বেড়াতে যাবি ?

২। যাব

বেড়াতে যাব।

রাজগীরে বেড়াতে যাব।

ছুটিতে রাজগীরে বেড়াতে যাব।

পূজোর ছুটিতে রাজগীরে বেড়াতে যাব।

আমরা পূজোর ছুটিতে রাজগীরে বেড়াতে যাব।

৩। আসবে

ছুটিতে আসবে।

ছেলেমেয়েরা ছুটিতে আসবে।

কাকা, কাকিমা আর তাদের ছেলেমেয়েরা ছুটিতে আসবে।

৪। যাব না

বেড়াতে যাব না।

কোথাও বেড়াতে যাব না।

আমরা এবারে কোথাও বেড়াতে যাব না।

৫। নেবেন না

ছুটি নেবেন না।

বাবা ছুটি নেবেন না।

আমার বাবা ছুটি নেবেন না।

বেড়াবার জন্য আমার বাবা ছুটি নেবেন না।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। পূজোর ছুটিতে কোথাও বেড়াতে যাবি ?

হ্যাঁ ....

২। তোর বাবা ছুটি নেবেন না।

না, আমার ....

৩। তোরা কি কলকাতাতেই থাকবি ?

হ্যাঁ, আমার ....

EXERCISES

1. Fill up the blanks with pronouns.

১। ---- আমার বাড়িতে যাবেন।

২। — ছুটিতে আমাদের স্কুল দেখতে আসবে।

৩। পূজোতে এবারে — কোলকাতার ঠাকুর দেখব।

৪। আমার বন্ধুদের সাথে — আজ দেখা করবেন।

৫। উৎপলদের সাথে আজ বিকেলে — খেলব।

৬। শীতকালে সকালে — ঘুরব না।

৭। — আমার জন্য শাড়ী আনবে।

৮। আগামী রবিবার — নন্দন কাননে বেড়াতে যাবেন।

৯। আমাকে — কোলকাতার যাদুঘর দেখাবে।

১০। — জানুয়ারী মাসে দার্জিলিং বেড়াতে যাব।

2. Convert the tense of verbal forms into future tense.

১। প্রতিমা বিকেলে বাজারে গেল।

২। আমার ভাই পূর্বাঞ্চল ভাষাকেন্দ্রে ওড়িয়া শিখছে।

৩। আমি সকালে মাষ্টারমশায়ের কাছে পড়তে যাই।

৪। সুনীলের ভাই আর বোন আজ সকালে পুরীতে এল।

৫। শাশ্বতী আমাকে সত্যি কথা বলল না।

৬। বইয়ের দোকানে ঘুরে ঘুরে বই দেখছি।

৭। এবছর আমরা নালন্দায় বেড়াতে গেলাম।

৮। রমেশবাবু চন্দ্রমণির দোকানে চা খেলেন।

৯। অরুণাভ আর আমি আজ বিকেলে ঘুরলাম।

১০। আমরা বন্ধুরা প্রিয়াতে সিনেমা দেখতে যাচ্ছে।

3. Substitute the underlined words by given cues and make necessary changes.

১।	কাল সকালে আমি ফুল তুলব।	সে
২।	আমি গেলে আমার ভাইও বেড়াতে যাবে।	সুমিত
৩।	সুহাসবাবু যাবার সময় তোমাকে ডাকবেন।	আমি
৪।	আমি ১২ তারিখে একটা জলসায় গান করতে যাব।	মিতালী
৫।	আপনি আজ দুপুরে আমার বাড়ীতে খাবেন।	তিনি
৬।	মেয়েরা আজ পরীক্ষা দিতে যাবে।	আমি
৭।	তারা বিকেলে সুমনের বাড়ীতে যাবে।	আপনি
৮।	আমি আজ স্কুলে যাব না।	নীতা
৯।	আমরা বন্ধুদের সাথে পিকনিক করতে যাব।	আমি
১০।	তুমি কি আজ বিকেলে আমার বাড়ীতে আসবে?	উনি

4. Change the number—singular to plural viceversa.

১। তারা বিকেলে মাঠে খেলতে যাবে।

২। আমরা আজ কাজ করব না।

৩। ওনারা আজ বক্তৃতা শুনতে যাবেন।

৪। আমি ধৃতির বাড়ীতে বেড়াতে যাব।

৫। এনারা সবাই একটা গান গাইবেন।

৬। সে আজ মাদ্রাজ যাবে।

৭। আমি কুতুবমিনারে উঠব।

Lesson 23

Picnic

আমরা ভাষাকেন্দ্র থেকে সকলে চিল্কাতে যাব।	All of us will go to Chilka from Language Centre.
রবিবার সকালে আমরা বেরোব।	We shall start sunday in the morning.
আমরা প্রথমে নারায়ণীতে পিক্‌নিক্‌ করব।	At first we'll arrange a picnic at Narayani
আমাদের সঙ্গে আমাদের অধ্যাপক অধ্যাপিকারাও যাবেন।	Our professors also will go with us.
কিন্তু আমাদের অধ্যক্ষ মহাশয় যাবেন না।	But our principal will not go.
তিনি ঐ দিন কলকাতা যাবেন।	That day he will go to Calcutta.
কয়েকজন পিয়নও যাবে।	A few peons will also go
সকাল ৬টায় বাস আসবে।	The bus will come at 6 o' clock in the morning.
আমরা প্রথমে বাসে উঠব।	First we will get into the bus.
সঙ্গে মাইক নেব।	We shall take loudspeaker with us.
রাস্তায় মাইক বাজবে।	Loudspeaker (Record) will be playing on the way.
সকাল সাড়ে ছটায় বাস ছাড়বে।	The bus will start at half past six in the morning.

সকাল ৯টায় বাস নারায়ণীতে পৌঁছবে।	The bus will reach Narayani at 9 a.m.
সেখানে রান্না হবে।	Our meal will be cooked there..
কয়েকজন রান্না করবেন।	Some will cook.
কয়েকজন বেড়াবেন।	Some will roam.
কেউ কেউ তাসও খেলবেন।	Some will play card
আবার কেউ কেউ গানও গাইবেন।	Some others will also sing.
বেলা ১টায় আমরা খাব।	We shall take our food at 1 p. m.
তারপর বাস ছাড়বে।	Then the bus will take off.
বেলা ২ টোয় বালুগাঁওতে পৌঁছব।	We will reach at Balugao at 2 p. m.
সেখানে লঞ্চে চড়ব।	There we will board on the launch.
লঞ্চ করে কালিজাই যাব।	We shall go to kalijai by launch.
সেখানে কিছুক্ষণ থাকব।	Thereᵉ we shall stay for some time.
তারপরে আমরা ভুবনেশ্বরে ফিরব।	Then we shall return to Bhubaneswar.

EXERCISES

1. Fill up the blanks with future tense forms.

১। আমাদের স্কুলের কয়েকজন পিয়ন পিকনিকে — ।

২। আমরা চিল্কায় গিয়ে খুব মজা — ।

৩। স্কুলের প্রধান শিক্ষক ও পিকনিকে — ।

৪। চিল্কায় যাবার বাস স্কুল থেকে — ।

৫। — সকাল ৬টায় বাসে উঠব।

৬। — একটা ক্যামেরা নেবেন।

৭। পিয়নরা রান্না — ।

৮। — ফটো তুলব।

৯। — কালিজাইতে সেই রাতে থাকবেন।

১০। আমাদের সঙ্গে পিয়নরা রাত নটায় ভুবনেশ্বরে —

2. Convert the following underlined verbal forms into future tense.

১। আমাদের অধ্যক্ষ মহাশয় পিকনিকে গিয়েছিলেন।

২। সারা রাস্তা মাইক বাজাতে বাজাতে গিয়েছিলাম।

৩। বেলা ২ টোয় সবাই বালুগাঁওতে পৌঁছল।

৪। পিওনরাও আমাদের সঙ্গে যাচ্ছে।

৫। নারায়ণীতে রান্না হচ্ছে।

৬। রাত ৯ টায় ভুবনেশ্বরে ফিরলাম।

3. Substitute the persons of the following sentences by given cues. Make other changes where necessary.

১। আমরা বাবুঘাটে লঞ্চে চড়ব।	তোমরা
২। নারায়ণীতে পৌঁছে অনেকে গান গাইবেন।	আমরা
৩। আমরা লঞ্চে করে কালিজাই যাব।	ছাত্ররা
৪। তোমাদের সঙ্গে আমাদের একজন অধ্যাপকও যাচ্ছেন।	আমি
৫। নারায়ণীতে গিয়ে আমরা সবাই বেড়াব।	ওনারা
৬। অনেকে তাস খেলবে।	আমরা
৭। তোমরা সকাল ছটায় বাসে উঠবে।	তুমি
৮। আপনারা চিল্কায় খুব মজা করবেন।	আমি

4. Transform Singular to Plural and vice versa.

১। আমার <u>মেয়ে</u> সকালে উঠে স্কুলে যাবে।

২। আমাদের <u>অধ্যাপকরা</u> আজ কলেজে আসবেন না।

৩। <u>ছাত্ররা</u> বিকেলে খেলবে।

৪। <u>আমরা</u> বিকেলে ক্যাপিটাল মার্কেটে যাব।

৫। <u>আপনি</u> আজ সন্ধ্যায় আমার বাড়ীতে আসবেন।

৬। <u>আমি</u> ফাংশনে গান গাইব।

৭। <u>আপনারা</u> মিছিলের পুরোভাগে থাকবেন।

5. Choose the word that best fit the sentence in each case.

১।	আমি সকালে পূজোর জন্যে ফুল —।	যাব
২।	তোমরা বিকেলে আমার বাড়ীতে —।	দেখবে
৩।	সুদেষ্ণা আজ বিকেলে সিনেমা —।	আসবে
৪।	আপনি সন্ধ্যেবেলায় লাইব্রেরীতে —।	করবে
৫।	তুমি বিকেলে ষ্টেশনে দেখা —।	তুলব
৬।	আমরা পরশুদিন কোণারকে —।	করবেন
৭।	আপনারা আজ বিকেলের সভায় যোগদান —।	আসবেন

Lesson 24

Visit to a Film show

রঞ্জন	ঃ আমাকে এক প্যাকেট সিগারেট দিন।	Give me a packet of cigerette please.
দোকানদার	ঃ কোন সিগারেট চান ?	Which brand do you want ?
রঞ্জন	ঃ উইলস ফ্লেক দিন।	Give Wills Flake please.
	কত দাম ?	What is the price ?
দোকানদার	ঃ এই নিন্, একটাকা পঞ্চাশ পয়সা দিন্।	Please take Give one rupee and fifty paise.
রঞ্জন	ঃ তোর কাছে খুচরো আছে ?	Do you have change ?
গোলক	ঃ হ্যাঁ আছে।	Yes, I have.
রঞ্জন	ঃ তাহলে তুই দামটা দে।	Then you make the payment.
গোলক	ঃ দিচ্ছি, তুই সিগারেট ধরা।	I am giving you light the cigarette.
	আমি পরে খাব।	I will smoke later on.
রঞ্জন	ঃ না, না, তুইও একটা ধরা।	No, you also light one (cigarette).
গোলক	ঃ রঞ্জন, তুই একটা কাজ কর।	Ranjan, you do one thing.
	তুই সুনীলের বাড়ী যা।	You go to Sunil's house.

রঞ্জন	ঃ বিমল আসুক, ও সুনীলের বাড়ী যাক্।	Let Bimal come. Let him go to Sunil's house.
	ঐ তো বিমল আসছে।	See, Bimal is coming.
গোলক	ঃ বিমল শোনো।	Bimal, please listen.
বিমল	ঃ বলুন গোলকদা, কি করব ?	Tell Golokda, what shall I do
রঞ্জন	ঃ তুমি এক কাজ করো।	You do one thing.
	সুনীলের বাড়ী যাও।	Go to Sunil's house.
বিমল	ঃ সুনীলদাকে কি বলব ?	What shall I tell Sunilda ?
গোলক	ঃ সুনীলকে বলবে আমরা সন্ধ্যেবেলা যাব।	You tell Sunil that we shall go in the evening.
বিমল	ঃ আর কিছু বলব।	Anything ?
রঞ্জন	ঃ ওকে বলবে আমরা সন্ধ্যেবেলা সিনেমা দেখতে যাব।	Tell him that we shall go to movie in the evening.
বিমল	ঃ আচ্ছা আমি যাচ্ছি।	Well, I am going.

EXERCISES

1. Fill up the blanks with present imperative forms.

১। তুমি আজ বিকেলে বাজারে --।

২। আপনি দোকানে চা —।

৩। তুই পেনের দামটা —।

৪। তোরা রাতে রঞ্জনের বাড়ীতে — ।

৫। আপনি আলোটা — ।

৬। আপনারা খবর — — ।

৭। তুমি সিনেমার টিকিট কাটতে — ।

৮। তোমরা দুপুরে খবরের কাগজ — ।

2. Convert the following underlined verbal forms into present imperative.

১। তোমরা ভদ্রলোকটির সঙ্গে গল্প করবে।

২। তুই সকালে চা পাঁউরুটি খাবি।

৩। তোরা খাওয়া শেষ করে ঘুমোলি।

৪। আপনি আমার বাড়ীতে আসবেন।

৫। তুমি স্কুলে গেলে।

৬। আপনারা একটু পরে সিগারেট ধরাবেন।

3. Substitute the persons of the following sentences by given cues. Make other changes where necessary.

	Cues
১। তোমরা চা বিস্কুট খাও।	তুই
২। তুই একটা উইলস্ ফ্লেক কেন্।	আপনি
৩। তুমি একটা গান শোনো।	তুই
৪। আপনি খেলা দেখতে যান।	তুমি
৫। আমাকে ২০০ টাকা ধার দিন।	তুই

৬। আপনারা সকালে একটু বেড়িয়ে আসুন। তোমরা

৭। তোরা খবরের কাগজ পড়। তুমি

4. Choose the word that best fits the sentence in each case.

		Cues
১।	তুমি পূজোর জন্যে ফুল —।	যান্
২।	তোমরা দোকানে শাড়ী —।	কর
৩।	আপনি রাজপথ দিয়ে হেঁটে হেঁটে —।	তোলো
৪।	দোকান থেকে, তুই একটা পুতুল —।	যা
৫।	আপনারা তাড়াতাড়ি বাড়ী ফিরে —।	দেখো
৬।	তোরা মাঠে খেলতে —।	কেন্
৭।	তুই মায়ের সেবা —।	আসুন

Lesson 25

Booking Railway Ticket

মশাই, কলকাতা যাবার দুটো টিকিট দিন।	Sir, please give me two tickets for Calcutta.
এই নিন, দুটো টিকিট।	Take these two tickets.
টিকিটের দাম কত দেব, বলুন।	Please say how muct shall I pay for the ticket.
একটা টিকিটের দাম সতেরো টাকা।	The price of one ticket is seventeen rupees.
দুটো টিকিটের দাম চৌত্রিশ টাকা।	The price of two tickets is thirty four rupees.
এই নিন চল্লিশ টাকা।	Take forty rupees.
মুসকিল করলেন।	You have put me in trouble
আমার কাছে তো ভাঙানি নেই।	I have no change
এক কাজ করুন দয়া করে।	Well, please do one thing.
ঐ দোকানে যান।	Go to that shop.
দশ টাকার ভাঙানি আনুন।	Bring the change for ten rupee note

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। কলকাতা যাবার ছুটো টিকিট দিন।

.... নিন্।

.... আনুন।

.... কিনুন।

... . বেচুন।

... . আসবার .... দিন।

.... দেখবার ....

২। এক কাজ করুন দয়া করে।

.... বলুন ....

.... দিন ....

৩। দশটাকার ভাঙানি আনুন।

.... বই ....

.... মিষ্টি ....

.... শাড়ী ....

.... কলম ....

৪। ক) একটা টিকিটের দাম কত দেব, বলুন।
.... বইয়ের ....
.... শাড়ীর ....
.... পাখার ....
.... নেব ....
.... পাব ....

খ) একটা টিকিটের দাম সতেরো টাকা।
.... এগারো ....
.... বারো ....
.... তেরো ....
.... চোদ্দো ....
.... পনের ....
.... ষোল ....

গ) আমার কাছে তো ভাঙানি নেই।
.... 'বই ....
.... কলম ....
.... খাতা ....

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। কলকাতা যাবার ছুটো টিকিট দেবেন ?
এই নিন ....

২। টিকিটের দাম কত দেব ?
টিকিটের দাম দিন ....

৩। একটা টিকিটের দাম কি সতেরো টাকা ?
হ্যাঁ, ...

৪। দুটো টিকিটের দাম কত ?
দুটো টিকিটের দাম ....

৫। আপনার কাছে ভাঙানি আছে ?
আমার কাছে ....

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। দিন
টিকিট দিন।
দুটো টিকিট দিন।
কলকাতা যাবার দুটো টিকিট দিন।

২। টিকিট
দুটো টিকিট।
এই নিন দুটো টিকিট।

৩। টাকা
চল্লিশ টাকা।
নিন চল্লিশ টাকা।
এই নিন, চল্লিশ টাকা।

৪। কাজ করুন।

কাজ করুন দয়া করে।

এক কাজ করুন দয়া করে।

৫। যান

দোকানে যান।

ঐ দোকানে যান।

৬। বলুন

দেব, বলু ।

দাম কত দেব, বলুন।

একটা টিকিটের দাম কত দেব, বলুন ?

৭। নেই

ভাঙানি নেই।

আমার কাছে তো ভাঙানি নেই।

EXERCISES

1. Fill up the blanks with imperative verbal forms.

১। আমাকে ঐ বইটা —।

২। আপনি এখন বাড়ী —।

৩। এই সিনেমাটা নিশ্চয় —।

৪। আপনার ক্লাসে —।

৫। জানালার কাছে ঐ চেয়ারটা —।

৬। আপনাকে কি বলব, —।

৭। শাড়ি টার দাম কত হবে, —।

৮। সমুদ্রের কাছে ঝিনুক —।

৯। সমুদ্রে — —।

১০। নীপাকে সিনেমা যাবার জন্য — —।

2. Transform the following sentences into imperative sentences.

১। আপনারা কলকাতা যাবার টিকিট কিনবেন।

২। আপনি রাত্রি বারোটায় ঘুমোবেন।

৩। আপনারা এখনই মিষ্টি খেলেন।

৪। আপনারা কাল সিনেমায় গেলেন।

৫। আপনার বোনের জন্য দুটো বই আর তিনটে শাড়ী কিনবেন।

৬। দোকান থেকে দশটাকার ভাঙানি আনবেন।

৭। আপনারা বাজারে মিষ্টি বেচবেন।

3. Substitute the underlined words by the given cues. Make necessary changes of the forms in the cues.

১।	আমি বাড়ি <u>যাবার</u> জন্য আনন্দিত।	আসতে
২।	সে একটা বই <u>কেনার</u> জন্য বাজারে যাচ্ছে।	বেচতে
৩।	মা <u>খাবার</u> জন্য মিষ্টি কিনলেন।	দেবার
৪।	বাবা আমাকে বই <u>কেনবার</u> জন্য বললেন।	আনতে
৫।	ওরা <u>পড়বার</u> জন্য ক্লাস যাচ্ছে।	বসতে

মশাই	'Sir'	যাবার	'of going'
টিকিট	'ticket'	দিন	'(you hon) give'
বলুন	'(you hon) say'	নিন	'(you hon) take'
চৌত্রিশ	'Thirty four'	সতেরো	'seventeen'
ভাঙানি	'change' (of currency)	চল্লিশ	'forty'
		দয়া করে	'please'
কাজ	'work'	আনুন	'(you hon) bring'
যান	'(you hon) go'	করুন	'(you hon) do'

NOTES

1. Present imperative is generally formed with the following personal suffixes.

Second person (fam.) -o	করো
Second person (hon.) -un/-n	করুন / যান
Second person (int.) -zero	কর, যা

Construction like 'let him go', 'let him do' may be expressd by present imperative.

The suffixes are :—

3rd person (ord.) uk/ -k	করুক, যাক
3rd person (hon.) -un/-n	করুন, যান

Lesson 26

Preparation for an outing

সঞ্জয়	ঃ বিশু, এখনো ঘুমোচ্ছো।	Bishu, you are still sleeping.
	ওঠো ওঠো তাড়াতাড়ি তৈরী হও।	Get up, get up, get ready quickly.
বিশু	ঃ কেন, কটা বাজছে ?	Why, what is the time now ?
সঞ্জয়	ঃ এখন সাতটা বাজছে।	Now it is seven o' clock.
	ধবলগিরি যাবার জন্য বাস তৈরী।	The bus is ready to go to Dhabalgiri.
	বাসে বসবার জন্য গেলাম।	I went to occupy my seat in the bus.
	কিন্তু দেখলাম তুমি আসছ না।	But I found that you were not comming.
	তাই তোমাকে ডাকবার জন্য এলাম।	So I came to call you.
বিশু	ঃ মিছে ব্যস্ত হচ্ছো কেন ?	Why are you getting worried in vain ?
	আমার ঠিক খেয়াল আছে।	

সঞ্জয় :	বেশ, এখন ওঠো, মুখ ধোও, চা খাও, জামা কাপড় বদলাও।	Well, get up now, wash your face, take tea and change your dress.
	তুমি যাও, আমি আসছি।	You go, I am coming.
	ও হ্যাঁ, তোমার ক্যামেরা আর ফ্লাস্কটা নাও।	Oh, take your camera and flask.
বিশু :	আচ্ছা নেব, তুমি একটা কাজ করো।	Well, I'll take, you do one thing.
	উপাধ্যায়ের কাছ থেকে ওর ঘড়িটা আনো।	Bring the watch from Upadhyaya.
	আর মিশ্রকে বলো আমাদের জন্য বাসে সীট রাখতে।	And Mishra to seats for us in the bus.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। বিশু এখনো খাচ্ছো।

.... ঘুমোচ্ছো।

.... পড়ছো।

.... যাচ্ছো।

.... দেখছো।

খ) ১। ওঠো, ওঠো, তাড়াতাড়ি তৈরী হও।

নাও, নাও ....

.... করো।

.... চান করো।

.... বসো।

.... ফোন করো।

২। চা খাও

···· আনো

···· দাও

···· করো

···· নাও

৩। জামাকাপড় বদলাও।

··· ···· ···· দাও।

···· ···· ···· নাও।

··· ···· ···· আনো।

···· ···· ···· তৈরী করো।

···· ···· ···· ···· ধোও।

৩। তোমার ক্যামেরা আর ফ্লাস্কটা নাও।

···· ···· ···· ···· ···· আনো।

···· ··· ···· বই আর কলমটা ···· ····

···· ··· ···· ··· ···· ···· ···· দাও।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। বিশু এখনো ঘুমোচ্ছো কেন ?
না, আমি ···· ···· ···· ····

২। এখন কটা বাজছে ?
···· ···· নটা ···· ····

৩। মিশ্রকে কি বলব ?
মিশ্রকে ···· ···· ····

৪। মিছে ব্যস্ত হচ্ছো কেন ?
ধবলগিরি যাবার বাস ···· ····

৫। ধবলগিরি যাবার জন্য কি কি নেব?

ধবলগিরি ....

৬। এখন ঘুম থেকে ওঠবার পর কি করছ?

এখন ঘুম থেকে ওঠবার পর ....

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। হও

তৈরী হও।

তাড়াতাড়ি তৈরী হও।

ওঠো, ওঠো, তাড়াতাড়ি তৈরী হও।

২। জামাকাপড় বদলাও।

চা খাও, জামাকাপড় বদলাও।

মুখ ধোও, চা খাও, জামাকাপড় বদলাও।

ওঠো, মুখ ধোও, চা খাও, জামাকাপড় বদলাও।

এখন ওঠো, মুখ ধোও, চা খাও, জামাকাপড় বদলাও।

বেশ এখন ওঠো. মুখ ধোও, চা খাও, জামাকাপড় বদলাও।

৩। নাও

ফ্লাস্কটা নাও।

ক্যামেরা আর ফ্লাস্কটা নাও।

তোমার ক্যামেরা আর ফ্লাস্কটা নাও।

ও, হ্যাঁ তোমার ক্যামেরা আর ফ্লাস্কটা নাও।

৪। করো

কাজ করো।

একটা কাজ করো।

তুমি একটা কাজ করো।

৫। আনো

ঘড়িটা আনো।

উপাধ্যায়ের কাছ থেকে ঘড়িটা আনো।

৬। বলো

মিশ্রকে বলো।

মিশ্রকে বলো সীট রাখতে

মিশ্রকে বলো বাসে সীট রাখতে।

মিশ্রকে বলো বাসে আমাদের জন্য সীট রাখতে।

EXERCISES

1. Transform the following sentences into imperative sentences.

১। বিশু, তুমি বাজার থেকে আমার জন্য একটা বই আনবে।

২। অনিল, তুমি এখন বাজার যাবে।

৩। মঞ্জু, তুমি পূজোর জন্য ফুল কুড়োবে।

৪। তুমি এখন ঘুমোবে।

৫। তোমরা এ বাজার থেকে এগারোটা শাড়ী কিনবে।

৬। সরলার কাছ থেকে ঘড়িটা নেবে।

৭। আপনি বাসে আমাদের জন্য সতেরোটা সীট রাখবেন।

৮। কাল তুমি আমার বাড়ী আসবে।

2. Substitute the underlined words by the given cues.

	Cues
১। বিশু এখন ঘুমোও।	ঘুমোও
২। এখুনি বাজার যান।	যাও
৩। রমেনবাবু আমাদের দশটাকা দিন।	দাও
৪। তোমার খাতা আর কলমটা নাও।	নিন
৫। আমাদের জন্য বাসে সীট রাখবে।	রাখুন
৬। বাড়ীতে জামাকাপড় রাখুন।	ধোও

3. Fill up the lblanks with 2nd personal (familar) imperative forms.

১। ঠিক সময়ে আমাকে —।

২। আমার কাছে তুমি কি — ?

৩। চেয়ারে —।

৪। টেবিলের ওপরে —।

৫। বেঞ্চির ওপরে —।

৬। রাত্রি বারোটা বাজছে। তাড়াতাড়ি —।

৭। সকাল সাতটা বাজছে, তাড়াতাড়ি ঘুম থেকে —।

৮। তুমি এখন এই ক্লাসে —।

৯। এই বইটা — ।

১০। আমার জন্য ঐ শাড়িটা — ।

Vocabulary

ওঠো	'(you fam.) get up'	তৈরী হও	'(you fam.) get ready'
ধোও	'(you fam.) wash'	খাও	'(you fam.) eat'
বদলাও	'(you fam.) change'	যাও	'(you fam.) go'
নাও	'(you fam.) take'	করো	'(you fam.) do'
আনো	'(you fam.) bring'	বলো	'(you fam.) say'
তাড়াতাড়ি	'quickly'	বাজছে	'is ringing'
ধবলগিরি	'place name'	ডাকবার	'for calling'
মিছে	'in vain'	ব্যস্ত	'worried'
খেয়াল	'mood'	জামাকাপড়	'dress'
কাছ থেকে	'from'	ঘড়ি	'watch'
সীট	'seat'		

NOTES

1. This lesson introduces the second personal (familiar) imperative forms.

কাছ থেকে 'from' — this word is used only in case of human beings.

Lesson 27

Wishes and commands

অজয়, মধুকে ডাক্।	Ajoy, call Madhu.
এক পেয়ালা কড়া চা দিতে বল্।	Tell him to give one cup of strong tea.
না, না মধু বরং বাজারে যাক।	No, no, let Madhu go to the Market.
বেসন আর পেঁয়াজ আনুক।	Let him bring powdered pulse and onion.
বেশ, তবে তুই চা কর্।	Well, then you prepare tea.
আরে সোমেন, আয় আয়, বোস্।	Hallo Somen, come, take your seat.
ভালোই হল।	It is good.
সোমেন ওর নতুন স্বরচিত কবিতা পড়ুক।	Let Somen read his new self-composed poems.
বাঃ, বাঃ, চা, তেলেভাজা আর সোমেনের কবিতা।	Bravo, here are tea, oil cakes and Somen's poem.
বৃষ্টির দিনের এই জমাটিআসর বার বার ফিরে আসুক।	Let this interesting and delightful gathering of the rainy day come back again and again.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। অজয়, মধুকে ডাক্

.... বল্।

.... দে।

২। আরে সোমেন আয় আয় বোস্।

.... খা।

.... পড়্।

.... ছাখ্।

৩। এক পেয়ালা কড়া চা দিতে বল্।

.... ডাক।

খ) ১। চা কর্।

.... আন।

.... দে।

.... নে।

.... খা।

.... রাখ্।

২। মধু বরং বাজারে যাক।

... . ঘরে থাকুক্।

.... বসুক্।

.... পড়ুক।

.... খাক্।

.... আসুক্

৩। বেসন আর পেঁয়াজ আনুক।

.... কিনুক।

.... দিক।

.... নিক্!

.... রাখুক্।

.... থাকুক্।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। মধুকে কি দিতে বলব ?

....।

২। মধু বাজার থেকে কি আনবে, বল্‌।

মধু বাজার থেকে ....।

৩। সোমেনকে থাকতে বলব কেন ?

সোমেন আজ .... ?

৪। মধু বাজার গেল। কে চা করবে ?

তবে তুই ....।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। ডাক্‌

মধুকে ডাক্‌।

অজয়, মধুকে ডাক্‌।

২। বল্‌

দিতে বল্‌।

কড়া চা দিতে বল।

এক পেয়ালা কড়া চা দিতে বল।

৩। কর্

চা কর্।

তুই চা কর্।

তবে তুই চা কর্।

বেশ, তবে তুই চা কর্।

৪। যাক

বাজারে যাক।

মধু বরং বাজারে যাক।

৫। পড়ুক

কবিতা পড়ুক।

স্বরচিত কবিতা পড়ুক।

নতুন স্বরচিত কবিতা পড়ুক্।

ওর নতুন স্বরচিত কবিতা পড়ুক।

সোমেন ওর নতুন স্বরচিত কবিতা পড়ুক।

৬। আসুক

ফিরে আসুক।

বার বার ফিরে আসুক।

আসর বার বার ফিরে আসুক।

জমাটি আসর বার বার ফিরে আসুক।

এই জমাটি আসর বার বার ফিরে আসুক।

বৃষ্টির এই জমাটি আসর বার বার ফিরে আসুক।

বৃষ্টির দিনের এই জমাটি আসর বার বার ফিরে আসুক।

EXERCISES

1. Convert the sentences into imperative sentences.

১। সে শাড়ী কিনতে দোকানে যাবে।

২। মধু, এই চেয়ারে বসবি।

৩। রমেন, এখনই এককাপ চা করবি।

৪। রমলা পূজোর ফুল কুড়োবে।

৫। তারা এই হোষ্টেলে থাকবে।

৬। আমাদের বন্ধুরা বাংলা শিখবে।

৭। তুই এই বাংলা বইটা পড়বি।

৮। আমাদের জন্য ওরা বাজারের কাছে দাঁড়াবে।

৯। মনীশ কয়েকটা চেয়ার আনবে।

১০। বাংলা বিভাগের ছাত্ররা পুরী দেখবে

2. Fill up the gaps with imperative forms.

১। সে বাড়ীতে —।

২। তোমার ভাই সমুদ্রে —।

৩। তুই এই বইটা রমেনকে —।

৪। হাতের কাছে কলমটা —।

৫। ওরা আমাকে দশটা বই —।

3. Expand the following sentences.

১। আমাকে চা দিতে বল্।

২। এই আসর আবার হোক্।

৩। আপনার বন্ধু পড়ুক।

৪। তারা কবিতা পড়ুক।

৫। তোর বন্ধুকে ফোন করতে বল্।

Vocabulary

ডাক্	'(you int.) call'	কড়া	'strong'
বল্	'(you int.) say'	চা	'tea'
কর্	'(you int.) do'	বরং	'rather'
আয়	'(you int.) come	বেসন	'powdered pulse'
বোস	'(you int.) sit'	পেঁয়াজ	'onion'
যাক্	'let him go'	তবে	'then'
আনুক	'let him bring'	স্বরচিত	'self-composed'
পড়ুক্	'let him read'	কবিতা	'poem'
পেয়ালা	'cup'	তেলেভাজা	'oil-cakes'
আসর	'gathering'	বৃষ্টির	'of rain'
জমাটি	'interesting and delightful'	দিনের	'of day'
ফিরে আসুক	'let it come back'	বৃষ্টির দিন	'rainy day'
	বার বার	'again and again'	

NOTES

1. বাঃ বাঃ — An interjection denoting an exclamation in praise, wonder, taunt etc.

2. In this lesson the second personal (intimate) and third personal forms in imperative have been introduced. Note when the imperative forms in third person are used the subject is present in the sentences, e.g. :

সোমেন ওর কবিতা পড়ুক।
মধু বাজার যাক।
বাজার যান্, বাজারে যাও,
বাজার যা।

Evaluation - cum - Test

1. **Direction :** Choose the word that best fit the following imperative sentences.

১। মা, আমাকে খেতে —।	বসুন
২। রাম, এই বইটা —।	বেচো
৩। তোমার কলমটা আমাকে —।	দাও
৪। অনিলবাবু, এই ঘরে —।	পড়ো
৫। ষ্টেশনের কাছে আমার জন্য —।	দাঁড়া
	নে
	বেড়াও

2. **Direction :** Please do what the teacher asks you to do. (The teacher makes requests or gives direction to pupils and waits in turn for the appropriate action to be demonstrated.)

১। আমাকে বইটা দিন।

২। বোর্ডের কাছে আসুন।

৩। আপনার কলমটা ওনাকে দিন।

৪। আপনার খাতাটা আপনার বন্ধুকে দেখান।

৫। দরজার কাছে যান।

৬। এই চেয়ার থেকে ঐ চেয়ারে বসুন।

৭। আমার কাছ থেকে ঘড়িটা নিন।

৮। দাঁড়ান।

৯। টেবিলের ওপর আপনার ঘড়িটা রাখুন।

১০। বইটা পড়ুন।

3. **Direction :** Combine the following pairs of sentences into one sentence. Use verbal noun with -ba suffix in each case.

১। তোমাকে বাড়ী যেতে ডাকব। তাই এখানে এলাম।
....

২। আমি এখনই এই বইটা পড়ব। তাই চেয়ারে বসছি।
....

৩। এখন মধু বাজার যাবে, তাই মধুকে ডাকছি।
....

৪। সুমনার জন্মদিনে আমি শাড়ী দেব। তাই দোকানে যাচ্ছি।
....

৫। সোমেন আজ আসরে কবিতা পড়বে। তাই ওকে ডাকো।
....

৬। আজ খুব বৃষ্টি হচ্ছে। তাই তোমার বাড়ীতে যেতে পারছি না।
....

4. **Direction :** Listen to the paragraph carefully. The teacher will read it only once. Then answer the questions.

এখন বৃষ্টি হচ্ছে। রাম বাইরে যাবে না। ওকে এক পেয়ালা চা দিতে বলো। শুনলাম ও তেলুগু শিখছে। ওকে একটা তেলুগু বই দাও। ও পড়ুক। ও কি গানও শিখছে? তবে ওকে একটা বৃষ্টির গান গাইতে বলো।

১। বৃষ্টিতে রাম কি বাইরে যাবে?

....

২। ওকে কি চা দেবো না?

....

৩। রাম তেলুগু শিখছে, না বাংলা শিখছে?

....

৪। রাম কি গান শিখছে?

....

৫। রাম কি গান গাইবে?

....

Lesson 28

A Sunday routine

কাল রবিবার।	Tomorrow is Sunday.
কোথাও বেড়াতে যাবে ?	Will you go somewhere for an outing ?
না ভাই, রবিবারে আমার অনেক কাজ আছে।	No brother, I have lots of works on Sunday.
ভোর পাঁচটায় উঠি।	I get up at 5 o'clock in the morning.
মুখ ধুই।	I wash my face.
চা খাই।	I take tea.
দুধ আনতে যাই।	I go to bring milk.
কেন, গোয়ালার কাছ থেকে দুধ পাও না ?	Why don't you get milk from the milkman ?
সেই দুধটা ভাল না।	The quality is not good.
তাই গাঁয়ের ভেতরে যাই।	That is why I go to the interior of the village.
সেখানে ভালো দুধ পাই।	There I get good milk.
তারপর তুমি কি করো ?	Then what do you do ?

তারপর কিছুক্ষণ খবরের কাগজ পড়ি।	Then I read the newspaper for sometime.
চান করো কটায় ?	When do you take bath ?
আমি দশটায় চান করি।	I take bath at 10 o'clock.
আগে ময়লা কাপড়গুলো কাচি।	First I wash the dirty clothes.
তারপর আমি চান করি।	Then I take bath.
তুমি কি মেসে খাও ?	Do you take meals in mess ?
হ্যাঁ, আমি মেসে খাই।	Yes, I take meals in mess.
দুপুরে বোধহয় ঘুমোও।	At noon, perhaps you sleep.
না, না, দুপুরে সারা সপ্তাহের পাঠগুলো অভ্যাস করি।	No, no, I practice all the lessons of whole of the week at noon.
তুমি বিকেলে কি করো ?	What do you do in the afternoon ?
বিকেলে আমি এক বাঙালী বন্ধুর বাড়ী যাই।	I go to the house of a Bengalee friend of mine in the afternoon.
সেখানে কি গল্প করতে যাও ?	Do you go there for a gossip ?

হ্যাঁ, বন্ধুর সঙ্গে ও বন্ধুর স্ত্রীর সঙ্গে বাংলায় কথাবার্ত্তা বলি।	Yes, I talk to (my) friend and his wife in Bengali.
বাংলা গান শুনি।	I hear Bengali songs.
কটায় হোষ্টেলে ফেরো ?	When do you return ?
আমি রাত নটায় হোষ্টেলে ফিরি ?	I return at 9 o'clock.
তারপর খেতে বসি।	Then I sit to eat.
কটায় শোও ?	When do you lie down ?
রাত এগারোটায় শুই।	I lie down at 11 o'clock.
সাধারণতঃ এই আমার রবিবারের রুটিন।	Generally this is my Sunday routine.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। ভোর পাঁচটায় উঠি।
.... খাই।
.... যাই।
.... ঘুমোই।
.... চান করি।

২। মুখ ধুই।
.... রাখি।

৩। চা খাই।
.... আনি।
.... নিই।
.... দিই।

৪। দুধ আনতে যাই।
.... চাই।
.... আসি।
.... বলি।
.... দেখি।

৫। তাই গাঁয়ের ভেতরে যাই।
.... আসি।
.... বেড়াই।
.... দেখি।
.... চলি।
.... বাইরে .... !
.... থাকি।
.... আছি।
.... বসি।

৬। সেখানে ভালো দুধ পাই।
.... চাই।
.... কিনি।
.... নিই।

৭। তারপর কিছুক্ষণ খবরের কাগজ পড়ি।
.... দেখি।

৮। আগে ময়লা জামাকাপড়গুলো কাচি।
পরে ....
.... ধুই।
.... আনি।
.... নিই।

৯। দুপুরে সারা সপ্তাহের পাঠগুলো অভ্যাস করি।
.... পড়ি।
.... শিখি।

১০। বন্ধুর সঙ্গে ও বন্ধুর স্ত্রীর সঙ্গে বাংলায় কথাবার্ত্তা বলি।
.... গান শুনি।

১১। বাংলাগান শুনি।
... . গাই।

১২। রাত নটায় হোষ্টেলে ফিরি।
.... যাই।
.... থাকি।
.... ঘুমোই।

১৩। তারপর খেতে বসি।
.... চাই।
.... দিই।
.... নিই।

খ) ১। কেন গোয়ালার কাছ থেকে ভালো দুধ পাও না?
.... চাও না?
.... নাও না?
.... খাও না?

গ) ১। তারপর তুমি কি করো?
.... পড়ো?
.... শোনো?
.... দেখো?
.... খাও?

২। তুমি কি মেসে খাও ?
.... যাও ?
.... ঘুমোও ?

৩। দুপুরে বোধ হয় ঘুমোও ?
.... বেড়াও ?
.... খাও ?
.... পড়ো ?
.... শোও ?

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

(a) Negative Transformation

১। ভোর পাঁচটায় উঠি — ভোর পাঁচটায় উঠি না।
২। মুখ ধুই। — ....
৩। চা খাই। — ....
৪। দুধ আনতে যাই। — ....
৫। তাই গাঁয়ের ভেতরে যাই। — ....
৬। তারপর কিছুক্ষণ খবরের কাগজ পড়ি। — ....
৭। আমি দশটায় চান করি। — ....
৮। আগে ময়লা কাপড়গুলো কাচি। — ....
৯। দুপুরে সারা সপ্তাহের পাঠগুলো অভ্যাস করি। — ....

১০। বাংলায় কথাবার্ত্তা বলি। — ....

১১। বাংলা গান শুনি। — ... .

১২। আমি রাত নটায় হোষ্টেলে ফিরি। — ... .

১৩। তারপর খেতে বসি। — ....

১৪। রাত এগারোটায় শুই। — ....

১৫। তুপুরে বোধ হয় ঘুমোও। — ....

(b) Interrogative Transformation :

১। ভোর পাঁচটায় উঠি। — কখন উঠি ?

২। মুখ ধুই। — কি ধুই ?

৩। হ্যাঁ, চা খাই — চা কি খাই ?

৪। বাংলাগান শুনি। — ....

৫। রাত এগারোটায় শুই। — ....

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। ধুই

মুখ ধুই।

২। উঠি

পাঁচটায় উঠি।

ভোর পাঁচটায় উঠি।

৩। আনতে যাই।

তুধ আনতে যাই।

৪। পড়ি

কাগজ পড়ি।

খবরের কাগজ পড়ি।

কিছুক্ষণ খবরের কাগজ পড়ি।

তারপর কিছুক্ষণ খবরের কাগজ পড়ি।

৫। বলি

কথাবার্তা বলি।

বন্ধুর স্ত্রীর সঙ্গে কথাবার্তা বলি।

বাংলায় বন্ধুর স্ত্রীর সঙ্গে কথাবার্তা বলি।

৬। পাও না?

দুধ পাও না?

ভালো দুধ পাও না?

কাছ থেকে ভালো দুধ পাও না?

গোয়ালার কাছ থেকে ভালো দুধ পাও না?

কেন, গোয়ালার কাছ থেকে ভালো দুধ পাও না?

EXERCISES

1. Convert the following verbal forms into the present indefinite forms.

১। আমরা ছবি দেখছি।

২। তোমরা সকালে কখন ঘুম থেকে উঠবে?

৩। আমি বাজারে যাচ্ছি।

৪। তুমি কি রোজ মুখ ধোবে?

৫। আমি রোজ দুধ পাচ্ছি।

৬। আমরা রান্না করলাম।

৭। পরীক্ষায় আমরা একটা বাংলা বই পড়লাম।

৮। তুমি এখন কাপড় কাচছো।

৯। তোমরা কখন চা খাবে ?

১০। তোমরা এখনো ঘুমোচ্ছো ?

১১। আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বললাম।

১২। আমরা রেডিও থেকে রবীন্দ্রসংগীত শুনলাম।

১৩। তোমরা রাত্রি নটায় হোষ্টেলে ফিরবে।

১৪। তুমি এই চেয়ারে বসলে না কেন ?

১৫। আমি এখন শোব না।

2. Fill up the gaps with the words like 'jete' 'korte' etc. (one word for one gap).

১। আমি রোজ দুধ — যাই।

২। তোমরা রবিবারে নন্দনকাননে — যাও।

৩। আমি ভোরবেলা ঘুম থেকে — পারি না।

৪। ওকে মুখ — বলো।

৫। এখন আমি ময়লা জামা — যাচ্ছি।

b) Fill up the gaps with the present indefiinite forms.

১। আমি রোজ সকালে ঘুম থেকে —।

২। তোমরা আমাকে দুধ —।

৩। আমরা রাত্রি এগারোটায় বিছানায় —।

৪। তোমরা সকালে মুখ —।

৫। আমি তোমার জামাকাপড় —।

3. Form sentences using the following verbal forms.

থাকি	হই	কিনি	কুড়োও	শিখি	আসি
থাকো	হও	কেনো	কুড়োই	শেখো	এসো

4. Transform the following sentences into negative.

১। আমি রোজ চা খাই।
২। তুমি কি রোজ মুখ ধোও ?
৩। তোমরা এখন শোও।
৪। আমরা দশটায় হোষ্টেলে ফিরি।
৫। আমি রোজ গান শুনি।

5. Respond to the following questions.

১। আপনি রবিবারে কি করেন ?
২। আপনি রোজ সকালে কি করেন ?
৩। আপনি কি গোয়ালার কাছথেকে দুধ নেন ?
৪। আপনি কি আপনার জামাকাপড় ধোপাকে দেন ?
৫। আপনার বাঙালী বন্ধু আছেন ?
৬। তাঁর সঙ্গে আপনি কি দেখা করেন ?
৭। আপনার রাত্রের রুটিন কি ?

Vocabulary

কাজ	'work'	দুধ	'milk'
গোয়ালা	'milkman'	গোয়ালার	'of a milkman'

গাঁ	'village'	গাঁয়ের	'of a village'
খবরের কাগজ	'news paper'	কাপড়	'cloth'
সপ্তাহ	'week'	পাঠগুলো	'lessons'
স্ত্রী	'wife'	কথাবার্তা	'conversation'
গান	'song'	রুটিন	'routine'
ময়লা	'dirty'	সারা	'whole'
বাঙালী	'Bengalee'	আনতে	'to bring'
বেড়াতে	'to walk'	আগে	'before'
কোথাও	'any where/ somewhere'	কিছুক্ষণ	'sometime'
পরে	'after'	বোধহয়	'perhaps'
উঠি	'I/we get up'	চান করি	'I/we take bath'
ধুই	'I/we wash'	কাচি	'I/we wash/clean'
খাই	'I/we eat'	ঘুমোও	'you (fam.) sleep'
যাই	'I/we go'	অভ্যাস করি	'I/we practise'
খাও	'you (fam.) eat'	বলি	'I/we say/tell'
যাও	'you (fam.) go'	শুনি	'I/we hear'
পাও না	'you (fam.) don't get'	ফেরো	'you (fam.) return'
করো	'you (fam.) do'	বসি	'I/we sit'
পড়ি	'I/we read'	শোও	'you (fam.) lie down'
চান করো	'you (fam.) take bath'	শুই	'I/we lie down'

NOTES

Present tense Formation : The present tense suffixes are as follows :-

1st Person —		i
2nd Person (honorific)		-en/n
-do-	(familiar)	-o
-do-	(intimate)	-is
3rd Person (ordinary)		-e
-do-	(honorific)	-en/n

The Bengali verb has two alternative stems. So far we have seen one stem form of the verb in the Present Continuous tense and the Past Indefinite tense.

However both the stems are used to form the Present indefinite tense.

Examples :

Stems

ফের্ : ফির্	আমি ফিরি	(phiri)
'return'	আপনি ফেরেন	(pheren)
	তুমি ফেরো	(phero)
	সে ফেরে	(phere)
	তুই ফিরিস্	(phiris)
	তিনি ফেরেন	(pheren)
খ্যাল : খেল	খেলি	(kheli)
'play'	খেলেন	(khælen)

	খেলো	(khælo)
	খেলে	(khæle)
	খেলিস্	(khelis)
	খেলেন	(khælen)
কর : কোর	করি	(kori)
'do'	করেন	(kɔren)
	করো	(kɔro)
	করে	(kɔre)
	করিস্	(koris)
	করেন	(kɔren)
ভোল : ভুল	ভুলি	(bhuli)
'forget'	ভোলেন	(bholen)
	ভোলো	(bholo)
	ভোলে	(bhole)
	ভুলিস্	(bhulis)

Exception : (1) In Case of some verbs only one stem is used to form the Present Indefinite tense.

Examples :

খা, কাট

খা : খে	আমি খাই	(khai)
'eat'	আপনি খান	(khan)
	তুমি খাও	(khao)
	তুই খাস্	(khas)
	সে খায়	(khay)
	তিনি খান	(khan)

কাট্	কাটি	(kaṭi)
'cut'	কাটেন	(kaṭen)
	কাটো	(kaṭo)
	কাটিস্	(kaṭis)
	কাটে	(kaṭe)
	কাটেন	(kaṭen)

(2) In Case of 'de', 'give' and 'ne', 'take' three alternative stems are used in the Present Indefinite **tense.**

Example	আমি দিই	(dii)
	আপনি দেন	(dæn)
	তুমি দাও	(dao)
	তুই দিস	(dis)
	সে দেয়	(dæy)
	তিনি দেন	(dæn)

Evaluation - cum - Test

1. **Direction :** Transform the following sentences into negative statements.

১। তুমি রোজ সকালে ওঠো।

২। আমি রোজ দুধ খাই।

৩। আমরা বাজার যাই।

৪। তোমরা বাংলা গান শোনো।

৫। আমি রাত্রি দশটায় হোষ্টেলে ফিরি।

৬। তুমি প্রতিদিন সন্ধ্যায় ওদের বাড়ী যাও।

৭। সকালে আমি অনেকক্ষণ বাংলা বই পড়ি।

2. **Direction** : Express the following sentences in the present tense.

১। আমি সকালে কফি খেলাম।
২। তুমি সন্ধ্যা ছটায় দুধ খাচ্ছো।
৩। আমরা এসময় বাড়ী গেলাম।
৪। তোমরা কখন সিনেমায় যাচ্ছো ?
৫। তোমরা কি ভালো দুধ পাচ্ছো ?
৬। আমি ভোর ছটায় জাগলাম।
৭। তোমরা বাংলা গান শুনলে।

3. **Direction** : Substitute the underlined words by the given cues.

	Cues
১। <u>তুমি</u> কি বাংলায় কথা বলো ?	আমি
২। <u>আমরা</u> ফুল কিনি।	তোমরা
৩। <u>আমি</u> বাজার থেকে মাছ আনি।	আমরা
৪। <u>আমি</u> রোজ সিনেমা দেখি।	তুমি
৫। তুমি কি রাতে ঘু<u>মোও</u> না ?	ঘুমোই

Lesson 29

Finding a doctor

এদিকে কোথাও কোন ডাক্তার থাকেন কি ?	Does any Doctor reside here Somewhere ?
হ্যাঁ, ডাক্তার বসু থাকেন এদিকে।	Yes, Dr. Basu resides this side.
ওনার বাড়ীটা কোথায় বলতে পারেন ?	Can you tell where is his house ?
নিশ্চয়, প্রথমে সোজা যান।	Surely, first you go straight.
তারপর বাঁদিকে বেঁকবেন।	Then you turn leftside.
তারপর প্রথম গলিটা ছাড়বেন।	Then leave the first lane.
দ্বিতীয় গলিটায় ঢুকবেন।	Enter the second lane.
ঐ দ্বিতীয় গলিটার ডানদিকের তৃতীয় বাড়ীটা।	The third house on the right side of the second lane.
ডাক্তারবাবু এই সময়ে বাড়ী থাকেন কিনা জানেন কি ?	Do you know whether the doctor remains in the house at this time or not ?

হ্যাঁ, উনি সকাল ৮টা থেকে ১০টা পর্যন্ত রোগী দেখেন। — Yes, he visits the patients from 8 o'clock to 10 o'clock.

আচ্ছা ভাই, অনেক ধন্যবাদ। — Well brother, many thanks.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। এদিকে কোথাও কোনো ডাক্তার থাকেন কি ?
.... আছেন কি ?
.... বসেন ... .
.... আসেন ....

খ) ১। প্রথমে সোজা যান্।
.... দেখুন্।
.... আসুন্।

২। তারপর বাঁদিকে বেঁকবেন।
.... ডানদিকে ....
.... যাবেন।
.... আসবেন।

গ) ১। ডাক্তারবাবু এই সময়ে বাড়ী থাকেন কি ?
.... যান ....
.... আসেন ....
.... ঢোকেন ....

ঘ) ১। দ্বিতীয় গলিটায় ঢুকবেন।

তৃতীয় ....

প্রথম ....

চতুর্থ ....

পঞ্চম ... .

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Question transformation.

ক) ১। হ্যাঁ, ডাঃ বসু এদিকে থাকেন —ডাঃ বসু এদিকে থাকেন কি ?

২। হ্যাঁ, ওনার বাড়ীটা কোথায় বলতে পারি। — ....

৩। প্রথমে সোজা যান। — ....

৪। তারপর বাঁদিকে বেঁকবেন। — ....

৫। তারপর প্রথম গলিটা ছাড়বেন। — ....

৬। দ্বিতীয় গলিটায় ঢুকবেন। — ....

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। ডাঃ বসুর বাড়ীটা কোন্‌দিকে ?

ডাঃ বসুর বাড়ীটা ....

২। ডাঃ বসু এই সময়ে বাড়ী থাকেন কিনা আপনি জানেন কি ?

হ্যাঁ, ডাঃ বসু ....

৩। ডাঃ বসু কখন রোগী দেখেন ?

ডাঃ বসু সকাল ....

৪। ডাঃ বসুর বাড়ী কোন্‌টা ?

ডাঃ বসুর বাড়ী দ্বিতীয় গলিটার ....

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। থাকেন কি ?

ডাক্তার থাকেন কি ?

কোনো ডাক্তার থাকেন কি ?

কোথাও কোনো ডাক্তার থাকেন কি ?

এদিকে কোথাও কোনো ডাক্তার থাকেন কি ?

২। পারেন ?

বলতে পারেন ?

বাড়ীটা কোথায় বলতে পারেন ?

ওনার বাড়ীটা কোথায় বলতে পারেন ?

৩। জানেন কি ?

আপনি জানেন কি ?

ডাক্তারবাবু থাকেন কিনা আপনি জানেন কি ?

ডাক্তারবাবু বাড়ী থাকেন কিনা আপনি জানেন কি ?

ডাক্তারবাবু এই সময়ে বাড়ী থাকেন কিনা আপনি জানেন কি ?

৩। এদিকে

থাকেন এদিকে।

ডাঃ বসু থাকেন এদিকে।

হ্যাঁ, ডাঃ বসু থাকেন এদিকে।

EXERCISES

1. Make sentences with the following pairs of words.

কোথায় :	কোথাও	কিনা :	কি
কোনো :	কোন্	থাকে :	থাকেন

2. Fill up the blanks.

a) ১। ডাক্তারবাবু ৭টা — ১০টা — রোগী দেখেন।

২। আমি সকাল ৭টায় ঘুম — উঠি।

৩। আপনার — আমার পরিচয় নেই।

b) ১। আপনি কোথায় — ?

২। রমেনবাবু রোজ এই চেয়ারে — ।

৩। রাজেনবাবু ৭টায় ঘুম থেকে — ।

৪। রামের বাবা রোজ বিকেলে সিনেমা — ।

৫। আপনি কি — ?

৬। রোজ বিকেলে অনিলবাবু কোথায় — ?

3. Expand the following sentences :

১। কোনো ডাক্তার থাকেন কি ?

২। তৃতীয় বাড়ীটায় ঢুকুন।

৩। উনি সকালে রোগী দেখেন।

৪। উনি বাড়ীতে থাকেন কি ?

4. Substitute the underlined words by the given cues.

	Cues
১। আমি রোজ পড়ি।	পড়েন
২। উনি সকালে দুধ খান।	আপনি
৩। তুমি কি একথা জানো ?	জানেন
৪। আমি বাড়ী ঢুকি।	ঢোকেন
৫। তুমি কখন বাড়ী থাকো ?	থাকেন

5. Answer the following questions.

১। আপনি বাজারে যাবার পর কি করেন ?

২। আপনার বন্ধু রোজ সকালে কি করেন ?

৩। আপনাদের বড় উৎসব কি ? উৎসবের দিনে আপনারা কি করেন ?

Vocabulary

ডাক্তার	'doctor'	থাকেন	'you/he stay (s) (hon.)
গলি	'a lane'	পারেন	'you/he can (hon.)

রোগী	'a patient'	যান	'(you/he) go(es) (hon)'
ধন্যবাদ	'thanks'	বেঁকবেন	'(you/he) will turn(s) (hon)'
দিক	'side'	ছাড়বেন	'(you/he) leave(s) (hon)'
পর্যন্ত	'upto'	ঢুকবেন	'(you/he) will enter(s) (hon)'
বাঁ	'left'	জানেন	'(you/he) know(s) (hon)'
ডান	'right'	দেখেন	'(you/he) see(s) (hon)'
প্রথমে	'at first'	প্রথম	'first'
সোজা	'straight'	দ্বিতীয়	'second'
কিনা	'whether or not'	তৃতীয়	'third'
কোথাও	'anywhere'	চতুর্থ	'fourth'
নিশ্চয়	'surely'	পঞ্চম	'fifth'
ষষ্ঠ	'sixth'	সপ্তম	'seventh'
অষ্টম	'eighth'	নবম	'ninth'
দশম	'tenth'		

NOTES

1. Present tense –en is used in 2nd person and 3rd person honorific forms e.g. আপনি করেন, তিনি করেন।

2. The ordinal numbers upto ten are given in the vocabulary section.

Lesson 30

Teaching Bengali at school

শিবান্নাবাবু মহীশূরে থাকেন।	Shibannababu is staying at Mysore.
উনি ভাষাকেন্দ্রে বাংলা শিখলেন।	He learnt Bengali at the language center.
ওনার স্কুলের ছাত্ররা ওনার কাছে বাংলা শেখে।	The pupil of his school learn Bengali from him.
ছাত্ররা বাংলা লেখে, বাংলা পড়ে।	The students write Bengali, read Bengali.
মাঝে মাঝে শিবান্নাবাবু ভাষাকেন্দ্রে বাংলায় চিঠি লেখেন।	Shibannababu often writes letter in Bengali at the language center.
শিবান্নাবাবু স্কুলে ঠিক সময়ে আসেন।	Shibannababu comes to the school right in time.
উনি স্কুলে ঠিক মত কাজ করেন।	He discharges his duties rightly.
উনি কাজে অবহেলা করেন না।	He does not neglect his work.
সকলের সঙ্গে ভালো ব্যবহার করেন।	He behaves well with everyone.
উনি এ বছর শ্রেষ্ঠ শিক্ষকের পুরস্কার পেলেন।	He won the award for the best teacher this year.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। শিবান্নাবাবু মহীশূরে থাকেন।

.... পড়েন।

.... ঘোরেন।

২। উনি ভাষাকেন্দ্রে বাংলা শিখলেন।

.... বললেন।

.... লিখলেন।

.... পড়লেন।

৩। ওনার স্কুলের ছাত্ররা ওনার কাছে বাংলা শেখে।

.... লেখে।

.... পড়ে।

.... বোঝে।

৪। উনি এ বছর শ্রেষ্ঠ শিক্ষকের পুরস্কার পেলেন।

.... নিলেন।

.... দিলেন।

৫। উনি স্কুলে ঠিক মতো কাজ করেন।

.... শেখেন।

.... দেখেন।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। থাকেন

মহীশূরে থাকেন।

শিবান্নাবাবু মহীশূরে থাকেন।

২। শিখলেন

বাংলা শিখলেন।

ভাষাকেন্দ্রে বাংলা শিখলেন।

উনি ভাষাকেন্দ্রে বাংলা শিখলেন।

৩। লেখেন

চিঠি লেখেন।

বাংলায় চিঠি লেখেন।

ভাষাকেন্দ্রে বাংলায় চিঠি লেখেন।

শিবান্নাবাবু ভাষাকেন্দ্রে বাংলায় চিঠি লেখেন।

মাঝে মাঝে শিবান্নাবাবু ভাষাকেন্দ্রে বাংলায় চিঠি লেখেন।

৪। শেখে

বাংলা শেখে।

ওনার কাছে বাংলা শেখে।

ছাত্ররা ওনার কাছে বাংলা শেখে।

স্কুলের ছাত্ররা ওনার কাছে বাংলা শেখে।

ওনার স্কুলের ছাত্ররা ওনার কাছে বাংলা শেখে।

৫। পেলেন

পুরস্কার পেলেন।

শ্রেষ্ঠ শিক্ষকের পুরস্কার পেলেন।

এ বছর শ্রেষ্ঠ শিক্ষকের পুরস্কার পেলেন।

উনি এ বছর শ্রেষ্ঠ শিক্ষকের পুরস্কার পেলেন।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। শিবান্নাবাবু কি মহীশূরে থাকেন ?
হ্যাঁ, শিবান্নাবাবু ....

২। শিবান্নাবাবু কি কাজে অবহেলা করেন ?
না, উনি ....

৩। ওনার স্কুলের ছাত্ররা কি ওনার কাছে বাংলা শেখে ?
হ্যাঁ, ...

৪। শিবান্নাবাবুই কি এ বছর শ্রেষ্ঠ পুরস্কার পেলেন ?
হ্যাঁ, উনিই ....

৫। উনি কি সকলের সঙ্গে ভালো ব্যবহার করেন না ?
না, উনি সকলের সঙ্গেই ....

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

a) Negative Transformation

১। শিবান্নাবাবু মহীশূরে থাকেন।	শিবান্নাবাবু মহীশূরে থাকেন না।
২। ওনার স্কুলের ছাত্ররা ওনার কাছে বাংলা শেখে।	....

৩। মাঝে মাঝে শিবান্নাবাবু ভাষা-কেন্দ্রে বাংলায় চিঠি লেখেন। ....

৪। শিবান্নাবাবু ভাষাকেন্দ্রে বাংলা শিখলেন। ....

৫। উনি ঠিক সময়ে স্কুলে আসেন। ....

৬। শিবান্নাবাবু এ বছর শ্রেষ্ঠ শিক্ষকের পুরস্কার পেলেন। ....

b) Interrogative Transformation

১। শিবান্নাবাবু মহীশূরে থাকেন। শিবান্নাবাবু কি মহীশূরে থাকেন ?

২। ছাত্ররা বাংলা লেখে, বাংলা পড়ে। ....

৩। শিবান্নাবাবু স্কুলে ঠিকমতো কাজ করেন। ....

৪। উনি এ বছর শ্রেষ্ঠ শিক্ষকের পুরস্কার পেলেন। ....

৫। ছাত্ররা শিবান্নাবাবুর কাছে বাংলা শেখে। ....

EXERCISES

1. Substitute the underlined verbal forms by the corresponding present indefinite forms :

১। মল্লিকবাবু তামিলভাষা শিখছেন।

২। রবি স্কুলে অংক করছে।

৩। আমি রবীন্দ্রনাথের কবিতা পড়ছি।

৪। তুমি কাকে চিঠি লিখছ ?

৫। আমি সকালে কফি খেলাম।

৬। তোমরা কি ভাল দুধ পাচ্ছো ?

৭। আমি ভোর ছটায় জাগলাম।

৮। তোমরা বাংলা গান শুনলে।

৯। ছেলেরা মাঠে বল খেলছে।

১০। ভোরবেলা পাখী ডাকছে।

2. Fill up the gaps with the present indefinite forms.

১। পাখী ছোলা —।

২। মধু পেন্সিল দিয়ে —।

৩। আমি দোকান থেকে বই —।

৪। আমার মামা কলকাতায় —।

৫। ছেলেরা বিকেলে মাঠে —।

৬। রাঘবন ভাষাকেন্দ্রে বাংলাভাষা —।

৭। তুমি কি কলেজে — ?

৮। মহাশ্বেতা বাংলায় চিঠি —।

৯। তোমরা ভোরবেলা গাছ থেকে ফুল —।

১০। রেডিওতে আমরা অনুরোধের আসর —।

3. Transform the following sentences into negative statements.

১। রেবা রোজ সন্ধ্যেবেলায় গান করে।

২। তুমি ইংরেজী জানো।

৩। সুবোধ রোজ ইতিহাস পড়ে।

৪। আমি রোজ চারবার চা খাই।

৫। আমাদের দাদু আমাদের গল্প বলেন।

৬। সলিল মধুপুরে থাকে।

৭। পুরী এক্সপ্রেস রোজ ছটায় আসে।

৮। ছন্দা কবিতা লেখে।

৯। তোমরা রোজ বিকেলে বেড়াও।

১০। সুনন্দা রাশিয়ান ভাষা শেখে।

Lesson 31

Going to the teacher's house

রঙ্গন : গোবিন্দনবাবু, আপনি রোজ সকালে কোথায় যান ?	Govindanbabu, where do you go every morning ?
গোবিন্দন : আমি রোজ অশোকবাবুর বাড়ী যাই।	I go to Ashokbabu's house everyday.
রঙ্গন : সেখানে কি করেন ?	What do you do there ?
গোবিন্দন : অশোকবাবুর কাছে বাংলা পড়ি।	I learn Bengali from Ashokbabu.
রঙ্গন : এর জন্য অশোকবাবু কি টাকা নেন ?	Does Ashokbabu take fee for this ?
গোবিন্দন : না, উনি টাকা নেন না। উনি আমার জন্য অনেক পরিশ্রম করেন।	No, he does not take fee. He works hard for me.
আমি তো অনেক দেরীতে ভর্ত্তি হলাম।	I have been admitted too late.
রঙ্গন : চা খান তো ?	Do you take tea ?
গোবিন্দন : না, চা খাই না।	No, I don't take tea.
রঙ্গন : কফি ?	Coffee ?
হ্যাঁ, কফি খাই।	Yes, I take coffee.

গোবিন্দন: বিবেক, এদিকে একটু শোন্।	Vivek, please come this side and listen.
বিবেক : বলুন স্যার্।	Yes, sir.
গোবিন্দন: এখন দু কাপ কফি কর।	Now you prepare two cups of coffee.
বিবেক : এখন উনুন খালি নেই। ভাত হচ্ছে।	Now the stove is engaged, rice is being cooked.
গোবিন্দন: তাহলে লিঙ্গরাজকে ডাক।	Then you call Lingaraj.
রঞ্জন : লিঙ্গরাজ কে ?	Who is Lingaraj ?
গোবিন্দন: লিঙ্গরাজ আমাদের হোষ্টেল দেখাশোনা করে।	Lingaraj supervises our Hostel.
লিঙ্গরাজ : আমাকে ডেকেছেন ?	Have you called me ?
গোবিন্দন: হ্যাঁ, আমাদের জন্য দু কাপ কফি আনো।	Yes, bring two cups of coffee for us.
চন্দ্রমণির দোকান চেনো তো ?	Do you know Chandramani's shop ?
লিঙ্গরাজ : হ্যাঁ, আমি চিনি।	Yes, I know.
গোবিন্দন: ওখান থেকে আনবে। এই নাও টাকা।	Bring from there. Take the money.
রঞ্জন : এক প্যাকেট সিগারেটও আনবে।	Bring one packet of cigarette also.

EXERCISES

1. Pluralise the underlined words and vice-versa.

১। পূজোর সময় সে জামাকাপড় কেনে।

২। আমরা সিনেমা দেখি।

৩। তারা অশোকবাবুর কাছে বাংলা পড়ে।

৪। আপনি হোস্টেলে থাকেন।

৫। আমি ফুটবল খেলি।

৬। আমার বন্ধু বাংলা শেখে।

2. Fill up the blanks.

১। আমি সুকান্তের কবিতা —।

২। — ওড়িয়া ভাষা জানে।

৩। কমল বাংলায় কথাবার্ত্তা —।

৪। তিনি বাজার থেকে মাছ —।

৫। আমরা রাত দশটায় হোস্টেলে —।

৬। তুমি বাজারে —।

3. Convert the following underlined verbal forms into Present Indefinite forms.

১। আমরা রবীন্দ্র সংগীত শুনলাম।

২। তাপস কফি খাচ্ছে।

৩। তিনি আমাকে একটি কলম উপহার দিলেন।

৪। আমি অনেক দেরীতে ঘুম থেকে উঠলাম।

৫। তোমরা বাংলাগান শুনলে।

৬। সুজাতা খুব সিনেমা দেখছে।

৭। সে সারাদিন খেলল।

4. Substitute the persons of the following sentences by the given cues. Make other changes where necessary.

	Cues
১। আমি বাজার থেকে মাছ আনি।	তিনি
২। তারা সকালে ঘুম থেকে ওঠে।	আমি
৩। আমরা বিকেলে বেড়াই।	আপনি
৪। আমি খবরের কাগজ পড়ি।	সে
৫। আমরা হোষ্টেলে যাই।	তারা
৬। শ্যামের বন্ধুরা সিনেমা দেখে।	আমরা

5. Choose the word that best fits the sentence in each case.

১। সে আমার জন্যে শাড়ী —	খায়
২। আমরা সারা দুপুর —	কেনে
৩। অপূর্ব রাষ্ট্রবিজ্ঞান —	থাকি
৪। শ্যামলী ময়লা জামাকাপড় —	ঘুমোই
৫। আমি হোষ্টেলে —	পড়ে
৬। নবীন মেসে —	কাচে

Lesson 32

Subhas Chandra Bose

নেতাজী সুভাষচন্দ্র উড়িষ্যার কটক শহরে জন্মান।	Netaji Subash Chandra was born at Cuttack in Orissa.
তিনি কলকাতার প্রেসিডেন্সী কলেজে পড়েন।	He studied in the Presidency College in Calcutta.
সেই সময় তিনি একজন ইংরেজ অধ্যাপকের অন্যায় আচরণের প্রতিবাদ করেন।	At that time he opposed the unjust behaviour of an English lecturer.
কলেজ কর্তৃপক্ষ তাঁকে কলেজ থেকে বিতাড়িত করেন।	The authority college expelled him from the college.
পরে সুভাষ দর্শনশাস্ত্রে বি.এ. পাস করেন।	Later Subhas passed the B.A. examination in philosophy.
তিনি সিভিল সার্ভিস পরীক্ষা দেন।	He appeared for the Civil Service Exam.
কিন্তু তিনি চাকরি গ্রহণ করেন নি।	But he did not accept the service.

তিনি চতুর্থ স্থান অধিকার করেন।	He secured the fourth place.
তিনি দেশের সেবায় নিজেকে উৎসর্গ করেন।	He dedicated himself to the service of the country.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। নেতাজী সুভাষচন্দ্র বসু কটক শহরে জন্মান।
.... আসেন।
.... পড়েন।
.... থাকেন।
.... যান।

২। তিনি কলকাতার প্রেসিডেন্সী কলেজে পড়েন।
.... ঢোকেন।
.... যান।
আপনি ....
.... পড়ান।
আমি ....
.... পড়ি।

৩ তিনি চতুর্থস্থান অধিকার করেন।
.... পান।
.... লাভ করেন।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Negative Transformation.

১। সুভাষ উড়িষ্যার কটক শহরে জন্মান। — .... জন্মান নি।

২। তিনি কলকাতার 'প্রেসিডেন্সী' কলেজে পড়েন। — .... পড়েন নি।

৩। তিনি ইংরেজ অধ্যাপকের আচরণের প্রতিবাদ করেন। — ... . করেন নি।

৪। কলেজ কর্তৃপক্ষ তাঁকে বিতাড়িত করেন। — .... করেন নি।

৫। তিনি সিভিল সার্ভিস পরীক্ষা দেন। — .... দেন নি।

৬। তিনি দেশের সেবায় নিজেকে উৎসর্গ করেন। — ... . করেন নি।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। সুভাষ কোন শহরে জন্মান ?

সুভাষ উড়িষ্যার ....

২। তিনি কোন্ কলেজে পড়েন ?

তিনি কলকাতার ... .

৩। তিনি কার অন্যায় আচরণের প্রতিবাদ করেন ?

তিনি একজন ....

৪। সুভাষ কি পাস করেন ?

সুভাষ দর্শনশাস্ত্রে ....

৫। তিনি কি পরীক্ষা দেন ?

তিনি সিভিলসার্ভিস ....

৬। সুভাষ নিজেকে কি কাজে উৎসর্গ করেন ?

সুভাষ নিজেকে ....

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। জন্মান

শহরে জন্মান।

কটক শহরে জন্মান।

উড়িষ্যার কটক শহরে জন্মান।

নেতাজী উড়িষ্যার কটক শহরে জন্মান।

২। পড়েন

কলেজে পড়েন।

প্রেসিডেন্সী কলেজে পড়েন।

কলকাতার প্রেসিডেন্সী কলেজে পড়েন।

তিনি কলকাতার প্রেসিডেন্সী কলেজে পড়েন।

৩। প্রতিবাদ করেন

আচরণের প্রতিবাদ করেন।

অন্যায় আচরণের প্রতিবাদ করেন।

ইংরেজ অধ্যাপকের অন্যায় আচরণের প্রতিবাদ করেন।

একজন ইংরেজ অধ্যাপকের অন্যায় আচরণের প্রতিবাদ করেন।

তিনি একজন ইংরেজ অধ্যাপকের অন্যায় আচরণের প্রতিবাদ করেন।

সেইসময় তিনি একজন ইংরেজ অধ্যাপকের অন্যায় আচরণের প্রতিবাদ করেন।

৪। করেন

উৎসর্গ করেন।

নিজেকে উৎসর্গ করেন।

সেবায় নিজেকে উৎসর্গ করেন।

দেশের সেবায় নিজেকে উৎসর্গ করেন।

তিনি দেশের সেবায় নিজেকে উৎসর্গ করেন।

EXERCISES

1. Complete the compound verbs by choosing suitable finite verbal forms given in the second column.

১। আমি তাঁর আচরণের প্রতিবাদ —।	করেন
২। কর্তৃপক্ষ তাঁকে বিতাড়িত —।	দেন
৩। সুভাষ দর্শনশাস্ত্রে বি. এ পরীক্ষা —।	করি
৪। তিনি আই. এ এস. পরীক্ষা —।	হন
৫। তিনি পঞ্চম স্থান অধিকার —।	
৬। তিনি চাকরি গ্রহণ —।	
৭। তিনি দেশসেবায় নিজেকে উৎসর্গ —।	
৮। উনি রোজ পাঠ অভ্যাস —।	

2. Fill up the gaps with the finite verbal forms.
রবীন্দ্রনাথ ঠাকুর পরিবারে —। তিনি — বছর বয়সে প্রথম কবিতা —। পরে গীতাঞ্জলি —। তিনি গীতাঞ্জলির জন্য নোবেল পুরস্কার —।

3. Answer the following questions.

১। নেতাজী কোন্ সহরে জন্মান ?

২। তিনি কোন্ কলেজে পড়েন ?

৩। তিনি কার কোন আচরণের প্রতিবাদ করেন ?

৪। কলেজ কর্তৃপক্ষ কেন তাঁকে কলেজ থেকে বিতাড়িত করেন ?

৫। তিনি কোন স্থান পান পরীক্ষায় ?

৬। তিনি কোন্ কাজে নিজেকে উৎসর্গ করেন ?

Vocabulary.

শহর	'town'	দেশ	'country'
		সেবা	'service'
আচরণ	'behaviour'	নিজেকে	'to one's own self'
কলেজ কর্তৃপক্ষ	'College authority'	অন্যায়	'unjust'
দর্শন শাস্ত্রে	'in philosophy'	সেইসময়	'at that time'
বি. এ.	'B. A.'	জন্মান	'you/he are/is born'
স্থান	'place'	প্রতিবাদ করেন	'you/he protest(s)'
বিতাড়িত করেন	'you/he expel(s)'	পাস করেন	'you/he pass(es)'
পরীক্ষা দেন	'you/he appear(s) in exam'	অধিকার করেন	'you/he secure(s)' 'occupy(ies)'
গ্রহণ করেন	'you/he accept(s)'	উৎসর্গ করেন	'you/he dedicate(s)'

NOTES

1. Historic present—Present tense can be used to describe any historical incident or any past happening. The traditional explanation of this usage—That it recalls or recounts the past as vividly as if it were present in adequate.

2. Note the third personal pronouns (honorific).

	Sg.		Pl.	
Nom.	তিনি	'he'	তাঁরা	'they'
	তাঁকে	'him'	তাঁদের	'them'
	তাঁর	'his'	তাঁদের	'their'

3. To negate the historic present / ni/is added instead of / na / the present indefinite usual form.

For example— সুভাষ প্রেসিডেন্সী কলেজে পড়েন।
সুভাষ প্রেসিডেন্সী কলেজে পড়েননি।

Instead of রাম স্কুলে পড়ে— রাম স্কুলে পড়ে না।

Lesson 33

Examination

শুভ	ঃ সুকান্ত, প্রত্যেক পরীক্ষায় তুই কি করে বেশি নম্বর পাস্ ?	Sukanta, how do you get much marks in every examination ?
	তুই কি প্রত্যেক দিনের পড়া করিস্ ?	Do you read the day's lessons everyday ?
সুকান্ত	ঃ হ্যাঁ, আমি রোজকার পড়া রোজ পড়ি।	Yes, I read the day's lessons everyday .
	তুই পড়িস্ না ?	Don't you read ?
শুভ	ঃ না, তুই কি রোজ হাতের লেখাও লিখিস্ ?	No, do you practice hand writing also everyday ?
সুকান্ত	ঃ হ্যাঁ, তুই লিখিস্ না ?	Yes, don't you write ?
শুভ	ঃ না ভাই, তবে এবার থেকে আমিও তোর মত রোজ পড়া অভ্যাস করব আর লিখব।	No brother, but henceforth I shall also practice lessons and write everyday like you.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। প্রত্যেক পরীক্ষায় তুই কি করে বেশি নম্বর পাস্ ?

.... দিস্ ?

.... রাখিস্ ?

২। তুই পড়িস্ না ?

.... লিখিস্ না ?

.... করিস্ না ?

... . বেড়াস্ না ?

.... খাস্ না ?

.... যাস্ না ?

.... দিস্ না ?

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

a) Negative Transformation.

১। তুই কেন বেশি নম্বর পাস্ ? — **তুই কেন বেশি নম্বর পাস্ না ?**

২। তুই কি প্রত্যেকদিনের পড়া পড়িস্ ? ....

৩। তুই কি হাতের লেখা লিখিস্ ? ....

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। পাস

নম্বর পাস্ ?

বেশি নম্বর পাস্ ?

কি করে বেশি নম্বর পাস্ ?

পরীক্ষায় কি করে তুই বেশি নম্বর পাস্ ?

প্রত্যেক পরীক্ষায় তুই কি করে বেশি নম্বর পাস্ ?

২। পড়িস্

পড়া পড়িস্।

প্রত্যেকদিনের পড়া পড়িস্।

প্রত্যেকদিন প্রত্যেকদিনের পড়া পড়িস্।

তুই কি প্রত্যেকদিন প্রত্যেকদিনের পড়া পড়িস্ ?

৩। লিখিস্

লেখাও লিখিস্ ?

হাতের লেখাও লিখিস্ ?

রোজ হাতের লেখাও লিখিস্ ?

তুই কি রোজ হাতের লেখাও লিখিস্ ?

৪। লিখব

আর লিখব।

অভ্যাস করব আর লিখব।

পড়া অভ্যাস করব আর লিখব।

রোজ পড়া অভ্যাস করব আর লিখব।

তোর মত রোজ পড়া অভ্যাস করব আর লিখব।

এবার থেকে আমিও তোর মত রোজ পড়া অভ্যাস করব আর লিখব।

তবে এবার থেকে আমিও তোর মত রোজ পড়া অভ্যাস করব আর লিখব।

EXERCISES

1. Expand the following sentences.

১। আমিও তোর মত পড়ব। ২। তুই পড়িস্ ?

৩। আমি পড়া পড়ি। ৪। তুই লেখা লিখিস্ ?

৫। তুই সিনেমা দেখিস্।

2. Fill up the blanks.

১। তুই বিকেলে কোথায় — — ?

২। তুই কি রোজ — ?

৩। বাংলা বিভাগে তুই বাংলা — ।

৪। প্রতি সপ্তাহে তুই পুরী — ।

৫। তুই কি বাংলা বই — ?

৬। তুই কি রোজ ভালো মাছ — ?

৭। তুই কি রোজ পাঠ অভ্যাস — ?

৮। আমার জন্য তুই অনেক কষ্ট — ।

৯। এই বাড়ীতে তুই — ?

১০। পূজোর জন্য তুই কোথা থেকে ফুল — ?

Vocabulary

পরীক্ষা	'Examination'	কি করে	'how'
বেশি	'much/many'	নম্বর	'number'
প্রত্যেক	'each'	দিন	'day'
পড়া	'study'	রোজকার	'of everyday'

রোজ	'daily'	হাতের লেখা	'handwriting'
অভ্যাস করব	'I shall practice'	মত	'like'
পাস্	'you get'	পড়িস্	'you read'
	লিখিস্	'you write'	

Evaluation - cum - Test

1. **Direction** : Mark the correct word.

১। এখানে একজন ডাক্তার (থাকে, থাকেন)।

২। আপনি কি রোজ সিনেমা (দেখেন, দেখো)।

৩। সুকান্তবাবু রোজ পাঠ অভ্যাস (করেন, করি)।

৪। তুই কি বাংলা বই (পড়ি, পড়িস্) ?

৫। আপনি কি গান (জানো, জানেন) ?

2. **Direction** : Complete each sentence by putting an ordinal number according to the cardinal numbers given in brackets.

১। ছেলেটি পরীক্ষায় — (এক) হবে।

২। ডানদিকের — (চার) বাড়ীটায় ঢুকুন।

৩। আপনি — (দুই) চেয়ারে বসুন।

৪। আমরা ক্যাম্পাসের — (তিন) কোয়ার্টারে থাকি না।

৫। সপ্তাহের — (পাঁচ) বার শুক্রবার।

৬। তিনি — (ছয়) বারে পরীক্ষায় পাস করেন।

৭। রমেনবাবু প্রতিযোগিতায়—(সাত) স্থান অধিকার করেন।

৮। এই লাইনের — (আট) ছেলেটির নাম রবি।
৯। গোপালবাবু তাঁর বাবা মার — (নয়) সন্তান।
১০। আমি — (দশ) শ্রেণীতে পড়ি।

3. **Direction** : Give opposite words.

১। এদিকে	২। সোজা	৩। অন্যায়
৪। বেশি	৫। ওনার	৬। বাঁদিকে
৭। পরে	৮। প্রথমে	৯। সকাল
	১০। পাস্ করেন	

4. **Direction** : Transform the following sentences into negative statements.

১। আপনি বাংলা পড়েন।
২। তুই চা খাস্।
৩। আমরা রোজ সিনেমা যাই।
৪। তিনি রোজ পড়া অভ্যাস করেন।
৫। উনি সকাল থেকে বিকেল পর্য্যন্ত রোগী দেখেন।

Lesson 34

Revised Lesson

সুনীল	: তুই কি রোজ ভোরে ঘুম থেকে উঠিস ?	Do you get up early in the morning everyday ?
অসীম	: নারে, আমি ভোরে উঠি না।	No, I don't get up in the early morning.
	বেলা পর্য্যন্ত ঘুমোই।	I sleep till late morning.
সুনীল	: এতো বেলা পর্য্যন্ত ঘুমোস কেন ?	Why do you sleep till so late in the morning ?
অসীম	: আমি যে অনেক রাত্রি পর্য্যন্ত পড়ি।	Because I read upto midnight.
	তুই কখন পড়িস্ ?	When do you read ?
সুনীল	: আমি তোর মত রাত্রে পড়ি না	I do not read at night like you.
	আমি ভোর বেলা পড়ি।	I read in the early morning.
অসীম	: ভোর বেলা তুই কখন উঠিস্ ?	When do you get up in the morning ?
সুনীল	: আমি ভোর চারটের সময় উঠি।	I get up at 4 o'clock in the morning.

অসীম	ঃ তুই কি রাত্রে পড়িস্ না ?	Don't you read at night ?
সুনীল	ঃ তোর মত বেশি রাত্রি পর্যন্ত পড়ি না।	No, I don't read upto midnight like you.
	তবে রাত্রি নটা পর্যন্ত পড়ি।	But I read upto 9 p.m.
সুনীল	ঃ তারপর তুই কি করিস্ ?	What do you do then ?
অসীম	ঃ তারপর খাই আর ঘুমোই।	After that I eat and sleep.
	তোকে কি তোর বাবা পড়ান ?	Does your father teach you ?
সুনীল	ঃ নারে, আজকাল বাবা পড়ান না।	No, no, my father does not teach now.
	বাবা দেরী করে অফিস থেকে ফেরেন।	Father comes late from the office.
	তারপর নিজের কাজকর্ম করেন।	Then he does his own work.
	অফিসের ফাইল দেখেন।	He looks into the official file.
অসীম	ঃ আমাকে মেজদা পড়ান।	Mejda (second elder brother) teaches me.
	তবে অঙ্কটা দিদি করান।	Though the elder sister helps me in Mathematics.
সুনীল	ঃ তোর পরীক্ষা কবে ?	On which date will your examination be held ?

অসীম	ঃ আমার পরীক্ষা ২রা ডিসেম্বর থেকে আরম্ভ হবে।	My examination will start from 2nd December.
সুনীল	ঃ আমি এখন যাই।	Let me go.
অসীম	ঃ আচ্ছা। বিকেলে আসিস একবার	Well, come in evening once.

EXERCISES

1. Fill up the blanks.

১। — বেলা পর্য্যন্ত ঘুমোই।
২। তুই রাতে কখন —।
৩। — একবার সন্ধ্যেবেলায় আসিস।
৪। — রাত্রি দশটা পর্য্যন্ত পড়ি।
৫। বাবা সন্ধ্যাবেলায় অফিস থেকে —।
৬। তিনি রোজ সকালে বাজারে —।

2. Pluralise the underlined words and vice-versa.

১। আমি বাংলা গান শুনি।
২। তুই কখন ঘুম থেকে উঠিস।
৩। আমরা রবীন্দ্রনাথের কবিতা পড়ি।
৪। তিনি অঙ্ক করান।
৫। তোরা কখন খাস।
৬। তাঁরা বাজার থেকে মাছ কেনেন।

3. Substitute the person of the following sentences by the given cues. Make other changes where necessary.

	Cues
১। আমি রোজ খবরের কাগজ পড়ি।	তুমি
২। তিনি বাংলা লিখতে পারেন।	সে
৩। আমরা সকালবেলায় অফিস যাই।	আপনারা
৪। আমি তিনটে শার্ট কিনি।	তিনি
৫। আমরা রাত্রে ভাত খাই।	তারা

4. Convert the following underlined verbal forms into the present Indefinite forms.

১। আমি সন্ধ্যেবেলায় বাজারে যাচ্ছি।

২। তুই বাংলা পড়ছিস।

৩। আমরা সকালে ভাত খাচ্ছি।

৪। তোরা দোকান থেকে শাড়ী কিনছিস।

৫। তিনি বিকেল বেলায় অফিস থেকে বাড়ী ফিরছেন।

5. Choose the words that best fit the sentences.

১। তিনি রোজ সকালে —	উঠি
২। আমি ভোরবেলায় —	বেড়ান
৩। তুই কাপড় —	আনি
৪। আমি বাজার থেকে মাছ —	কাচিস
৫। তিনি বাংলা —	পারিস
৬। তোরা বাংলা লিখতে —	পড়েন

Lesson 35

Durga Puja

দুর্গাপূজা বাঙালীর সবচেয়ে বড় উৎসব।	Durgapuja is the greatest festival of the Bengalees.
আশ্বিন মাসের শুক্লা সপ্তমী· তিথিতে পূজো হয়।	The Puja takes place on the seventh lunar day of the fortnight in the month of Aswin.
সপ্তমী, অষ্টমী, নবমী তিনদিন ধরে পূজো হয়।	The Puja continues for three days the seventh, the eighth and ninth days of the lunar fortnight.
এই সময় স্কুল কলেজ বন্ধ থাকে।	This time schools and colleges remain closed.
অফিস আদালত ছুটি হয়।	Offices and courts remain closed.
সবাই নতুন জামাকাপড় পরে।	Everybody puts on new clothes.
পূজোমণ্ডপে যায়।	(Everybody) goes to the Puja pandal.

পূজো দেখে।	(Everybody) watches the Puja.
বন্ধু ও আত্মীয়দের সঙ্গে মেলামেশা করে।	(Everybody) freely mix with their friends and relatives.
সর্বজনীন পূজো ছাড়া কেউ কেউ বাড়ীতেও পূজো করে।	Besides the public Puja, some (persons) worship at home also.
দশমীর দিন প্রতিমা বিসর্জন হয়।	The images are immerged on the tenth day.
মিষ্টি খায়।	(Everybody) takes sweets.
শ্রদ্ধা, প্রীতি ও স্নেহবিনিময় করে।	(Everybody) exchanges respect, love and affection.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। আশ্বিনমাসের শুক্লা সপ্তমী তিথিতে পূজো হয়।
.... উৎসব হয়।
.... বিয়ে .... ।
.... গান .... ।

২। তিনদিন ধরে পূজো হয়।
.... পরীক্ষা হয়।
.... পড়া .... ।
.... লেখা .... ।

৩। অফিস আদালতে ছুটি হয়।

.... কাজ ....।

.... অসুবিধা ....।

৪। দশমীর দিন প্রতিমা বিসর্জন হয়।

.... আসর ....।

.... মেলামেশা ....।

.... প্রীতিবিনিময় ....।

.... নিমন্ত্রণ ....।

খ) ১। সবাই নতুন জামাকাপড় পরে।

.... কেনে।

.... দেয়।

.... চায়।

.... পায়।

২। পূজামণ্ডপে যায়।

.... আসে।

.... বেড়ায়।

৩। বন্ধু ও আত্মীয়দের সঙ্গে মেলামেশা করে।

.... কথাবার্ত্তা ....।

.... পূজো ....।

৪। সবাই আত্মীয় বন্ধুদের বাড়ী যায়।

.... আসে।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

১। সপ্তমী, অষ্টমী, নবমী তিনদিন ধরে পূজো হয় .... হয় না।

২। অফিস আদালতে ছুটি হয় .... হয় না।

৩। দশমীর দিন প্রতিমা বিসর্জন হয় .... হয় না।

৪। স্কুল-কলেজ বন্ধ থাকে .... থাকে না।

৫। সবাই নতুন জামাকাপড় পরে .... পরে না।

৬। পূজোমণ্ডপে যায় .... যায় না।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। বাঙালীর বড় উৎসব কি ?

দুর্গাপূজো ....।

২। দুর্গাপূজো কখন হয় ?

আশ্বিনমাসের ....।

৩। কদিন ধরে পূজো হয় ?

তিনদিন ....।

৪। সর্বজনীন পূজো ছাড়া আর কোথায় পূজো হয় ?

সর্বজনীন পূজো ছাড়া কেউ ....।

৫। পূজোর তিনদিন সবাই কি করে ?

পূজো ....।

সবাই নতুন ....।

বন্ধু ....।

মিষ্টি ....।

শ্রদ্ধা ....।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। উৎসব

সবচেয়ে বড় উৎসব।

বাঙালীর সবচেয়ে বড় উৎসব।

দুর্গাপুজো বাঙালীর সবচেয়ে বড় উৎসব।

২। পুজো

তিথিতে পুজো হয়।

সপ্তমী তিথিতে পুজো হয়।

শুক্লা সপ্তমী তিথিতে পুজো হয়।

আশ্বিন মাসের শুক্লা সপ্তমী তিথিতে পুজো হয়।

৩। মেলামেশা করে।

আত্মীয়দের সঙ্গে মেলামেশা করে।

বন্ধু ও আত্মীয়দের সঙ্গে মেলামেশা করে।

৪। বাড়ীতেও পুজো করে।

কেউ কেউ বাড়ীতেও পুজো করে।

সর্বজনীন পুজো ছাড়া কেউ কেউ বাড়ীতেও পুজো করে।

1. Fill up the blanks (supply the present indefinite verbal forms.)

১। আমাদের বাড়ী দুর্গোপুজো — ।

২। ওরা আমাদের দুর্গোপুজো দেখতে — ।

৩। ভালো ছেলেরা খারাপ ছেলেদের সঙ্গে মেলামেশা — ।

৪। প্রত্যেক রবিবার ভাষাকেন্দ্রে ছুটি — ।

৫। সবাই টেরিকটের জামা — ।

৬। পুজোর জন্য ও রোজ ফুল — ।

৭। প্রত্যেক সোমবার এখানে মার্কেট বন্ধ — ।

৮। পরীক্ষায় কি সবাই পাস — ?

৯। ছাত্রেরা সবাই বাংলা লিখতে — ।

১০। রাত্রে সবাই — ।

2. Transform the following sentences into **negative** statements.

১। সব পুজোতে অফিস ছুটি হয়।

২। তারা সবার সঙ্গে মেলামেশা করে।

৩। বৃষ্টির জন্য কাজ বন্ধ থাকে।

৪। অষ্টমীর দিন প্রতিমা বিসর্জন হয়।

৫। পুজোর সময় সবাই জামাকাপড় কেনে।

৬। ভালো ছাত্ররা রোজকার পড়া রোজ অভ্যাস করে

৭। সে বাংলা কথাবার্তা বলে।

৮। সে রোজ আমার জন্য অপেক্ষা করে।

3. Substitute the underlined words.

	Cues
১। আমরা রোজ মাছ খাই।	ওরা
২। দোকানদারেরা কাপড় বেচে।	আমি
৩। তোমরা কি ক্লাসে দাঁড়াও।	দাঁড়ায়
৪। আপনারা কোথায় বেড়ান ?	তারা
৫। তোরা সব কথা ভুলিস্।	ভোলে

Vocabulary

দুর্গাপুজো	'Durgapuja'	উৎসব	'festival'
আশ্বিন	'name of the month'	তিথি	'date'
পুজোমণ্ডপ	'Pujapandal'	প্রতিমা-বিসর্জন	'Immersion of the immage'
শ্রদ্ধা	'regards'	প্রীতি	'love, friendliness'
স্নেহবিনিময়	'exchange of affection'	ছাড়া	'except, without'
সর্বজনীন	'public'	খাঁটি	'pure'
কেউ	'some'	পুজো হয়	'puja takes place'
বন্ধ থাকে	'remains closed'	পরে	'put(s) on'

NOTES

'সবচেয়ে' This word is used to express the superlative degree. e,g.

সে সবচেয়ে ভালো ছেলে	'he is the best boy'
এই গাছটা সবচেয়ে বড়	'this is the biggest tree'

Lesson 36

Milk Man

সুদেব ঃ ও দুধওয়ালা, এ পাড়ায় কি তুমিই দুধ দাও ?	O' milkman, are you the same person who supplies (gives) milk in this locality ?
দুধওয়ালা ঃ হ্যাঁ বাবু, আমিই দুধ দিই।	Yes babu, I am the person who supplies (gives) milk.
সুদেব ঃ খাঁটি দুধ না দুধে জল দাও ?	Is it pure milk or you add water to this milk ?
দুধওয়ালা ঃ না বাবু, দুধে জল দিই না।	No babu, I don't add water to the milk.
এখানে অনেকেই আমার কাছ থেকে নেন।	Many people take (milk) from.me here.
সুদেব ঃ দুধের লিটার কত নাও ?	How much do you take for one litre ?
দুধওয়ালা ঃ আড়াইটাকা নিই বাবু।	I take two and a half rupee' , babu.
সুদেব ঃ সে কি, সব দুধওয়ালা তো দুটাকা নেয়।	Why, all milkmen take two rupees only.

	তারা তো সবাই জল মেশানো দুধ দেয়।	They all give milk mixed with water.
দুধওয়ালা :	এখানে সবাই আমাকে দুধের জন্য আড়াই টাকা দেন।	Here everybody gives me two and a half rupees for one litre.
সুদেব :	আচ্ছা, এই নাও ঘটিটা। আধ লিটার দুধ দাও।	Well, take this pot. Give half litre milk.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। এ পাড়ায় কি তুমিই দুধ দাও ?

.... সেই .... দেয় ?

.... আপনিই .... দেন ?

.... তুইই .... দিস্ ?

২। আমি দুধ দিই।

.... দাও।

.... দেন।

৩। দুধের লিটার কত নাও ?

.... নেন ?

.... নিস্ ?

৪। অনেকেই আমার কাছ থেকে নেন।

.... নেয়।

৫। এই নাও ঘটিটা।
.... নে ...

৬। আধ লিটার দুধ দাও!
.... দে।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

১।	আমি দুধ দিই	—	....	....	....	....	দিই না।
২।	অনেকেই আমার কাছ থেকে দুধ নেন	—	....	....	....	....	নেন না।
৩।	আড়াই টাকা নিই	—	....	....	....	...	নিই না।
৪।	সব দুধওয়ালা তো দুটাকা নেয়	—	....	...	....	....	নেয় না।
৫।	সবাই জলমেশানো দুধ দেয়	—	....	....	....	....	দেয় না।
৬।	সবাই আমাকে দুধের লিটার আড়াই-টাকা দেন	—	....	....	....	....	দেন না।
৭।	দুধে জল দিই	—	....	....	....	....	দিই না।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। তুমি কি পাড়ায় দুধ দাও?
হ্যাঁ, আমি ... .।

২। দুধের লিটার কত নাও?
দুধের লিটার ....।

৩। এত বেশি নাও কেন ?
সবাই তো জল মেশানো ....। আমি ভালো ....।

৪। এ পাড়ায় কি সবাই দুধের লিটার আড়াইটাকা দেন ?
হ্যাঁ, ...।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। দাও
দুধ দাও।
তুমিই দুধ দাও।
এ পাড়ায় তুমিই দুধ দাও।
ও দুধওয়ালা, এ পাড়ায় তুমিই দুধ দাও।

২। দাও
জল দাও।
দুধে জল দাও।
না, দুধে জল দাও।
খাঁটি দুধ না দুধে জল দাও।

৩। নেন
কাছ থেকে নেন।
আমার কাছ থেকে নেন।
অনেকেই আমার কাছ থেকে নেন।
এখানে অনেকেই আমার কাছ থেকে নেন।

৪। দেয়

দুধ দেয়।

জলমেশানো দুধ দেয়।

সবাই জলমেশানো দুধ দেয়।

তারা তো সবাই জলমেশানো দুধ দেয়।

৫। দেন

আড়াই টাকা দেন।

দুধের লিটার আড়াই টাকা দেন।

আমকে দুধের লিটার আড়াই টাকা দেন।

সবাই আমাকে দুধের লিটার আড়াই টাকা দেন।

এখানে সবাই আমাকে দুধের লিটার আড়াই টাকা দেন।

EXERCISES

1. Fill up the blanks.

১। সে আমার কাছ থেকে টাকা —।

২। আপনারা কি রোজ দুর্গাকে ফুল —।

৩। তুমি কি পুজোর সময় ছেলেমেয়েদের জামাকাপড় — ?

৪। তোমরা কত টাকা মাইনে — ?

৫। তুমি আমাকে কয়েকটা বই —।

৬। ওরা গাছ থেকে রোজ ফল —।

৭। আমাকে ওই খবরের কাগজওয়ালা কাগজ —।

৮। পাঠাভ্যাসে আমার বন্ধু আমার সাহায্য --- ।

৯। নেতারা সবাইকে কাজে উৎসাহ — ।

১০। তুই কোন দোকান থেকে চা — ?

১১। তুই দরিদ্র লোককে কি টাকা -- ?

2. Substitute the underlined words.

		Cues
১।	তোমরা কোন্ গোয়ালার কাছ থেকে দুধ নাও ?	তুই
২।	ওরা কাকে রোজ পয়সা দেয় ?	ওনারা
৩।	রোজ সন্ধ্যায় তুই আমাকে দুধ দিস্ ।	আপনি
৪।	আপনি কি এই দোকান থেকে জিনিষ নেন ?	আমি
৫।	আমরা কারো কাছ থেকে কিছু নিই না।	তোমরা

Vocabulary

দুধওয়ালা	'milkman'	অনেক	'many'	নিই	'I take
পাড়া	'locality'	জলমেশানো	'mixed with water'	দিই	give
জল	'water'	খাঁটি	'pure'	দেন	'give/gives'
লিটার	'litre'	দাও	'give	নেন	'take/takes'
		নাও	take'	দেয়	'gives'
				নেয়	'takes'

NOTES

In this lesson the present indefinite forms of the verb di- 'give' and ni- 'take' are mainly introduced. These two verbs show different vowel alternations in the present indefinite.

আমি	দিই	নিই
আপনি	দেন (দ্যান)	নেন (ন্যান)
তুমি	দাও	নাও
তুই	দিস	নিস্
সে	দেয়	নেয়

Evaluation - cum - Test

1. **Direction** : Transform the following sentences into negative statements.

১। ওরা কোন্ গোয়ালার কাছ থেকে দুধ নেয় ?

২। তারা সবার সঙ্গে কথা বলে।

৩। সরস্বতী পুজো শীতকালে হয়।

৪। বর্ষাকালে বৃষ্টি হয়।

৫। দশমীর দিন প্রত্যেকে প্রত্যেকের বাড়ী যায়।

৬। ক্লাসে রোজ খবরের কাগজ পড়া হয়।

৭। আনন্দবাজার পত্রিকায় অনেক খবর থাকে।

৮। এরা রোজ সমুদ্রের ধারে বেড়ায়।

৯। তারা বই পড়তে জানে।

১০। আমার বন্ধুরা অন্যায়ের প্রতিবাদ করে।

2. Supply the verbal forms to the following passage.

এখানে গরমকালে খুব গরম —। আর শীতকালে খুব শীত — তবু এখানকার জলবায়ু আমার ভালো —। এখানে সাধারণ স্বাস্থ্য ভালো —। তাই নানা জায়গা থেকে স্বাস্থ্যোদ্ধারের জন্য লোকেরা এখানে —। তারা নানা শিল্প কাজ —। ভুবনেশ্বরের কাছে পুরীতেও —।

3. **Direction** : Substitute the following verbal forms by the corresponding present indefinite forms.

১। আপনাদের ওরা ভুলবে না।

২। এ কথা কারা বলল ?

৩। এখানে বৃষ্টি হবে।

৪। তারা রোজ সমুদ্রের ধারে বসবে।

৫। সে আমাকে দুটাকা দিল।

৬। ঐ লোকটি এখানে জল দেবে।

৭। আমার কাছ থেকে সে রোজ দুধ নেবে।

৮। দোকানে কোন্ লোকটি শাড়ী দেখাবে ?

Lesson 37

Revised Lesson

বীণা :	কাজল, তুমি আমাকে একটা গল্পের বই দাও।	Kajal, give me a story book.
কাজল :	তুমি কোন বই নেবে বল ?	Tell, which book you will take ?
বীণা :	আমাকে সমরেশ বসুর একটা বই দাও।	Give me one of the Samaresh Basu's books.
কাজল :	আমার কাছে সমরেশ বসুর তিনটে বই আছে।	I have three books of Samaresh Basu.
	কোন্ বইটা তুমি চাও ?	Which one do you want ?
বীণা :	আমাকে সমরেশ বসুর সবচেয়ে ভালো বইটা দাও।	Give me the best book of Samaresh Basu.
কাজল :	সমরেশ বসুর সবচেয়ে ভালো বই হল 'বিবর'।	The best book of Samaresh Basu is 'Bibar'.
	কিন্তু ঐ বইটা নেই।	But that book is not available here.
বীণা :	তাহলে অন্য একটা বই দাও।	Then give me another book.
কাজল :	তুমি একটু অপেক্ষা কর।	Wait a while.
	বাবা আসুন, বাবার কাছে চাবি আছে।	Let father come, the key is with him.

বাবা একটু এ ঘরে এসো।	Father, please come in this room.
বিনয়বাবু ঃ কি ব্যাপার বীণা কখন এলে ?	What happens, when have you come Bina ?
সব খবর ভালো তো কাজল ?	Kajal everything is O.K. ?
বীণা ঃ হ্যাঁ মেসোমশাই, আপনি ভালো আছেন ?	Yes uncle, are you well ?
বিনয়বাবু ঃ হ্যাঁ, কাজল কি দরকার বল।	Yes, tell what do you need ?
কাজল ঃ বীণা একটা বই চাইছে।	Bina want's a book.
বিনয়বাবু ঃ কি বই বীণা ?	Which book Bina ?
বীণা ঃ আমাকে সমরেশ বসুর একটা বই দিন।	Give me one of the Samaresh Basu's books.
বিনয়বাবু ঃ 'মহাকালের রথের ঘোড়া' বইটা নাও।	Take 'Mahakaler Rather Ghora'.
এটা বেশ ভালো বই।	This is a good book.
বীণা ঃ দিন, ও হ্যাঁ। আমার মনে ছিল না।	Give, oh yes, I forgot it.
এই নিন বাবার চিঠি।	Here is father's letter.
বিনয়বাবু ঃ দাও। বাবা ভাল আছেন তো ?	Give. Is your father well ?

বীণা ঃ হ্যাঁ, আমি এখন যাচ্ছি মেসোমশাই।	Yes, uncle I am going now
কাজল যাচ্ছি তুমি এসো একবার আমাদের বাড়ীতে।	Kajal, I am going. You come to our house.
কাজল ঃ আচ্ছা।	Allright.

EXERCISES

1. Fill up the blanks.

১। তুমি আমাকে একটা গল্পের বই —।

২। আপনি এখন বাড়ি —।

৩। — শাড়ীটা নাও।

৪। — আমার জন্য একটু অপেক্ষা করুন।

৫। আপনি আমাকে দুটো টিকিট —।

৬। তুমি আমাকে একটা গল্প —।

2. Pluralise the underlined words and vice versa.

১। আপনি আমাকে একটা গল্প বলুন।

২। তুমি ভাত খাও।

৩। তোমরা কোন বইটা চাও ?

৪। আপনি বইটা নিন।

৫। আপনারা বসুন।

3. Convert the following underlined verbal forms into the present imperative forms.

১। তুমি শাড়ী দেখবে।

২। আপনি বইটা পড়বেন।

৩। আপনারা মিষ্টি খেলেন।

৪। আপনি সিনেমায় গেলেন।

৫। তুমি বইটা পড়বে।

4. Substitute the persons of the following sentences by the given cues. Make other changes where necessary.

	Cues
১। আপনি সমরেশ বসুর বইটা নিন।	তুমি
২। তুমি শাড়ীটা দাও।	আপনি
৩। আপনারা এখানে বসুন।	তুমি
৪। আপনি মিষ্টি খান।	তোমরা
৫। তোমরা বাড়ী যাও।	আপনি
৬। তুমি বইটা পড়।	আপনি

5. Choose the words that best fit the sentences.

১। আপনি বইটা —।	খাও
২। তুমি চা —।	নিন
৩। আপনারা কথা —।	যাও
৪। তোমরা খেলতে —।	বলুন
৫। আপনি ফুল —।	বস
৬। তুমি পড়তে —।	তুলুন

Lesson 38

Talking about a tour Programme

সুমন ঃ বিমান তুমি ছুটি নিয়ে বাড়ী যাচ্ছো ?	Biman, are you going home after taking leave ?
বিমান ঃ হ্যাঁ, কলকাতা দেখে বাড়ী যাবো।	Yes, I will go home after visiting Calcutta.
সুমন ঃ কলকাতা গিয়ে কি করবে ?	What will you do having reached to Calcutta ?
বিমান ঃ কলকাতার কয়েকটা দর্শনীয় জায়গা দেখে শান্তিনিকেতন যাবো।	Having visited some places in Calcutta I shall go to Shantiniketan.
সুমন ঃ শান্তিনিকেতনের নাম শুনে লোভ লাগছে।	Having heard the name of Shantiniketan I feel attracted.
বিমান ঃ শান্তিনিকেতনে ছুদিন থেকে শ্রীনিকেতনে যাবো।	After staying for two days at Shantiniketan I shall go to Sriniketan.
সুমন ঃ আমার জন্য শ্রীনিকেতন থেকে কয়েকটা শিল্পকাজ কিনে পার্সেল করে পাঠাবে ?	Will you send some handicrafts having purchased at Sriniketan by parcel ?

বিমান ঃ পাঠাবো	I shall send.
তুমিও এখানকার খবর চিঠি লিখে আমাকে জানাবে।	You will also inform me about this place by letter.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। তুমি ছুটি নিয়ে বাড়ী যাচ্ছো ?

.... দিয়ে .... ?

.... পেয়ে .... ?

.... দেখে .... ?

২। কলকাতায় গিয়ে কি করবে ?

.... এসে .... ?

.... ঘুরে .... ?

.... বেড়িয়ে .... ?

৩। কয়েকটা শিল্পকাজ কিনে পার্সেল করে পাঠাবে ?

.... নিয়ে .... ?

.... এনে ... . ?

খ) ১। কলকাতা দেখে বাড়ী যাবো।

.... ঘুরে ... .।

.... বেড়িয়ে ....।

২। শান্তিনিকেতনের নাম শুনে লোভ লাগছে।

.... জেনে ....।

.... হচ্ছে।

৩। শান্তিনিকেতনে দুদিন থেকে শ্রীনিকেতনে যাবো।

.... বসে ....।

.... বেড়িয়ে ....।

.... ঘুরে ... .।

.... কাটিয়ে ....।

৪। তুমিও এখানকার খবর চিঠি লিখে, আমাকে জানাবে।

.... দিয়ে ....।

.... পাঠিয়ে ....।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Negative Transformation.

১। তুমি ছুটি নিয়ে বাড়ী যাচ্ছো? — .... যাচ্ছো না।

২। কয়েকটা শিল্পকাজ কিনে পার্সেল করে পাঠাবে। — .... পাঠাবে না।

৩। কলকাতা দেখে বাড়ী যাবো। — .... যাবো না।

৪। শান্তিনিকেতনের নাম শুনে লোভ লাগছে। — .... লাগছে না।

৫। তুমিও এখানকার খবর চিঠি লিখে জানাবে। — .... জানাবে না।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। তুমি ছুটি নিয়ে বাড়ী যাচ্ছো ?

....

২। বাড়ীর পথে কোথায় কোথায় যাবে ?

... .

৩। কলকাতায় গিয়ে কি করবে ?

কলকাতায় ....।

৪। আমার জন্য শ্রীনিকেতন থেকে কয়েকটা শিল্পকাজ আনবে ?

হ্যাঁ, ...।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। যাচ্ছো

বাড়ী যাচ্ছো।

ছুটি নিয়ে বাড়ী যাচ্ছো।

তুমি ছুটি নিয়ে বাড়ী যাচ্ছো।

বিমান, তুমি ছুটি নিয়ে বাড়ী যাচ্ছো ?

২। পাঠাবে

পার্সেল করে পাঠাবে।

শিল্পকাজ কিনে পার্সেল করে পাঠাবে।

কয়েকটা শিল্পকাজ কিনে পার্সেল করে পাঠাবে।

শ্রীনিকেতন থেকে কয়েকটা শিল্পকাজ কিনে পার্সেল করে পাঠাবে।
আমার জন্য শ্রীনিকেতন থেকে কয়েকটা শিল্পকাজ কিনে পার্সেল করে পাঠাবে।

৩। যাবো

বাড়ী যাবো।

দেখে বাড়ী যাবো।

জায়গা দেখে বাড়ী যাবো।

দর্শনীয় জায়গা দেখে বাড়ী যাবো।

কয়েকটা দর্শনীয় জায়গা দেখে বাড়ী যাবো।

কলকাতায় কয়েকটা দর্শনীয় জায়গা দেখে বাড়ী যাবো।

৪। লোভ লাগছে

শুনে লোভ লাগছে।

নাম শুনে লোভ লাগছে।

শান্তিনিকেতনের নাম শুনে লোভ লাগছে।

৫। জানাবে

আমাকে জানাবে।

লিখে আমাকে জানাবে।

চিঠি লিখে আমাকে জানাবে।

খবর চিঠি লিখে আমাকে জানাবে।

এখানকার খবর চিঠি লিখে আমাকে জানাবে।

তুমিও এখানকার খবর চিঠি লিখে আমাকে জানাবে।

EXERCISES

1. Fill up the blanks with past participles.

১। আমি এখনই ভাত — বাজার যাচ্ছি।

২। আমরা বই — ক্লাসে যাচ্ছি।
৩। তুমি কি ছুটি — বাড়ী যাচ্ছো ?
৪। সে কলকাতায় — অনেক জায়গা দেখবে।
৫। আমরা অনেক জায়গা — বাড়ী যাবো।
৬। আমার মা চিঠি — আমাকে যেতে বলছেন।
৭। আমরা ফল — হষ্টেলে ফিরব।
৮। বাংলা গান — আপনাদের ভালো লেগেছে ?

2. Substitute the underlined words. Make necessary changes of the cues.

	Cues
১। তোমার বই <u>পড়ে</u> খুশী হলাম।	পাচ্ছি
২। আমি এ বইটা তোমার জন্য <u>নিয়ে</u> পাঠাবো।	কিনল
৩। ওরা সিনেমা <u>দেখে</u> বাড়ী ফিরবে।	শেষ করে

3. Respond to the following.

১। তুমি ছুটি নিয়ে কোথায় যাচ্ছো ?
২। তোমরা বই নিয়ে কোথায় যাচ্ছো ?
৩। বাংলাভাষা শিখে আপনাদের কেমন লাগছে ?
৪। বাংলা বই পড়ে বুঝছেন কি ?
৫। বাংলা কথা শুনে বুঝতে পারছেন ?

Vocabulary

বিমান	'a proper name'	ছুটি	'leave'
নিয়ে	'taking/having taken	দেখে	'visiting/having visited'

গিয়ে	'going/having gone'	শুনে	'hearing/having heard'
থেকে	'staying/having stayed'	কিনে	'buying/having bought'
লিখে	'writing/having written'	কয়েকটা	'a few'
দর্শনীয়	'worth seeing'	জায়গা	'place'
শান্তিনিকেতন	'a place name'	শ্রীনিকেতন	'a place name'
লোভ লাগছে	'falling in temptation'	শিল্পকাজ	'artistry'
পার্সেল করে	'by percel"	পাঠাবো	'I shall send'
এখানকার	'of this place'	জানাবে	'you will inform'

NOTES

1. Note the sentence type :

   আমার লোভ লাগছে।

   তার লোভ লাগছে।

   ওর লোভ লাগছে।

2. Past participle :

   The past participle is formed by putting the suffix -e to the high stem of the veıb,

দিয়ে	'having given'
নিয়ে	'having taken'
পেয়ে	'having got'
খেয়ে	'having eaten'
গিয়ে	'having gone'

(This form should be remembered. It is an irregular form. Instead of যেয়ে we get গিয়ে in S. C. Beng.)

যেয়ে/গিয়ে	'having gone'
শুয়ে	'having laid down'
হয়ে	'having been'
উঠে	'having got up'
শুনে	'having heard'
জেনে	'having known'
ঘুমিয়ে	'having slept'

The past participle is used to express sequences of actions. A series of clauses can be avoided by using past participles. But you have to keep in mind that past participles can be used only when the subjects of the clauses are the same.

Lesson 39

In the Teacher's House

কাল আমরা রবি সিনেমায় গেলাম।	We went to Ravi cinema yesterday.
কমলা ঃ তুই কিছুই বুঝিস্ নি।	You understand nothing.
আচ্ছা, আমি যাচ্ছি।	Well, I am going.
হাসিনা ঃ সময় পেলে আসিস্।	If you find time, come.
মামা এলে খবর দেব।	I will send message if uncle comes.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। আমার মা দিল্লীতে গিয়েছিলেন।

.... বেড়িয়েছিলেন।

.... ঘুরেছিলেন।

.... এসেছিলেন।

২। হাসিনা তুই ছুটিতে কোথায় গিয়েছিলি ?

.... ঘুরেছিলি ?

.... খেয়েছিলি ?

.... বেড়িয়েছিলি ?

৩। আমি একটু একটু বুঝেছিলাম।

.... জেনেছিলাম।

.... শুনেছিলাম।

.... ভেবেছিলাম।

৪। মামা তোর খোঁজ করছিলেন।

.... নিচ্ছিলেন।

.... দিচ্ছিলেন।

... ... চাইছিলেন।

৫। পরীক্ষার জন্যে আমি যাই নি।

.... বেড়াই ....।

.... ঘুরি ....।

.... দেখি ....।

৬। মা একলা যান নি।

.... বেড়ান ....।

.... পান ....।

.... চান ....।

৭। তুই খবর দিস্ নি কেন ?

.... নিস্ .... ?

... . জানিস্ .... ?

.... শুনিস্ .... ?

Build up Drill
(গঠনমূলক অভ্যাস)

১। গিয়েছিলি ?

কোথায় গিয়েছিলি ?

ছুটিতে কোথায় গিয়েছিলি ?

তুই ছুটিতে কোথায় গিয়েছিলি ?

হাসিনা, তুই ছুটিতে কোথায় গিয়েছিলি ?

২। গিয়েছিলেন।

দিল্লীতে গিয়েছিলেন।

মা দিল্লীতে গিয়েছিলেন।

আমার মা দিল্লীতে গিয়েছিলেন।

৩। করেছিলেন

খোঁজ করেছিলেন।

তোর খোঁজ করেছিলেন।

মামা তোর খোঁজ করেছিলেন।

মনিরুজ্জামান মামা তোর খোঁজ করেছিলেন।

৪। বলিস্ নি তো ?

তুই বলিস্ নি তো ?

কলকাতায় তুই বলিস্ নি তো ?

এসেছিলেন কলকাতায় তুই বলিস্ নি তো ?

মামা এসেছিলেন কলকাতায় তুই বলিস্ নি তো ?

মনিরুজ্জামান মামা এসেছিলেন কলকাতায় বলিস্ নি তো ?

৫। দিতাম

খবর দিতাম।

যে করেই হোক খবর দিতাম।

জানলে যে করেই হোক খবর দিতাম।

পছন্দ জানলে যে করেই হোক খবর দিতাম।

এত পছন্দ জানলে যে করেই হোক খবর দিতাম।

মামাকে এত পছন্দ জানলে যে করেই হোক খবর দিতাম।

তোর মামাকে এত পছন্দ জানলে যে করেই হোক খবর দিতাম।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। হাসিনা, তুই ছুটিতে কোথাও গিয়েছিলি ?

না, আমি কোথাও ....।

২। তোর মা কি দিল্লী গিয়েছিলেন ?

হ্যাঁ, আমার ....।

৩। মনিরুজ্জামান মামা কি আমার খোঁজ করেছিলেন ?

হ্যাঁ, মনিরুজ্জামান মামা তোর ....।

৪। তুই একটু একটু বুঝেছিলি ?

হ্যাঁ, আমি ....।

৫। আমাকে খবর দেবার কি তোর দরকার ছিল না ?

না তোকে ....।

EXERCISES

1. Fill up the blanks with the past perfect verbal forms.

১। আমরা ছুটিতে দক্ষিণ ভারতে — ।

২। তোমরা ২৩শে ডিসেম্বর সিনেমা দেখতে — ।

৩। শোভন আমাকে ফোন — ।

৪। আমাদের বাড়ীতে এসে আপনারা অনেক গান — ।

৫। সুচরিতার মামা ওর বিয়ে — ।

৬। আমি খুব ভালো পরীক্ষা — ।

৭। তুমি আমার সম্বন্ধে অনেক কিছু — ।

৮। তুই কেন খেলা দেখতে — ?

৯। তোরা প্রীতমের সাথে দুর্গা পূজো — ।

১০। আপনি দুঃসংবাদ শুনে খুব — ।

2. Substitute the underlined verbal forms by the corresponding past perfect verbal forms.

১। 'সঞ্চিতা'র প্রায় সব কটা কবিতাই আমি পড়েছি।

২। আপনি ২৬শে জানুয়ারী অনুষ্ঠান দেখবেন।

৩। চিত্রা বোম্বেতে রয়েছে।

৪। রবীন্দ্রসংগীত শুনে আমার খুব ভালো লাগল।

৫। তোমরা ক্যাপিটাল মার্কেটের দিকে যাচ্ছিলে।

৬। সুপ্রভাত আমাদের বাড়ীতে আসছে।

৭। আপনারা পিকনিকে অংশগ্রহণ <u>করছেন</u> ?

৮। আমি শাস্ত্রীয় সংগীত <u>শুনছি</u>।

৯। তুমি ভালো করে ভূগোল বইটা পড়ে <u>নিয়ো</u>।

১০। অমিতাভর সঙ্গে আমরা দিল্লী <u>ঘুরব</u>।

3. Transfer the following affirmative sentences to **negative.**

১। আমাদের অফিসের সবাই অক্টোবর মাসে দিল্লী **গিয়েছিলেন**।

২। তোমরা শুভপ্রসন্নর আঁকা দেখেছিলে।

৩। আপনি বিয়ে বাড়ীতে গিয়েছিলেন ?

৪। প্রচণ্ড বর্ষাতে আমরা বেড়াতে বেরিয়েছিলাম।

৫। তুই আমার সঙ্গে চণ্ডীগড়ে এসেছিলি।

৬। অসীমের লেখা পড়ে আমি আনন্দ পেয়েছিলাম।

৭। আশিস আমার সঙ্গে অনেক সময় কাটিয়েছিল।

৮। তোরা বন্ধুদের সঙ্গে গল্প করেছিলি।

৯। আমি কঠোর সমস্যার সম্মুখীন হয়েছিলাম।

১০। আপনারা আমার বন্ধুর গান শুনেছিলেন।

4. Choose the words that best fit the sentences.

	Cues
১। আমি ছোটবেলায় ঘোড়ার পিঠে —	করেছিলে
২। অরুণাভ আমার বাড়ীতে — নি।	উঠেছিলাম
৩। তোমরা তখন ভালো করে পড়াশোনা —।	বাজিয়েছিল
৪। আপনারা আমার ওপর খুব রাগ —।	আসে
৫। আমরা মেলায় —।	করেছিলেন
৬। মিতা গীটার —।	দেখেন
৭। প্রশান্ত আবৃত্তি —।	করেছিলো
৮। তুমি বাসের পেছনে — নি।	দেখি
৯। জঙ্গলে আমরা সাপ — নি।	দৌড়োও
১০। আপনি ভিক্টোরিয়া মেমোরিয়াল হল — নি।	গিয়েছিলাম

Lesson 53

Revised Lesson

অশোক ঃ তুই কখনো দিল্লী গিয়েছিলি ?	Have you ever gone to Delhi ?
প্রণব ঃ না যাই নি।	No, I have not.
তবে বেনারস গিয়েছিলাম।	But I went to Varanasi.
সেই সময় দিল্লী যাওয়ার ইচ্ছে ছিল।	I wanted to go to Delhi at that time.
কিন্তু যাই নি।	But I did not go.
অশোক ঃ আমি অবশ্য গরমের ছুটিতে দিল্লী গিয়েছিলাম।	Though I went to Delhi in the summer vacation.
কিন্তু বেনারস যাই নি।	But I did not go to Varanasi.
প্রণব ঃ কেন বেনারস তো রাস্তায় পড়ে, নামলি না কেন ?	Varanasi is on the way, why don't you get down there ?
অশোক ঃ আরে আমার টিকিট দিল্লী পর্যন্ত করেছিলাম।	Oh, I had booked my ticket up to Delhi.
তাই নামি নি।	So I did not get down.
সোজা দিল্লী গিয়েছিলাম।	I went straight to Delhi.

প্রণব :	তোর বাবা মাও কি গিয়েছিলেন ?	Had your parents also gone ?
	হ্যাঁ, বাবা মাও গিয়েছিলেন।	Yes, my parents also went.
	হ্যাঁরে, বাড়ীতে কাউকে দেখতে পাচ্ছি না।	Hallo, I am not seeing anybody in the house.
	তোর বাবা মা কি সিনেমায় গিয়েছেন ?	Have your parents gone to see picture ?
অশোক :	নারে, সিনেমায় যান নি।	No, they have not gone to the cinema.
	বাজারে গিয়েছেন।	They have gone to the market.
	একটু পরেই আসবেন।	They will come after sometime.
প্রণব :	আমি আর বসব না।	I will not sit more.
	আর একদিন আসব।	I will come another day.

EXERCISES

1. Transform the following sentences into negative.

১। আমরা পি. সি. সরকারের ম্যাজিক দেখেছিলাম।

২। তোমরা এক সাহিত্যসভার আয়োজন করেছিলে ?

৩। আপনারা বাংলা গান আগে শুনেছিলেন ?

৪। আপনি বাংলা গল্প পড়েছিলেন ?

৫। ছেলেরা কাল খুব ঘুমিয়েছিল.।

2. Change the present perfect verbal forms to the past perfect verbal forms.

১। তোমরা গতমাসে কলকাতা গিয়েছো।

২। রমলার জন্মদিনে আমি একটা শাড়ী দিয়েছি।

৩। দোকানদার আমাকে অনেক শাড়ী দেখিয়েছে।

৪। আমরা গতকাল এই ঘরে শুয়েছি।

৫। সে আমাদের মেয়েদের সেক্রেটারী হয়েছে।

3. Complete the sentences. (Use the suitable forms).

১। আমার বন্ধুরা গতকাল আমার বাড়ীতে দিনটা (কাটিয়েছিল/কেটেছিল)

২। আজ সন্ধ্যাটা আমার ভালো (কাটিয়েছে/কেটেছে)।

৩। গত সন্ধ্যাটা তোমার কোথায় (কাটিয়েছে/কেটেছে)?

৪। সিনেমা দেখে তুই সময়টা ভালো (কাটিয়েছিস্/কেটেছিস্)।

৫। কাল সারাদিন আপনার কোথায় (কাটিয়েছে/কেটেছে)?

Lesson 54

Football Match

এই যে নির্মলবাবু কাল বিকেলে কোথায় যাচ্ছিলেন ?	Hallo, Nirmalbabu, where were you going yesterday afternoon ?
কাল মোহনবাগান আর ইষ্টবেঙ্গল ক্লাবের খেলা দেখতে যাচ্ছিলাম।	I was going to see the football match between the Mohanbagan Club and the East-Bengal Club.
কেমন দেখলেন খেলা ?	How did you enjoy the game ?
সে কথা আর জিজ্ঞাসা করবেন না।	Do not ask that again.
কাল সকাল থেকে বৃষ্টি পড়ছিল।	Yesterday, it was raining since morning.
খেলার সময়ও বেশ বৃষ্টি হচ্ছিল।	It was heavily raining at the time of the match also.
তবু দর্শকেরা মাঠে বসে ভিজছিল আর খেলা দেখছিল।	Even then sitting in the playground the observers were getting wet and watching the match.

কিন্তু খেলোয়াড়েরা মোটেই ভালো খেলতে পারছিল না।	But players were not paying well at all.
দর্শকেরা নীরবে বাজে খেলা দেখছিল ?	Were the observers observing the worthless match in silence ?
না, না তারা ক্রমাগত চেঁচাচ্ছিল।	No, no, they were constantly shouting.
মাঝে মাঝে তারা রেগে যাচ্ছিল আর ইঁট পাটকেল ছুঁড়ছিল।	They were sometimes getting angry and throwing bricks and brickbats.
শেষে কি হল ?	What did happen at last ?
শেষে রেফারী একটা হট্টগোলের মধ্যে খেলা বন্ধ করে দিলেন।	At last the referee stopped the game in the midst of a chaos.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। কাল বিকেলে কোথায় যাচ্ছিলেন ?
.... বেড়াচ্ছিলেন ?
.... আসছিলেন ?

খ) ১। দর্শকেরা মাঠে বসে ভিজছিল।
.... দেখছিল।
.... হাসছিল।

২। কাল সকাল থেকে বৃষ্টি পড়ছিল।

.... হচ্ছিল।

৩। তারা ক্রমাগত চেঁচাচ্ছিল।

.... পড়ছিল।

.... লিখছিল।

.... অভ্যাস করছিল।

৪। মাঝে মাঝে তারা রেগে যাচ্ছিল।

.... কুড়োচ্ছিল।

.... প্রতিবাদ করছিল।

Transformation Drill.

(রূপান্তর অভ্যাস)

Negative

১। দর্শকেরা নীরবে বাজে খেলা দেখছিল। — .... দেখছিল না।

২। আমি ফুটবল খেলা দেখতে যাচ্ছিলাম। — .... যাচ্ছিলাম না।

৩। সকাল থেকে বৃষ্টি পড়ছিল। — .... পড়ছিল না।

৪। দর্শকেরা মাঠে ভিজছিল। — .... ভিজছিল না।

৫। তারা ক্রমাগত চেঁচাচ্ছিল। — .... চেঁচাচ্ছিল না।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। যাচ্ছিলেন

কোথায় যাচ্ছিলেন।

বিকেলে কোথায় যাচ্ছিলেন ?

কাল বিকেলে কোথায় যাচ্ছিলেন ?

২। খেলা দেখছিল।

বাজে খেলা দেখছিল।

নীরবে বাজে খেলা দেখছিল।

দর্শকেরা নীরবে বাজে খেলা দেখছিল।

৩। দিলেন

বন্ধ করে দিলেন।

খেলা বন্ধ করে দিলেন।

হট্টগোলের মধ্যে খেলা বন্ধ করে দিলেন।

একটা হট্টগোলের মধ্যে খেলা বন্ধ করে দিলেন।

রেফারী একটা হট্টগোলের মধ্যে খেলা বন্ধ করে দিলেন।

শেষে রেফারী একটা হট্টগোলের মধ্যে খেলা বন্ধ করে দিলেন।

EXERCISES

1. Fill up the blanks with the past continuous verb forms.

১। আমরা কাল সিনেমা দেখতে —।

২। আপনারা এত বেলা পর্যন্ত —।

৩। পূজোমণ্ডপে পূজো —।

৪। গতকাল সন্ধ্যায় প্রতিমা বিসর্জন —।

৫। রমলা শাড়ী —।

৬। পূজোর সময় সে নতুন জামাকাপড় —।

৭। এই কদিন অফিস বন্ধ —।

৮। তোমার বর্ণনা শুনে লোভ —।

৯। বাংলা গান শুনে আমার ভালো —।

১০। তিনি একটা স্বরচিত গল্প —।

2. Negate the following sentences.

১। আমরা তখন বাড়ীতে টেলিভিশন দেখছিলাম।

২। তোমরা কি তখন ঘুমোচ্ছিলে ?

৩। দীপালি পড়াশুনা করছিল।

৪। তোরা কি গান করছিলি ?

৫। সে একটা প্রশ্নের উত্তর জিজ্ঞাসা করছিল।

৬। তারা ভালো ক্রিকেট খেলছিল।

৭। ক্লাসে বসে সে চেঁচাচ্ছিল।

৮। ছাত্রের উত্তর শুনে শিক্ষিকা রেগে যাচ্ছিলেন।

৯। দুষ্টু ছেলেটি ইঁট ছুঁড়ছিল।

১০। পূজোর সময় ছেলেমেয়েরা মেলামেশা করছিল।

3. Select the suitable word and fill up the blanks.

১।	শিক্ষিকা কি জিজ্ঞাসা — ?	যাচ্ছিলে
২।	তুমি কেন রোজ — ?	করছিলেন
৩।	তিনি প্রতিমাবিসর্জন —।	দিচ্ছিলেন

Vocabulary

যাচ্ছিলেন	'you/he was going'	যাচ্ছিলাম	'I was going'
জিজ্ঞাসা করবেন না	'Don't ask	পড়ছিল	'It was falling'

দর্শকেরা	'visitors'	মাঠ	'play-ground'
ভিজছিল	'he was getting wet'	মোটেই	'at all'
নীরবে	'silently'	বাজে	'worthless'
হট্টগোল	'chaos'		

NOTES

To form the past continuous form take the 1st personal present continuous form as base, then add past tense marker 'l' followed by the past tense personal suffixes.

-s- is added optionaly to 2nd personal (intimate) forms.

Examples—

আমি	খাচ্ছিলাম	দিচ্ছিলাম	শুচ্ছিলাম
আপনি	খাচ্ছিলেন	দিচ্ছিলেন	শুচ্ছিলেন
তুমি	খাচ্ছিলে	দিচ্ছিলে	শুচ্ছিলে
তুই	খাচ্ছিলি(স্)	দিচ্ছিলি(স্)	শুচ্ছিলি(স্)

Lesson 55

Rainy Day

সুমতি ঃ কাল সারাদিন বৃষ্টি হচ্ছিল।	Yesterday, it was raining whole day.
তুই কি করছিলি ?	What were you doing ?
অলোক ঃ কাল কিছু করছিলাম না।	Yesterday, I was doing nothing.
কেননা বৃষ্টি হচ্ছিল।	Because it was raining.
আর বাড়ীতেও কেউ ছিল না।	And nobody was there in the house.
সুমতি ঃ কাল সন্ধ্যাবেলা বাবা-মা'রা মামার বাড়ী গিয়েছিলেন।	Yesterday father and mother had gone to uncle's house.
মামার বাড়ীতে টি.ভি আছে।	A T.V. set was there in uncle's house.
ওঁরা সন্ধ্যেবেলা টি.ভি দেখছিলেন।	They were watching T.V. programmes in the evening.
তুই কি করছিলি ?	What were you doing ?
অলোক ঃ আমি একটা গল্পের বই পড়ছিলাম।	I was reading a story book.

বইটা খুব ভাল লাগছিল।	I liked that book very much.
সুমতি ঃ তারপর কি করছিলি ?	What were you doing after that ?
অলোক ঃ কাকাবাবু এসেছিলেন।	Uncle had come.
আমরা সবাই গল্প করছিলাম।	All of us were gossiping.
কাকাবাবু মজার মজার গল্প বলছিলেন।	Uncle was telling funny tales.
সুমতি ঃ কাল বৃষ্টির জন্যে বাবা মা ফিরছিলেন না।	As it was raining yesterday, parents were not returning.
আমি অনেকক্ষণ অপেক্ষা করছিলাম।	I was waiting for a long time.
তারপর বসে বসে ঘুমোচ্ছিলাম।	Then I slept sitting on the bed.
হঠাৎ মনে হল, কে যেন দরজায় ধাক্কা দিচ্ছে।	Suddenly I felt someone was knocking at the door.
আমি বার বার জিজ্ঞেস করছিলাম।	I was asking again and again.
অলোক ঃ তারপর তুই কি করলি ?	Then what did you do ?
সুমতি ঃ প্রথমে আমি দরজা খুলছিলাম না।	At first I didn't open the door.

তারপর জানলা খুলে দেখি পাশের বাড়ীর হরি।	After opening the window I saw Hari, of one of the houses of our side.
ও দাঁড়িয়ে দাঁড়িয়ে ভিজছিল।	By standing he was being wet.
আমি তাড়াতাড়ি দরজা খুলে দিলাম।	I opened the door immediately.

EXERCISES

1. Choose the correct form.

১। উনি ভাত (খাচ্ছিলেন/খাছিলেন)

২। আমরা কাল সন্ধ্যায় (ঘুমোছিলে ঘুমোচ্ছিলাম)

৩। আপনারা কখন (শুচ্ছিলেন/শুছিলেন)

৪। এরা সিনেমা (দেখচ্ছিলো/দেখছিলো)

৫। তোমরা কি বই (আনচ্ছিলে/আনছিলে)

2. Change the present continuous forms to the past continuous tense.

১। ছেলেরা মাঠে বসে চেঁচাচ্ছে।

২। তোমরা কোথায় যাচ্ছ?

৩। তারা কেন বৃষ্টিতে ভিজছে?

৪। শিক্ষিকা রেগে যাচ্ছেন।

৫। আমরা খুব খুশী হচ্ছি।

৬। তোমাদের সিনেমাটা কেমন লাগছে?

৭। আমার শরীর খারাপ লাগছে।

৮। ওরা ভালো খেলতে পারছে।

৯। ওরা দরজা বন্ধ করছে।

১০। ছেলেটি খেলছে।

Lesson 56

Information about the residence

আগে আপনি বর্দ্ধমানে থাকতেন ?	Did you live in Burdwan before.
না, আমি বর্দ্ধমানে থাকতাম না।	No, I didn't live in Burdwan.
আমার বাবা মা বর্দ্ধমানে থাকতেন।	My parents lived in Burdwan.
আমি কলকাতায় থাকতাম।	I stayed in Calcutta.
আপনি কোথায় থাকতেন ?	Where did you stay ?
কলকাতায় আপনি কি করতেন ?	What did you do in Calcutta ?
কলকাতায় আমার কাকা কাজ করতেন।	My uncle worked in Calcutta.
আমি তাঁর কাছে থেকে পড়তাম।	I studied staying with him.
আপনি বর্দ্ধমানে যেতেন না ?	Did you not go to Burdwan ?

হ্যাঁ, মাঝে মাঝে ছুটিতে বাবা মা'র সঙ্গে দেখা করতে যেতাম। — Yes, I used to go to meet my parents from time to time in my off days.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। আগে আপনি বর্দ্ধমানে থাকতেন ?
.... যেতেন ?
.... আসতেন ?

২। আপনি কোথায় থাকতেন ?
.... যেতেন ?
.... বসতেন ?
.... বেড়াতেন ?
.... ঘুমোতেন।

খ) ১। আমি কলকাতায় থাকতাম।
.... পড়তাম।
.... শিখতাম।
... . যেতাম।
... . আসতাম।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Negative

১। আপনি আগে বর্দ্ধমানে থাকতেন — .... থাকতেন না।
২। আপনি বর্দ্ধমানে যেতেন — .... যেতেন না।

৩। আমি কলকাতায় থাকতাম — .... থাকতাম না।
৪। আমি তাঁর কাছে থেকে পড়তাম — .... পড়তাম না।
৫। ছুটিতে বাবা মা'র সঙ্গে দেখা
করতে যেতাম — .... যেতাম না।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। থাকতেন

আপনি বর্দ্ধমানে থাকতেন।

আগে আপনি বর্দ্ধমানে থাকতেন।

২। কাজ করতেন

কাকা কাজ করতেন।

আমার কাকা কাজ করতেন।

কলকাতায় আমার কাকা কাজ করতেন।

EXERCISES

1. Fill up the blanks with the past habitual verb forms.

১। আমরা আগে রোজ সমুদ্রে — —।

২। তোমরা রোজ সকালে —।

৩। আপনারা আগে খুব সিনেমা —।

৪। আপনি কবিতা —।

৫। আমি সন্ধ্যায় বাড়ী —।

৬। আপনারা ফুল ।

৭। নেতাজী সুভাষ অন্যায়ের প্রতিবাদ — ।

৮। আপনারা আগে ভালো পড়াশুনা — ।

৯। আমি বই পড়তে — ।

2. Transform the following sentences into negative.

১। আপনারা বাংলা শিখতেন ।

২। আমরা কফি ভালোবাসতাম ।

৩। ওনারা রোজ রাস্তার ধারে দাঁড়াতেন ।

৪। আপনি আগে ছটায় ঘুম থেকে উঠতেন ।

3. Substitute the given verbal forms by the past habitual form

১। আমি তোমার জন্য সিনেমার টিকিট রাখি ।

২। তুমি রাত বারোটায় ঘুমোও ।

৩। উনি রাত্রে তাড়াতাড়ি শোন্ ।

৪। আমরা গান শুনতে ভালোবাসি ।

৫। কে বাংলা পড়ান ?

৬। আপনারা কেন বাংলায় কথা বলেন না ?

৭। তোমরা কখন ক্লাসে আসো ?

৮। আমি ষ্টেশনে দাঁড়িয়ে রোজ ট্রেন দেখি ।

Vocabulary.

থাকতেন	'you/he stayed'	থাকতাম	'I stayed'
করতেন	'you/he did'	করতাম	'I did'

থেকে	'staying	মাঝে মাঝে	'from time to time'
দেখা করতে	'to meet'	যেতেন	'you/he used to go'
	যেতাম	'I used to go'	

NOTES

This lesson uses the past habitual forms in affiirmative and negative. To form such forms the past habitual marker -t- is added to the high stem and then the past tense personal suffixes are added.

Example :

	হ 'be'	দি 'give'	শু 'lie'	খা 'eat'
আমি	হোতাম	দিতাম	শুতাম	খেতাম
আপনি	হোতেন	দিতেন	শুতেন	খেতেন
তুমি	হোতে	দিতে	শুতে	খেতে
তুই	হোতিস্	দিতিস্	শুতিস্	খেতিস্
সে	হোতো	দিতো	শুতো	খেতো

	কর 'do'	লিখ 'write'	দেখ 'see'	ঘুমো 'sleep'
আমি	করতাম	লিখতাম	দেখতাম	ঘুমোতাম
আপনি	করতেন	লিখতেন	দেখতেন	ঘুমোতেন
তুমি	করতে	লিখতে	দেখতে	ঘুমোতে
তুই	করতিস্	লিখতিস্	দেখতিস্	ঘুমোতিস্
সে	করতো	লিখতো	দেখতো	ঘুমোতো

Exception	: ac/cac type verbs, e.g.	
আমি	আনতাম	জানতাম
আপনি	আনতেন	জানতেন
তুমি	আনতে	জানতে
তুই	আনতিস্	জানতিস্
সে	আনতো	জানতো

These past habitual forms are used to refer to habitual actions in the past. The particle -na- is used after the verb in negation.

The sense, expressed in Bengali through the past habitual tense, is expressed in English many times only through the simple past.

Lesson 57

A mother and her daughter

গ্রামের শেষে বনের ধারে থাকত মা আর মেয়ে।	A mother and her daughter lived by the end of a village.
মা রেণুকা অনেক কষ্ট করে সংসার চালাতো।	Renuka, the mother maintained the family undergoing many hardships.
সে লোকের বাড়ী কাজ করতো।	She worked in people's houses.
রুণু স্কুলে পড়ত না।	Runu did not study in a school.
মেয়ে রুণু মাকে কাজে সাহায্য করত।	Runu, the daughter, used to help her mother in work.
সে বাড়ীতে লেখাপড়া শিখতো।	She learnt to read and write at home.
তারা সবার সঙ্গে ভালো ব্যবহার করতো।	They behaved well with all.

গ্রামের লোকেরা তাদের ভালো বাসতো। — The villagers loved them.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। গ্রামের শেষে বনের ধারে থাকত মা আর মেয়ে।

.... যেত ....।

.... বেড়াত ....।

২। সে লোকের বাড়ী কাজ করত।

.... যেত।

.... আসত।

৩। গ্রামের লোকেরা ভালোবাসত।

.... দেখতো।

.... বলতো।

.... জানতো।

খ) ১। রুণু স্কুলে পড়ত না।

.... যেত।

.... আসত।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Negative

১। গ্রামের শেষে থাকত মা আর মেয়ে — .... থাকত।

২। মা রেণুকা অনেক কষ্ট করে সংসার চালাতো — .... চালাতো না।

৩। সে লোকের বাড়ী কাজ করতো — .... করতো না।
৪। রুণু মা'কে সাহায্য করতো — ... . করতো না।
৫। সে বাড়ীতে লেখাপড়া শিখতো --- .... শিখতো না।
৬। গ্রামের লোকেরা ভালোবাসতো --- .... ভালোবাসতো না।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। মা আর মেয়ে কোথায় থাকত ?
মা আর মেয়ে গ্রামের ....।

২। রেণুকা কি করে সংসার চালাতো ?
সে লোকের ....।

৩। রেণুকা কি কাজ করতো ?
সে লোকের ....।

৪। রুণু কি স্কুলে পড়ত ?
না ....।

৫। গ্রামের লোকেরা কি তাদের ভালোবাসত ?
হ্যাঁ ....।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। থাকত মা
থাকত মা আর মেয়ে।
বনের ধারে থাকত মা আর মেয়ে।

২। চালাতো
সংসার চালাতো।
কষ্ট করে সংসার চালাতো।
অনেক কষ্ট করে সংসার চালাতো।
মা রেণুকা অনেক কষ্ট করে সংসার চালাতো।

৩। ভালোবাসতো
তাদের ভালোবাসতো।
লোকেরা তাদের ভালোবাসতো।
গ্রামের লোকেরা তাদের ভালোবাসতো।

EXERCISES

1. Fill up the blanks with the past habitual verb forms.

১। সে দুধ খেতে —।
২। তারা খুব সিনেমা —।
৩। সে ঠিক সময়ে রোজ স্কুলে —।
৪। আগে ওরা শোবার আগে দুধ খেয়ে —।
৫। সে আমার কাছ থেকে দুটাকা —।

2. Transform the following sentences into negative forms.

১। সে রোজ স্কুলে যেতো।
২। তারা এই চেয়ারগুলোয় বসত।

৩। রামেন্দ্রসুন্দর বেঞ্চির ওপর দাঁড়াত।

৪। মানসী প্রায়ই শাড়ী কিনত।

৫। ঠিক সময়ে আমার ভায়েরা স্কুল থেকে ফিরতো।

3. Write a small story of ten lines with the help of the following words. Add new words if necessary. Use past habitual verb forms.

— এক শহরের এক দোকানদার — ঠিক দামে শাড়ী বেচত — অনেক ক্রেতা — খুব ভীড় সব সময় – অন্য দোকানদারের হিংসা করত – কিন্তু লোকেরা ভালোবাসতো।

Vocabulary

কষ্ট করে	'undergoing hardship'	সংসার চালাতো	'used to maintain family/maintained'
কাজ করত	'she/he used to work/worked'	সাহায্য করত	'she/he used to help/helped'
লেখাপড়া শিখতো	'he/she used to study/studied'	ভালোবাসতো	'he/she used to love/loved'

Lesson 58

Staying at Bhubaneswar

মহাদেব : তুমি ভুবনেশ্বরে কোথায় থাকতে ?	Where did you stay at Bhubaneswar ?
হাবিব : আমি ইউনিট নয়তে থাকতাম।	I was in the Unit 9.
মহাদেব : তুমি কি ভাড়া বাড়ীতে থাকতে ?	Were you in the rented house ?
হাবিব : না, আমি ভাড়া বাড়ীতে থাকতাম না।	No, I was not in a rented house.
আমি গভর্ণমেন্ট কোয়ার্টারসে থাকতাম।	I stayed in a Govt. quarters.
আপনিও তো একসময়ে ভুবনেশ্বরে থাকতেন।	Once you also stayed at Bhubaneswar.
কোথায় থাকতেন ?	Where did you stay ?
মহাদেব : আমি ওল্ড টাউনে থাকতাম।	I was in the old town.
হাবিব : ওখানে কোথায় থাকতেন ?	Where did you stay there ?
মহাদেব : আমি দিদির বাড়ীতে থাকতাম।	I was in my elder sister's house.
হাবিব : দিদি কি ভুবনেশ্বরে থাকতেন ?	Was your elder sister in Bhubaneswar ?

মহাদেব ঃ হঁ্যা, জামাইবাবু ওখানে কাজ করতেন।	Yes, my brother in-law served there.
হাবিব ঃ কোথায় কাজ করতেন ?	Where did he work ?
মহাদেব ঃ ইণ্ডিয়ান এয়ার লাইনসে কাজ করতেন।	He served in Indian Airlines.
হাবিব ঃ ওঁরা কি কোয়ার্টারসে থাকতেন ?	Were they in the quarters ?
মহাদেব ঃ না, ওঁরা কোয়ার্টারসে থাকতেন না।	No, they were not in the quarters.
ওদের বাড়ী ভুবনেশ্বরে।	They have their own house in Bhubaneswar.
হাবিব ঃ এখনও কি ওঁরা ভুবনেশ্বরে আছেন।	Are they in Bhubaneswar still now ?
মহাদেব ঃ হঁ্যা, এখনও ওঁরা ভুবনেশ্বরে আছেন।	Yes, they are still now in Bhubaneswar.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। তুমি ভুবনেশ্বরে কোথায় থাকতে ?

.... বেড়াতে ?

.... যেতে ?

.... ঘুরতে ?

২। আমি ইউনিট ময়েতে থাকতাম।

.... যেতাম।

.... আসতাম।

.... বেড়াতাম।

খ) ১। হাঁ, জামাইবাবু ওখানে কাজ করতেন।

... . দেখতেন।

.... লিখতেন।

২। ওঁরা কি কোয়ার্টারসে থাকতেন ?

.... আসতেন ?

.... যেতেন ?

.... ফিরতেন ?

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। থাকতে

কোথায় থাকতে ?

ভুবনেশ্বরে কোথায় থাকতে ?

তুমি ভুবনেশ্বরে কোথায় থাকতে ?

২। থাকতাম

কোয়ার্টারসে থাকতাম।

গভর্ণমেণ্ট কোয়ার্টারসে থাকতাম।

আমি গভর্ণমেণ্ট কোয়ার্টারসে থাকতাম।

৩। আছেন

ভুবনেশ্বরে আছেন।

ওঁরা ভুবনেশ্বরে আছেন।

এখনও ওঁরা ভুবনেশ্বরে আছেন।

হ্যাঁ, এখনও ওঁরা ভুবনেশ্বরে আছেন।

৪। করতেন

কাজ করতেন।

এয়ারলাইনসে কাজ করতেন।

ইণ্ডিয়ান এয়ারলাইনসে কাজ করতেন।

জামাইবাবু ইণ্ডিয়ান এয়ারলাইনসে কাজ করতেন।

আমার জামাইবাবু ইণ্ডিয়ান এয়ারলাইনসে কাজ করতেন।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Negative Transformation :

১। তুমি কি ভাড়া বাড়ীতে থাকতে ?	তুমি কি ভাড়া বাড়ীতে থাকতে না ?
২। আমি গভর্ণমেণ্ট কোয়ার্টারসে থাকতাম।	....
৩। আপনিও তো একসময়ে ভুবনেশ্বরে থাকতেন।	... .
৪। আমার জামাইবাবু ইণ্ডিয়ান এয়ার লাইনসে কাজ করতেন।	....
৫। দিদি কি ভুবনেশ্বরে থাকতেন ?	....

EXERCISES

1. Change the verbal forms into past habitual.

১। আমি মহিষাদলে ছিলাম।

২। আপনি কি রোজ ক্যাপিটাল মার্কেটে যান ?

৩। আমরা প্রায়ই বিকেলে সিনেমা দেখি।

৪। তোমার দাদা কি ই. আর. এল. সি. তে কাজ করছিলেন ?

৫। আপনারা কি লক্ষ্মীসাগরে থাকবেন ?

৬। তারা বিকেল ৫ টায় কলেজ থেকে বাড়ী ফেরে।

৭। তুমি কি হাওড়া ষ্টেশন দিয়ে যাতায়াত কর ?

2. Fill up the blanks with the past habitual verb forms.

১। আগে আমরা টালিগঞ্জে —।

২। আমার ভাই সারাভাই কেমিক্যালসে কাজ —।

৩। আপনি বিকেলে আমার বাড়ীতে —।

৪। আমরা বন্ধুরা রোজ সমুদ্রে স্নান —।

৫। তুমি বড়বাজারে কোথায় —।

৬। আমি বিকেলে সমুদ্রের তীরে —।

৭। তোমার দু ভাই আগে কোথায় কাজ — ?

3. Combine the two sentences.

১। আমি ৮টায় কলেজে যেতাম। আমার ভাইও যেতো।

২। তুমি জলপাইগুড়িতে কাজ করতে। তোমার কাকাও করতেন।

৩। সে লক্ষ্মীসাগরে হষ্টেলে থাকত। আমিও থাকতাম।

৪। অশোক রোজ বিকেলে ঘুরত। ওর বন্ধুও ঘুরত।

4. Transform the affirmative sentences into interrogative.

১। আপনি আগে কফি খেতেন।

২। দীপার মাসী কোলকাতা বিশ্ববিদ্যালয়ে পড়তেন।

৩। তুমি রোজ গঙ্গায় স্নান করতে।

৪। তোমার ছোট ভাই বিষ্ণুপুরে থাকতো।

৫। ছোটবেলায় তুই পার্কে খেলতিস্।

Lesson 59

Visit to Puri

গীতা	ঃ তোর সঙ্গে অনেকদিন পরে দেখা হল।	I met you after a long period.
	ছুটিতে কোথায় গিয়েছিলি ?	Where did you go in the vaction ?
রীণা	ঃ ছুটিতে পুরী গিয়েছিলাম।	I went to Puri in the vacation.
গীতা	ঃ পুরীতে কি করতিস্।	What did you do in Puri ?
রীণা	ঃ পুরীতে সমুদ্রের ধারে বেড়াতাম।	I walked on the seabeach.
	চান করতাম।	I took my bath.
	হোটেলের ব্যালকনিতে বসে সমুদ্র দেখতাম।	I observed the sea sitting in the balcony of the hotel.
	সন্ধ্যাবেলা বেড়িয়ে ফিরতাম।	After roaming I returned in the evening.
	তারপর খেয়ে ঘুমোতাম।	After I took my meal and slept.
গীতা	ঃ তোর সঙ্গে কে কে থাকতেন ?	Who were with you ?
রীণা	ঃ আমি আর আমার মামাতো বোন উমা একসঙ্গে থাকতাম।	My cousin (sister) and I were together.

	আমরা একসঙ্গে বেড়াতাম।	We walked together.
	মা ও বাবা মন্দিরে যেতেন।	Parents went to the temple.
গীতা	: তুই মন্দিরে যেতিস্ না ?	Did you not go to the temple ?
রীণা	: আমরা মাঝে মাঝে যেতাম।	We went sometimes.
	সকালে চান করে মন্দিরে যেতাম।	In the morning after taking bath we went to the temple.
গীতা	: তুই বেশ ভালোভাবে ছুটিটা কাটালি।	You spent the holidays quite well.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। ছুটিতে কোথায় গিয়েছিলি ?
.... বেড়িয়েছিলি ?
.... থেকেছিলি ?

২। পুরীতে কি করতিস্ ?
.... দেখতিস্ ?
.... খেতিস্ ?

৩। পুরীতে সমুদ্রের ধারে বেড়াতাম।
.... ঘুরতাম।
.... থাকতাম।

৪। আমরা মাঝে মাঝে যেতাম।

.... দেখতাম।

৫। আমার বাবা মা মন্দিরে যেতেন।

.... ঘুরতেন।

.... বেড়াতেন।

.... খেতাম।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। দেখা হল।

অনেকদিন পরে দেখা হল।

তোর সঙ্গে অনেকদিন পরে দেখা হল।

২। গিয়েছিলি ?

কোথায় গিয়েছিলি ?

ছুটিতে কোথায় গিয়েছিলি ?

৩। গিয়েছিলাম।

পুরী গিয়েছিলাম।

ছুটিতে পুরী গিয়েছিলাম।

৪। দেখতাম।

সমুদ্র দেখতাম।

ব্যালকনিতে বসে সমুদ্র দেখতাম।

হোটেলের ব্যালকনিতে বসে সমুদ্র দেখতাম।

৫। আমি থাকতাম।

আমি আর আমার মামাতো বোন থাকতাম।

আমি আর আমার মামাতো বোন উমা থাকতাম।

আমি আর আমার মামাতো বোন উমা এক সঙ্গে থাকতাম।

৬। কাটালি

ছুটিটা কাটালি।

ভালভাবে ছুটিটা কাটালি।

বেশ ভালভাবে ছুটিটা কাটালি।

তুই বেশ ভালোভাবে ছুটিটা কাটালি।

EXERCISES

1. Fill up the blanks with the participial forms.

১। তিনি অনেক রাত্রি পর্য্যন্ত — থাকতেন।

২। আমি রোজ গান — ফিরতাম।

৩। রমা স্নান না — স্কুলে যেত।

৪। তুমি প্রতিদিন বাসে — যেতে।

৫। আপনি আগে হোটেলে — আসতেন।

2. Combine the two sentences using participial forms.

১। তিনি গঙ্গায় হেঁটে হেঁটে যেতেন। তিনি গঙ্গায় স্নান করতেন।

২। অনিল তাড়াতাড়ি পড়া শেষ করত। তারপর ক্লাবে যেত।

৩। অনুপের বোন গান শিখত না। সে চর্চা করত।

৪। যুথি প্রতিদিন বিকেলে বনানীর বাড়ীতে যেত। সে বেড়াত।

৫। আমি কলেজ থেকে ফিরতাম। কিছু খেয়ে শুয়ে পড়তাম।

৬। তোমরা আগে আমার বাড়ী আসতে কত গল্প করতে।

৭। আপনারা মিটিং করতেন। আর সবার কাছে পরিচিত হতেন।

৮। আমরা শীতকালে ব্যাডমিণ্টন খেলতাম। শরীর গরম করতাম।

৯। তোরা খুব ভোরে উঠতিস্। পূজোর জন্যে তোরা ফুল কুড়োতিস্।

১০। ছেলেরা টাইপ-সর্ট হ্যাণ্ড শিখত না। তারা সহজেই চাকরী পেত।

Lesson 60

Revised Lesson

বিদ্যাসাগর ছোটবেলায় কোলকাতায় থেকে পড়াশুনা করতেন।	Vidyasagar continued his study in the childhood staying in Calcutta.
তিনি তাঁর বাবার সঙ্গে থাকতেন।	He stayed with his father.
তাঁর বাবা কোলকাতায় সাধারণ কাজ করতেন।	His father was engaged in an ordinary service in Calcutta.
তাই বিদ্যাসাগর খুব কষ্ট করে লেখাপড়া করতেন।	That's why he studied with a great struggle.
তিনি কখনো কোন সময় নষ্ট করতেন না।	He never killed time.
আলোর অভাবে তিনি রাস্তার আলোয় পড়তেন।	In want of lamp he read in the light of the lamp post.
তিনি খুব ভালো ছাত্র ছিলেন।	He was a very good student.
প্রত্যেকটি পরীক্ষায় তিনি ভালো করতেন।	In every examination his achievement was good.
তিনি সবচেয়ে বেশী নম্বর পেতেন।	He obtained the highest marks.

তাই শিক্ষকমশাইরা তাঁকে খুব ভালোবাসতেন।

So, the teachers loved him very much.

তিনি সংস্কৃত কলেজে পড়তেন।

He studied in the Sanskrit College.

পরে তিনি ঐ কলেজের শিক্ষক হলেন।

Later, he became the lecturer in that college.

তিনি ফোর্ট উইলিয়ম কলেজেও শিক্ষকতা করতেন।

He was also engaged in teaching in the Fort William College.

তিনি খুব ভালোভাবে ছাত্রদের শিক্ষা দিতেন।

He taught the students very well.

শিক্ষাবিভাগের কাজকর্মও তিনি দেখাশোনা করতেন।

He supervised also different works of Education department.

তিনি সমাজ সেবাও করতেন।

He was also engaged in social service.

গরীব লোকেদের তিনি খুব সাহায্য করতেন।

He helped the poor people very much.

দেশের সব লোক তাঁকে দেবতার মতো ভক্তি কর ত।

Everybody of the country respected him like a God.

কুসংস্কারের বিরুদ্ধে তিনি সব সময়ে সংগ্রাম করতেন।	He always faught against superstitions.
সমাজের অবহেলিত মানুষের প্রতি তাঁর খুব দরদ ছিল।	He had a great sympathy for the neglected people of the society.
এই জন্যে তিনি সমাজপতিদের বিরুদ্ধে কাগজে লিখতেন।	That's why he wrote in the paper against the heads of the society.
তিনি খুব দান করতেন।	He donated very much.
তাই দেশের লোকেরা তাঁকে দানসাগরও বল্‌ত।	So, the people of the country called him danasagar (sea of gifts) also.

EXERCISES

1. Transform the verbal forms into past habitual.

১। আমি বাড়ীতে থাকলে খুব দেরী করে উঠি।
২। কলকাতায় গেলে আমি প্রায়ই পিসীর বাড়ী যাই।
৩। মিলন প্রতি সোমবার গানের স্কুলে যায়।
৪। আপনি রোজ ফুটবল খেলেন।
৫। ঠাকুমা বুলবুলকে রোজ গল্প বলেন।
৬। মেজকাকা রোজ আমাদের বাড়ী আসেন।
৭। সুনন্দা গল্পের বই পড়তে ভালবাসে।

৮। সুজাতা তার মা বাবার কাছে কাশীতে থাকে।

৯। তুমি রোজ সমুদ্রে স্নান করো।

১০। তুই গরমকালে সন্ধ্যেবেলায় গাছে জল দিস্ ।

2. Fill up the blanks the with past habitual forms.

১। আমরা রোজ সমুদ্রে স্নান --- ।

২। ছোটবেলায় আমি রোজ মাঠে বন্ধুদের সঙ্গে — ।

৩। দশ বছর আগে তুমি রোজ স্কুলে — ।

৪। আপনি আগে প্রায়ই দিল্লী — ।

৫। অনেকদিন আগে তোরা প্রায়ই আমাদের বাড়ী — ।

৬। রমেশবাবু তার নাতিকে নিয়ে বাগানে — ।

৭। সুজয় প্রেসিডেন্সী কলেজে — ।

৮। তুমি সুচিত্রা মিত্রের কাছে গান — ।

৯। হরিবাবু রোজই গরীবদের পয়সা — ।

১০। সতীশবাবু খুব সুন্দর গান — ।

Evaluation - cum - Test

1. Transform the following sentences into the past habitual sentences.

১। তারা রোজ গান করে।

২। আমরা অনেক বই কিনলাম।

৩। আমার কথা শুনে তুই হাসিস্।

৪। ছেলেরা সকালে মুখ ধোয়।

৫। কারা গান শুনছে ?

2. Transform the following sentences into interrogative sentences.

১। ওরা আগে শাড়ী বেচত।

২। ঐ দোকানদার আগে দাম কমাত।

৩। আপনার সন্দেশ ভালো লাগত।

৪। আমি তাড়াতাড়ি ঘুমোতাম।

৫। তোমরা মাঝে মাঝে পুরীতে বেড়াতে যেতে।

3. Answer the following questions.

১। আপনি চা না কফি পছন্দ করতেন ?

২। আমার ক্লাসে আপনি কি মন দিয়ে পড়াশুনা করতেন ?

৩। কোথায় বেড়াতে যেতেন আগে রোজ বিকেলে ?

৪। আপনার প্রদেশে আপনার বাড়ীতে রোজ সকালে কিং করতেন ?

৫। ছোটবেলায় আপনি কোথায় থাকতেন ?

Lesson 61

Two friends

সুজয় ঃ কি ব্যাপার গৌতমের বাড়ী যাবার জন্য এখনো তৈরী হওনি ?	What is the matter ? You have not yet been ready for going to Gautam's house ?
অজয় ঃ না ভাই, গৌতমকে বোলো আজ আমি যেতে পারব না।	No brother, tell Gautam that I'll not be able to go to-day.
আমার ভীষণ মাথাব্যাথা করছে।	I am suffering from severe headache.
সুজয় ঃ তোমার জন্য দুটো অ্যানাসিন ট্যাবলেট কিনে আনব ?	Shall I bring two Anacin tablets for you ?
অজয় ঃ অ্যানাসিন খেয়েছি, অ্যানাসিন এনো না।	I have taken Anacin, don't bring Anacin.
ফেরবার সময় দুটো নোভালজিন ট্যাবলেট কিনে এনো।	Bring two Novalgin tablets while returning.
সুজয় ঃ আচ্ছা তুমি পারলে ফোনে একবার গৌতমকে জানিয়ো।	Well, If it is possible, inform Gautam by phone.

অজয় ঃ জানাব, তুমি আর একটা কাজ কোরো।	I'll inform, do another work also.
গৌতমকে ওর এই বইটা ফেরত দিও।	Return this book to Gautam.
আর ওর কাছে তারাশংকরের আরোগ্যনিকেতন বইটা ফেরত চেয়ো।	And tell him to return Tarasankar's Arogyaniketan.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। গৌতমকে বোলো আজ আমি যেতে পারব না।
.... জানিয়ো ....।

২। ফেরবার সময় দুটো নোভালজিন ট্যাবলেট কিনে এনো।
.... দিয়ো।
.... নিয়ো।
.... যেয়ো।

৩। তুমি পারলে ফোনে একবার গৌতমকে জানিয়ো।
.... বোলো।

৪। তুমি আর একটা কাজ কোরো।
.... দিয়ো।
.... বোলো।

খ) ১। অ্যানাসিন এনো না।
.... দিয়ো না।

.... চেয়ো না।

.... নিয়ো না।

.... খেয়ো না।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Negative transformation—

১। গৌতমকে বোলো। .... বোলো না।

২। দুটো নোভালজিন ট্যাবলেট কিনে এনো। .... এনো না।

৩। তুমি ফোনে গৌতমকে জানিয়ো। ... . জানিয়ো না।

৪। তুমি আর একটা কাজ কোরো। .... কোরো না।

৫। গৌতমকে ওর বইটা ফেরত দিয়ো। .... দিয়ো না।

৬। আরোগ্যনিকেতন বইটা ফেরত চেয়ো। .... চেয়ো না।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। পারব না।
যেতে পারব না।
আজ আমি যেতে পারব না।
বোলো আজ আমি যেতে পারব না।

২। কিনে এনো।
ট্যাবলেট কিনে এনো।
দুটো নোভালজিন ট্যাবলেট কিনে এনো।
ফেরবার সময় দুটো নোভালজিন ট্যাবলেট কিনে এনো।

৩। জানিয়ো।

গৌতমকে জানিয়ো।

একবার গৌতমকে জানিয়ো।

ফোনে একবার গৌতমকে জানিয়ো।

তুমি পারলে একবার ফোনে গৌতমকে জানিয়ো।

৪। কাজ কোরো।

একটা কাজ কোরো।

আর একটা কাজ কোরো।

তুমি আর একটা কাজ কোরো।

৫। ফেরত দিয়ো।

বইটা ফেরত দিয়ো।

এই বইটা ফেরত দিয়ো।

ওর এই বইটা ফেরত দিয়ো।

গৌতমকে ওর এই বইটা ফেরত দিয়ো।

৬। এনো না।

অ্যানাসিন এনো না।

EXERCISES

1. Fill up the blanks with the second person familiar future imperative forms.

১। কাল তুমি আমার বাড়ী —।
২। তোমরা 'অংকুর' সিনেমাটা —।
৩। এই বইটা নিশ্চয় —।
৪। কাল রাত এগারোটার মধ্যে —।
৫। পাশের ঘরের বিছানায় ঘুম পেলে —।
৬। এই প্রশ্নের উত্তর না দিতে পারলে ওই প্রশ্নের উত্তর —।
৭। তাকে এ কথাটা —।
৮। আমার কাছ থেকে বইটা — —।
৯। তোমার বাবা মা বাড়ী আসলে আমাকে খবর —।
১০। কাল সিনেমার দুটো টিকিট —।

2. Transform the following sentences into negative sentences.

১। দুটো কলা কিনে এনো।
২। মধুকে ডেকে দিয়ো।

৩। সিনেমায় গিয়ে সময় কাটিয়ো।

৪। বক্তৃতায় বেশী কথা বলো।

৫। দেওঘরে গেলে আমার বোনের বাড়ীতে থেকো।

3. Change the following present imperative verbal forms into the future imperative.

১। সারা সপ্তাহের ময়লা জামাকাপড়গুলো কাচো।

২। গোলমাল না করে গান শোনো।

৩। মানুষকে ভালোবাসো।

৪। তাড়াতাড়ি গান শেখো।

৫। ঐ ঘরে গিয়ে বোসো।

Vocabulary

ব্যাপার	'matter'	পারলে	'if you can'
তৈরী হওনি	'you have not been ready'	জানিয়ো	'(you) inform (fut.)'
মাথাব্যথা	'headache'	কোরো	'(you) do' (fut.)
ট্যাবলেট	'tablet'	ফেরত দিয়ো	'you return (fut.)'
ভীষণ	'severe'	ফেরত চেয়ো	'you tell to return'
বোলো	'(you) tell (fut.)	এনো	'(you) bring (fut.)

NOTES

Future imperative second person familiar forms of verb are formed by adding -o to the high stem.

Examples :		Future Imperative
খা	'eat'	খেয়ো
দে	'give'	দিয়ো
শোন্	'hear'	শুনো
দ্যাখ্	'see'	দেখো
কর্	'do'	কোরো

The disyllabic roots have the vowel -i- in the second syllable before the suffix -o Examples :—

ঘুমো	'sleep'	ঘুমিয়ো
বেড়া	'wander'	বেড়িয়ো
দ্যাখ	'show'	দেখিয়ো etc.

Lesson 62

Request for buying something

অমর :	সমরবাবু,এবারে ছুটিতে কাশ্মীর যাচ্ছেন না কি ?	Samarbabu, are you going to Kashmir during this vacation ?
	আমার জন্য কয়েকটা জিনিস আনবেন ?	Will you please bring few things for me ?
সমর :	নিশ্চয়,কি কি জিনিস বলুন।	Of course, what are those things, tell.
অমর :	দুটো শাল আর একটা লেডিস কোট আনবেন।	Please bring two shawls and one ladies' coat.
	লেডিস কোটটা হাল্কা রঙের কিনবেন।	Purchase the ladies' coat of light colour.
সমর :	দুটোই কি লেডিস্ শাল কিনবো ?	Shall I purchase both the ladies' shawls ?
অমর :	না, একটা নেবেন জেন্টস্ শাল, আর একটা লেডিস্ শাল।	No, take one gents' shawl and the other ladies'.
	আর দোকানে লেডিস্ শালটা ঘন রঙের চাইবেন।	And ask for a deep coloured ladies' shawl in the shop.

সমর ঃ আচ্ছা, তাহলে কালকে টাকাটা পাঠিয়ে দেবেন । — All right, then send the money to-morrow.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১ । দুটো শাল আর একটা লেডিস্ কোট আনবেন ।

.... কিনবেন ।

.... চাইবেন ।

.... দেবেন ।

২ । লেডিস্ কোটটা হালকা রঙের কিনবেন ।

.... দেবেন ।

.... আনবেন ।

.... নেবেন ।

৩ । লেডিস্ শালটা ঘন রঙের চাইবেন ।

.... পাঠাবেন ।

.... দেখাবেন ।

.... পেয়ে যাবেন ।

৪ । তাহলে কালকে টাকাটা পাঠিয়ে দেবেন ।

.... দিয়ে .... ।

.... চেয়ে .... ।

.... রেখে .... ।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Negative

১। আমার জন্য কয়েকটা জিনিস আনবেন .... আনবেন না।

২। লেডিস্ কোটটা হালকা রঙের কিনবেন .... কিনবেন না।

৩। দোকানে লেডিস শালটা ঘন রঙের চাইবেন .... চাইবেন না।

৪। তাহলে কালকে টাকাটা পাঠিয়ে দেবেন .... দেবেন না।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। আনবেন

কোট আনবেন।

লেডিস্ কোট আনবেন।

একটা লেডিস্ কোট আনবেন।

শাল আর একটা লেডিস্ কোট আনবেন।

দুটো শাল আর একটা লেডিস্ কোট আনবেন।

২। কিনবেন

রঙের কিনবেন।

হালকা রঙের কিনবেন।

কোটটা হালকা রঙের কিনবেন।

লেডিস্ কোটটা হালকা রঙের কিনবেন।

৩। চাইবেন

ঘন্ন রঙের চাইবেন।

শালটা ঘন্ন রঙের চাইবেন।

লেডিস্ শালটা ঘন্ন রঙের চাইবেন।

৪। পাঠিয়ে দেবেন।

টাকাটা পাঠিয়ে দেবেন।

কালকে টাকাটা পাঠিয়ে দেবেন।

তাহলে কালকে টাকাটা পাঠিয়ে দেবেন।

EXERCISES

1. Fill up the blanks with the second personal (honorific) future imperative forms.

১। আমার জন্য কয়েকটা বই —।

২। দেবতার কাছে সব ফল উৎসর্গ —।

৩। ভালো করে পড়াশোনা —।

৪। রোজ সকালে আমার বাড়ীতে —।

৫। আপনারা আগামী পরশু ডাক্তারখানা —।

2. Negate the following sentences.

১। কাল আমার জন্য ষ্টেশনের কাছে অপেক্ষা করবেন।

২। রেডিওতে আমার অভিনীত নাটকটা শুনবেন।

৩। আমাকে ২ দিনের মধ্যে চিঠি লিখবেন।

৪। 'কোরাস্' সিনেমাটা অবশ্যই দেখবেন।

3. Substitute the following underlined words by some other future imperative forms.

১। আমাকে দুটো সিনেমার টিকিট পাঠাবেন।

২। আগামী রবিবার অবশ্যই আমার বইটা কিনবেন।

৩। রবিবারের মধ্যে আলমারিটা বিক্রি করে দেবেন।

Vocabulary

জিনিস্	'thing'	কাল্‌কে	'to-morrow'
শাল	'shawl'	আনবেন	future imperative forms in second person (honorific)
কোট	'coat'	কিনবেন	
হালকা	'light'	নেবেন	
ঘন	'deep'	চাইবেন	
		পাঠিয়ে দেবেন	

NOTES

The simple future verbal forms are used to express the future imperative sense in second person (honorific). When the imperative is expressed, the personal pronoun is usually omitted. Example—

আপনি বইটা আনবেন 'you will bring the book'

বইটা আনবেন '(please) bring the book' (in the future.)

Lesson 63

Order of a master to his servant

রামু, কাল সকালে একবার ডাকঘরে যাস্।	Ramu, go to the post office once to-morrow in the morning.
আচ্ছা, বাবু।	All right babu.
আমার জন্য দুটো খাম আনিস্।	Bring two envelopes for me.
আর এই চিঠিটা ডাকে ফেলিস্।	And post the letter.
আচ্ছা বাবু, কাল যাবার সময় চিঠিটা আর খামের জন্য পঞ্চাশ পয়সা দেবেন।	All right babu, give the letter and fifty paise for envelopes to-morrow at the time of my going.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। কাল সকালে একবার ডাকঘরে যাস্।

.... আসিস্।

২। দুটো খাম দিস্।

... ... আনিস্।

৩। এই চিঠিটা ডাকে ফেলিস্ ।

.... দিস্ ।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Negative

১। কাল সকালে ডাকঘরে যাস্	.... যাস্ না।
২। আমার জন্য ছুটো খাম্ আনিস্	.... আনিস্ না।
৩। এই চিঠিটা ডাকে ফেলিস্	.... ফেলিস্ না।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। যাস্

ডাকঘরে যাস্ ।

একবার ডাকঘরে যাস্ ।

সকালে একবার ডাকঘরে যাস্ ।

কাল সকালে একবার ডাকঘরে যাস্ ।

রামু, কাল সকালে একবার ডাকঘরে যাস্ ।

২। আনিস্

খাম আনিস্ ।

ছুটো খাম আনিস্ ।

আমার জন্য ছুটো খাম আনিস্ ।

৩। ফেলিস্

ডাকে ফেলিস্।

চিঠিটা ডাকে ফেলিস্।

এই চিঠিটা ডাকে ফেলিস্।

আর এই চিঠিটা ডাকে ফেলিস্।

৪। দেবেন

পঞ্চাশ পয়সা দেবেন।

খামের জন্য পঞ্চাশ পয়সা দেবেন।

আর খামের জন্য পঞ্চাশ পয়সা দেবেন।

চিঠিটা আর খামের জন্য পঞ্চাশ পয়সা দেবেন।

যাবার সময় চিঠিটা আর খামের জন্য পঞ্চাশ পয়সা দেবেন।

কাল যাবার সময় চিঠিটা আর খামের জন্য পঞ্চাশ পয়সা দেবেন।

EXERCISES

1. Fill up the blanks with the second personal (intimate) forms.

১। কাল আমাকে —।

২। দুদিন পরে আমার বাড়ী —।

৩। পরীক্ষায় ভালো নম্বরের জন্য রোজ দুঘণ্টা —।

৪। আজ রাত বারোটার পর —।

৫। এই আমটা কাল ---।

৬। আমার জন্য কাল বিকেলে মেট্রোর কাছে অপেক্ষা —।

৭। আমার ভাইকে এই খবরটা নিশ্চয় —।

৮। বাংলাভাষার পর আরো একটা ভাষা —।

৯। আমার কথা তাকে — ।

১০। আজ রেডিওতে প্রধান মন্ত্রীর ভাষণ — ।

2. Transform the following sentences into negative statements.

১। এই শাড়ীটা তোর বোনের জন্মদিনে কিনিস্ ।

২। বন্ধুর কাছে জিনিসের দাম কমাস্ ।

৩। পূজোর সময় শাড়ীর দাম বাড়াস্ ।

৪। রোজ বিকেলে একটু বেড়াস্ ।

৫। অসুস্থ হলে ডাক্তার ডাকিস্ ।

Vocabulary

ডাকঘর	'post office'	যাস্	Future imperative forms (2nd imt.)
খাম	'envelope'	আনিস্	
		ফেলিস্	

NOTES

To express the future imperative sense the present indefinite forms are used in the second personal intimate. Note that for three second personal forms (honorific, familiar and intimate) three different sets of forms are used in the future imperative.

Lesson 64

Request for Book

আব্দুল : রমেশবাবু, আমার একটা উপকার করবেন ?	Rameshbabu, will you help me ?
রমেশ : বলুন, নিশ্চয় চেষ্টা করব।	Tell, I will try certainly.
আব্দুল : আপনি তো কোলকাতা যাচ্ছেন।	You are going to Calcutta.
আমার ছেলের কয়েকটা বই আনবেন ?	Will you bring some books for my son ?
রমেশ : হ্যাঁ, নিশ্চয় আনব।	Yes, I will bring certainly.
কি বই বলুন।	Tell, what books ?
আব্দুল : আমার ছেলেকে ডাকছি।	I am calling my son.
রফি, এদিকে শোন্।	Rafi, listen to me.
রফি : বাবা, কি বলছ ?	Father, what are you telling ?
আব্দুল : কি কি বই দরকার রমেশ কাকাকে বল্।	Tell to your (Ramesh) uncle which books you need.
রফি : রমেশ কাকা, আমার জন্য একটা এটলাস আর ড্রইং বই আনবেন।	Ramesh uncle, you plese bring for me one Atlas and a drawing book.

রমেশ	ঃ রফি তুমি কোন ক্লাসে পড় ?	Rafi, in which class do you read ?
রফি	ঃ আমি ক্লাস এইটে পড়ি।	I am reading in class eight.
রমেশ	ঃ তুমি ভবিষ্যতে কি পড়বে ?	What will you study in future ?
রফি	ঃ আমি ডাক্তারি পড়ব।	I will study medical science.
রমেশ	ঃ তাহলে তুমি ভাল করে পোড়ো।	Then you study well.
আব্দুল	ঃ রফি, রমেশ কাকা ঠিকই বলেছেন।	Rafi, Ramesh uncle has said rightly.
	ভালো করে পড়াশোনা করিস্।	Study well.
	রমেশ কাকার কাছে যাস্।	Go to Ramesh uncle.
	ভালো করে বিজ্ঞান শিখিস।	Learn science well.
রমেশ	ঃ রফি তুমি আমার বাড়ী যেয়ো।	Rafi, go to my house.
	পড়াশোনায় অবহেলা কোরো না।	Don't neglect your study.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। রমেশবাবু আমার একটা উপকার করবেম ?

... . কাজ .... ?

২। আমার ছেলের কয়েকটা বই আনবেন ?

.... জিনিস .... ?

.... কাপড় .... ?

৩। তুমি ভবিষ্যতে কি পড়বে ?

.... করবে ?

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। উপকার করবেন ?

একটা উপকার করবেন ?

আমার একটা উপকার করবেন ?

২। বই আনবেন ?

কয়েকটা বই আনবেন ?

ছেলের কয়েকটা বই আনবেন ?

আমার ছেলের কয়েকটা বই আনবেন ?

৩। কোন্ ক্লাসে পড় ?

তুমি কোন্ ক্লাসে পড় ?

রফি, তুমি কোন্ ক্লাসে পড় ?

৪। অবহেলা কোরো না।

পড়াশোনায় অবহেলা কোরো না।

৪। শোন

এদিকে শোন।

রফি এদিকে শোন।

৫। বল্

রমেশ কাকাকে বল্।

কি কি দরকার রমেশ কাকাকে বল্।

কি কি বই দরকার রমেশ কাকাকে বল।

৬। ভালো করে শিখিস।

ভালো করে বিজ্ঞান শিখিস্।

EXERCISES

1. Fill up the blanks with the future imperative verbal forms.

১। প্রতিমার জন্মদিনে আপনি একটা সুন্দর ছবি —।

২। পরশুদিন কমলের পরিবর্তে তুই ফুটবল —।

৩। আপনারা রোজ বিকেলে পার্কের দিকে বেড়াতে —।

৪। তুমি প্রতিদিন সন্ধ্যায় পড়াশোনা —।

৫। এ ব্যাপারে তোরা সকলে মিলে প্রসন্নকে জিজ্ঞাসা —।

৬। তোমরা যে কোনদিন লাইব্রেরীতে —।

2. Transform the following sentences into negative statements.

১। তোমরা বিকেলে আমার বাড়ীতে এসো।

২। কাল সকালে উঠেই বাজারে চলে যাস্।

৩। তুমি রাতে ফিরে ভালোভাবে খাওয়া-দাওয়া কোরো।

৪। আপনি 'নায়ক' সিনেমাটা দেখবেন।

৫। তোরা সভায় যোগদান করিস্।

৬। আপনারা রোটারি ক্লাবে গিয়ে রোজ বিলিয়ার্ড খেলবেন।

Lesson 65

Going to the Market

লক্ষ্মী	: হরি, কাল বাজারে যাস্।	Hari, go to the market to-morrow.
	দুলালবাবু আপনিও ওর সঙ্গে যাবেন।	Dulalbabu, you will also go with him.
দুলাল	: আমি কেন যাব ?	Why shall I go ?
লক্ষ্মী	: বাঃ, আপনি বাজার দেখবেন না ?	What, will you not see the market ?
	হরি, তুই বাবুকে সব দেখাস্।	Hari, show everything to babu.
	ফলের বাজারও দেখাস্।	Show fruit market also.
দুলাল	: আপনি যাবেন না ?	Will you not go ?
লক্ষ্মী	: না আমি যাব না। আমার কাজ আছে।	No, I will not go, I have some work.
	আপনি দেরী করবেন না, তাড়াতাড়ি ফিরে আসবেন।	You will not delay, return early.
	ফিরে এসে তাড়াতাড়ি খাবেন।	After returning you will eat early.
দুলাল	: রাতুল তুমিও যেয়ো আমার সঙ্গে।	Ratul, you also come with me.

রাতুল	ঃ কাকাবাবু আমি যাব না।	Uncle, I will not go.
	আমার শনিবার সাপ্তাহিক পরীক্ষা আছে।	My weekly examination will be held on Saturday.
দুলাল	ঃ তুমি তাহলে পড়ো।	Then you read (study).
	আমি হরির সঙ্গেই যাব।	I will go with Hari.
লক্ষ্মী	ঃ আপনি আবার কবে আসবেন ?	When will you come again ?
দুলাল	ঃ আমি ফেব্রুয়ারী মাসে আবার আসবো।	I will come again in the month of February.
	আপনি চিঠি লিখবেন।	You please write letter.
	রাতুল তুমিও চিঠি লিখো।	Ratul, you also write letter.
লক্ষ্মী	ঃ আপনি এখন চান করুন।	You now have your bath.
	যাচ্ছি।	I'm Going.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। দুলালবাবু, আপনিও ওর সঙ্গে যাবেন।

.... আসবেন।

.... খাবেন।

.... বসবেন।

.... শোবেন।

.... বেড়াবেন।

২। হরি, তুই বাবুকে সব দেখাস্।

.... বলিস।

.... দিস।

৩। রাতুল, তুমিও যেয়ো আমার সঙ্গে।

.... খেয়ো ....।

.... এসো ....।

.... বসো ....।

.... নিও ....।

.... দিও ....।

৪। আপনি চিঠি লিখবেন।

.... দেবেন।

.... পাঠাবেন।

৫। রাতুল তুমিও চিঠি লিখো।

.... দিও।

.... পাঠিও।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। যাবেন।

সঙ্গে যাবেন।

ওর সঙ্গে যাবেন।

আপনিও ওর সঙ্গে যাবেন।

দুলালবাবু, আপনিও ওর সঙ্গে যাবেন।

২। আসবেন।

ফিরে আসবেন।

তাড়াতাড়ি ফিরে আসবেন।

দেরী করবেন না, তাড়াতাড়ি ফিরে আসবেন।

আপনি দেরী করবেন না, তাড়াতাড়ি ফিরে আসবেন।

৩। সঙ্গে।

আমার সঙ্গে।

যেয়ো আমার সঙ্গে।

তুমিও যেয়ো আমার সঙ্গে।

রাতুল, তুমিও যেয়ো আমার সঙ্গে।

৪। আসবেন।

কবে আসবেন ?

আবার কবে আসবেন ?

আপনি আবার কবে আসবেন ?

৫। করুন।

চান করুন।

এখন চান করুন।

আপনি এখন চান করুন।

EXERCISES

1. Transform the verbsof the following sentences into the future imperative forms following the model.

আপনি বাজার যান। আপনি বাজার যাবেন।

১। অমিতা গান শোনো।

২। অনিল, তাড়াতাড়ি ঘুমোও।

৩। মধু, দোকানে যা।

৪। মাষ্টারমশাই, গল্পটা বলুন।

৫। নন্দবাবু, ছবিটা দেখুন।

৬। হরি, চা দে।

৭। বুবু, বইটা নে।

৮। আমার জন্য একটা ছাতা আনো।

৯। গীতা, গানের স্কুলে যাও।

১০। সুনীল বাবু, এদিকে আসুন।

2. Fill up the blanks with the future imperative verbal forms.

১। কেষ্ট, ৫০০ গ্রাম মাছ —।

২। মধুবাবু, লাইব্রেরী থেকে বইটা —।

৩। দোকান থেকে তুমি ৫টা শিঙাড়া —।

৪। আগামী মাসে আমার বাড়ী তোমার —।

৫। কানু, বইটা পড়ার পর আমাকে --।

৬। কারুর মনে কষ্ট দিয়ে কথা -- না।

৭। কখনো কারুর নিন্দা —।

৮। আপনি কাল আমাকে সঙ্গে নিয়ে —।

Evaluation - cum - Test

1. Substitute the present imperative forms by the future imperative forms.

ক) সরযূ, জলখাবার খাও। বেশি করে দুধ নাও। শকুন্তলাকেও বেশি দুধ দাও। জলখাবার খেয়ে তোমরা নিজেরা পড়ো আর অনুরাধাকেও পড়াও। রান্নাঘরের জানলাটা বন্ধ রাখো।

খ) বিপিনবাবু, আমার বইটা আনুন। দেরী না করে তাড়াতাড়ি যান। ওকে আপনার সঙ্গে যেতে বলুন। মন্টুর কাছ থেকে কুড়িটা পয়সা নিন। সামনের ষ্টপ থেকে বাস ধরুন। ঠিক সময়ের মধ্যে না ফিরলে, আমার অবস্থা কি হবে, বুঝে দেখুন।

গ) বৃষ্টি পড়ছে, জানলাটা বন্ধ করে দে। বাইরের বারান্দা থেকে কাপড়গুলো তুলে নে। ঘরে বোস্। রানাকে শুতে বল্। ওপর থেকে জল পড়ছে, এদিকে এসে দাঁড়া।

2. Transform the followning sentences into negative statements.

১। আমাকে আরও একটু চা দিও।

২। তোমাদের কুশলসংবাদ সময় করে আমাকে জানিয়ো।

৩। তোরা কাল আমার বাড়ী যাস্।

৪। আমাদের জন্য ভালো গল্পের বই আনবেন।

৫। বারোটার আগে ঘুমোস্।

3. Choose the word that best fits the sentence.

১। কাল রাত্রে আমার গান (শুনো / শোনো)।

২। পরশু ভোর পাঁচটায় (জাগো / জেগো)।

৩। অর্ণব, কাল আমার জন্য সিনেমার টিকিট (কাট / কাটিস)।

৪। ভালো দেখে এক কিলো কমলালেবু (কিনবেন / কেনেন)।

৫। রাত্রে তাড়াতাড়ি (শুয়ো / শোয়ো)।

Lesson 66

Learning a new Language

অরুণ	ঃ কি মশাই, নাওয়াখাওয়া ভুলে কি পড়াশোনা করছেন ?	Hallo Sir, what are you studying having forgotten to take bath and to eat ? (everything of the world)
অশোক	ঃ না করে উপায় কি ?	What to do ?
	আমি যে একটা নতুন ভাষা শিখছি।	Because I am learning a new language.
অরুণ	ঃ তাই বুঝি, নতুন ভাষা শেখার জন্য আমার পক্ষে কিন্তু এত খাটা সম্ভব নয়।	Is it so, but this much of labour is not possible for me to learn a new language.
	আমার ঠিক সময়ে খাওয়া শোওয়া আর ঘুমোনো চাই।	I need food, rest (lying) and sleep in time.
অশোক	ঃ মাতৃভাষা ছাড়া অন্য কোনো ভাষা আপনি জানেন ?	Do you know any language other than your mother tongue ?
অরুণ	ঃ হ্যাঁ, আমি ওড়িয়া জানি।	Yes, I know Oriya.
	ওড়িয়ার সঙ্গে আমার মাতৃভাষার অনেক মিল আছে।	There are many similarities between Oriya and my mother tongue.

অশোক ঃ তাই ওড়িয়া আপনার পক্ষে শেখা সহজ।	That's why it is easy for you to learn Oriya.
নইলে মাতৃভাষা ছাড়া অন্য যে কোনো ভাষা শেখার জন্য প্রচুর পরিশ্রম আর অভ্যাস করা দরকার।	Otherwise, it needs much labour and practice to learn a language other than the mother tongue.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। নাওয়া খাওয়া ভুলে কি পড়াশোনা করছেন ?

.... লেখাপড়া .... ?

ঘুমোনো .... ?

খেলা .... ?

২। নতুন ভাষা শেখার জন্য আমার পক্ষে কিন্তু এতটা খাটা সম্ভব নয়।

.... পড়ার ....।

.... জানার ....।

.... বোঝার ....।

৩। আমার ঠিক সময়ে খাওয়া, শোওয়া আর ঘুমোনো চাই।

.... বেড়ানো ....।

... . গল্প করা ....।

৪। অন্য যে কোনো ভাষা শেখার জন্য প্রচুর পরিশ্রম আর অভ্যাস দরকার।

.... জানার ....।

.... পড়ার ....।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। কি পড়াশোনা করছেন ? — আমি একটা নতুন ভাষা শিখছি।

২। নতুন ভাষা শেখার জন্য আমার পক্ষে কি এত খাটা সম্ভব ?
না, নতুন ভাষা শেখার জন্য আপনার পক্ষে এত খাটা সম্ভব নয়।

৩। এত খাটা আমার পক্ষে কেন সম্ভব নয় ? — আপনার ঠিক সময়ে খাওয়া আর ঘুমোনো চাই, তাই।

৪। মাতৃভাষা ছাড়া অন্য ভাষা শেখার জন্য কি দরকার ?
প্রচুর পরিশ্রম আর অভ্যাস করা দরকার।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। পড়াশোনা করছেন।

কি পড়াশোনা করছেন।

নাওয়া খাওয়া ভুলে কি পড়াশোনা করছেন ?

২। সম্ভব নয়।

খাটা সম্ভব নয়।

কিন্তু এত খাটা সম্ভব নয়।

আমার পক্ষে এত খাটা সম্ভব নয়।

শেখার জন্য আমার পক্ষে কিন্তু এত খাটা সম্ভব নয়।

ভাষা শেখার জন্য আমার পক্ষে কিন্তু এত খাটা সম্ভব নয়।

নতুন ভাষা শেখার জন্য আমার পক্ষে কিন্তু এত খাটা সম্ভব নয়।

৩। চাই

ঘুমোনো চাই।

শোওয়া আর ঘুমোনো চাই।

খাওয়া, শোওয়া আর ঘুমোনো চাই।

সময়ে খাওয়া, শোওয়া আর ঘুমোনো চাই।

ঠিক সময়ে খাওয়া, শোওয়া আর ঘুমোনো চাই।

আমার ঠিক সময়ে খাওয়া, শোওয়া আর ঘুমোনো চাই।

৪। অভ্যাস করা দরকার

পরিশ্রম আর অভ্যাস করা দরকার।

প্রচুর পরিশ্রম আর অভ্যাস করা দরকার।

শেখার জন্য প্রচুর পরিশ্রম আর অভ্যাস করা দরকার।

ভাষা শেখার জন্য প্রচুর পরিশ্রম আর অভ্যাস করা দরকার।

কোন ভাষা শেখার জন্য প্রচুর পরিশ্রম আর অভ্যাস করা দরকার

যে কোন ভাষা শেখার জন্য প্রচুর পরিশ্রম আর অভ্যাস করা দরকার।

অন্য যে কোনো ভাষা শেখার জন্য প্রচুর পরিশ্রম আর অভ্যাস করা দরকার।

মাতৃভাষা ছাড়া অন্য যে কোনো ভাষা শেখার জন্য প্রচুর পরিশ্রম আর অভ্যাস করা দরকার।

নইলে মাতৃভাষা ছাড়া অন্য যে কোনো ভাষা শেখার জন্য প্রচুর পরিশ্রম আর অভ্যাস করা দরকার।

EXERCISES

1. Fill up the blanks with the verbal nouns.

১। — ভুলে কি করছেন ?

২। বাংলাভাষা — আমার পক্ষে সহজ।

৩। রোজ এত — আপনার পক্ষে সম্ভব নয়।

৪। শিশুদের ঠিক সময়ে — দরকার।

৫। প্রতি সপ্তাহে আমার একটা সিনেমা — চাই।

৬। এখানে কি কি জিনিষ — যায় ?

৭। ঠিক সময়ে ক্লাসে — দরকার।

৮। ভালো বাংলা — জন্য অভ্যাস — দরকার।

৯। রবীন্দ্রসংগীত — জন্য আমি আপনার কাছে আসতে চাই।

১০। বাংলা — পর আমরা বাংলা শেখাব।

2. Fill up the blanks with nominal and pronominal forms except the first person (one word for one gap).

১। — জন্য শাড়ী চাই ?

২। — রোজ মাছ চাই।

৩। — এখন সিনেমা যাওয়া চাই।

৪।—দুপুরে ঘুমোনো চাই।

৫। — বাঁশি চাই।

3 Fill up the blanks with nominal and pronominal forms (one word for one gap).

১। — পক্ষে বাংলা শেখা সহজ।

২। আপনার — পক্ষে ভুবনেশ্বর ভালো।

৩। — পক্ষে এটা ভালো নয়।

৪। — পক্ষে এখনি বাজার যাওয়া সম্ভব ?

৫। — পক্ষে এই বইটি শক্ত।

4. Make verbal nouns from each of the following verbal forms and frame sentences.

১। খাচ্ছি	২। পড়ছি	৩। খেলছি	৪। শিখছি
৫। দেখছি	৬। পাচ্ছি	৭। আনছি	৮। দিচ্ছি

5. Response to the following questions.

১। নাওয়া খাওয়া ভুলে কি করছেন ?

২। আপনার পক্ষে বাংলা শেখা সহজ না শক্ত ?

৩। মাতৃভাষা ছাড়া অন্য অন্য ভাষা শিখতে গেলে কি দরকার ?

Vocabulary

নাওয়া খাওয়া	'bathing and eating'	পড়াশোনা	'study'
ভুলে	'having forgotten'	উপায়	'means'
মাতৃভাষা	'mother tongue'	মিল	'similarities'
চাই	'need'	পরিশ্রম	'labour'
পক্ষে	'behalf'	শেখা	'learn'
খাটা	'toiling'	সম্ভব	'possible'
শোওয়া	'lying / down'	ঘুমোনো	'sleeping'
		সহজ	'easy'

NOTES

1. When the word 'পক্ষে' is used the preceding word is in genitive.

2. Use of 'চাই'-চাই means 'need' Note the sentence formation, when the word চাই 'need' is used.

3. To form verbal nouns the verb will have the low vowel and then -a or -no will be added.

   a) In the case of monosyllabic roots (i) if the verb root ends in a consonant the suffix -a will be added to the verb base e.g. :

      কর + আ = করা

      similarly,

পড়া	বোঝা	জানা	লেখা	ওঠা	ভোলা	দেখা
বলা	শোনা	আনা	শেখা	শোয়া	তোলা	খেলা

   ii) When the verbal noun indicator 'a' is added to vowel ending verbs 'o' is added in between.

      Examples :

খাওয়া	বওয়া	শোওয়া	পাওয়া	দেওয়া
যাওয়া	হওয়া	ধোওয়া	চাওয়া	নেওয়া

b) In the case of disyllabic roots the suffix -no is added to the verb base. Examples :

ঘুমোনো	শেখানো	দৌড়ানো	বেরোনো
বেড়ানো	দাঁড়ানো	পৌঁছানো	পাঠানো
পড়ানো	চালানো	কুড়োনো	খাওয়ানো

c) Note that verbal nouns can take all suffixes like other nouns, e. g. :

এখন খাওয়া হচ্ছে	'Now eating is going'.
আমি বেশি খাওয়া পছন্দ করি না	'I don't like too much eating'.
আমি খাওয়ার পর শুই	'I lie down after eating'.
তার খাওয়াতে সুখ নেই	'He has no pleasure in eating'.

But in the case of genitive, verbal nouns can take two forms e. g. :

শেখার বা শেখবার, পড়ার বা পড়বার, দেখার বা দেখবার।

Lesson 67

Going to a Cinema

আজ রাত্রে আমাদের হোষ্টেলে খাওয়া হবে না।	There should not be any arrangement for food to-night in our hostel.
কেন না আমাদের সিনেমাতে যাওয়ার কথা আছে।	Because we have a plan to go to cinema.
ফিরে আসার কোনো নির্দিষ্ট সময় নেই।	There is no certain time for returning.
সে দিন রাত্রে ফিরে আসার পর আমরা খাবার পাইনি।	After returning we were not supplied food that day.
সিনেমা যাওয়াতে কোনো অসুবিধে নেই।	There is no difficulty in going to cinema.
সেই সময় রিক্সা পাওয়া সহজ।	The rickshaw is available at that time.
কিন্তু ফিরতে বেশ অসুবিধে হয়।	But there is some difficulty in returning.
আজকে একটা ভালো সিনেমা দেখা হবে।	Today a good picture will be seen.
বইটির নাম সাত পাকে বাঁধা।	The name of the film is 'Sat Pake Bandha'

হেঁটে ফেরা ছাড়া কোন উপায় নেই।	Except walking there is no other way.
সিনেমা দেখার পর ষ্টেশনে যাব।	After seeing the picture we will go to the station.
সেখানে খাওয়া হবে।	The food should be taken there.
তারপর কিছুক্ষণ বেড়ানো হবে।	After that we should walk for sometime.
তারপর আমরা ফিরে আসব।	Then we will come back.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। আজ রাত্রে আমাদের হষ্টেলে খাওয়া হবে না।
.... যাওয়া ....।
.... শোওয়া ....।

২। সেদিন রাত্রে ফিরে আসার পর আমরা খাবার পাই নি।
.... যাওয়ার ... ...।

৩। সিনেমা যাওয়াতে কোন অসুবিধে নেই।
.... দেখাতে ....।

৪। তারপর কিছুক্ষণ বেড়ানো হবে।
.... ঘুমোনো ....।
.... পড়ানো ....।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। আজ খাওয়া হবে না।
আজ হষ্টেলে খাওয়া হবে না।
আজ আমাদের হষ্টেলে খাওয়া হবে না।
আজ রাত্রে আমাদের হষ্টেলে খাওয়া হবে না।

২। কেননা কথা আছে।
কেননা যাওয়ার কথা আছে।
কেননা সিনেমাতে আমাদের যাওয়ার কথা আছে।

৩। আমরা পাই নি।
আমরা খাবার পাই নি।
ফিরে আসার পর আমরা খাবার পাই নি।
রাত্রে ফিরে আসার পর আমরা খাবার পাই নি।
সেদিন রাত্রে ফিরে আসার পর আমরা খাবার পাই নি।

৪। অসুবিধে নেই।
কোন অসুবিধে নেই।
যাওয়াতে কোন অসুবিধে নেই।
সিনেমা যাওয়াতে কোন অসুবিধে নেই।

EXERCISES

1. Fill up the blanks with the verbal nouns.

১। বেশী রাত পর্য্যন্ত বই — উচিৎ নয়।

২। প্রত্যেকের ঠিক সময়ে অফিসে — দরকার।

৩। রাতে খুব দেরীতে ভাত — শরীরের পক্ষে ক্ষতিকর।

৪। সিনেমা দেখে তোমার বাড়ীতে — আর হবে না।

৫। কোলকাতা শহরে বাসে — খুব কষ্টসাধ্য ব্যাপার।

৬। লাইব্রেরীতে ক্যাটলগ দেখে বই — খুব সহজ।

2. Choose the words that best fit the sentences.

১।	প্রতিদিন সকালে ফুল — আমার অভ্যাস।	বেড়ানো
২।	পরীক্ষায় ভালোভাবে সফল হতে হলে পরিশ্রম — ছাড়া উপায় নেই।	করা
৩।	ছোটদের বেশী রাত করে — উচিৎ নয়।	যাওয়ার
৪।	প্রতিদিন সন্ধ্যায় ঘুরে — প্রত্যেকের শরীরের পক্ষে মঙ্গলকর।	শোওয়া
৫।	না বুঝে জিনিস পড়লে শীঘ্রই ভুলে — খুব সম্ভাবনা থাকে।	দাঁড়ানো
৬।	পড়াশোনার প্রতি অবহেলার জন্যে ছাত্রদের বেঞ্চির ওপর — লজ্জাকর ব্যাপার।	তোলা

Lesson 68

Saraswati Puja

শীতকালে পশ্চিমবঙ্গে সরস্বতী পূজো করা হয়।	In winter the goddess of learning is worshipped in West Bengal.
পূজোর দিন সব শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি দেওয়া হয়।	On the Puja-day all the educational institutions remain closed.
পূজোর আগে চাঁদা তোলা হয়।	Subscriptions are collected before the Puja.
পূজোর দিন সরস্বতী প্রতিমা একটি ঘরে বা একটি মণ্ডপে রাখা হয়।	On Puja-day the image of the Goddess Saraswati is kept in a room or under a pandal.
প্রতিমা সুন্দর করে সাজানো হয়।	The image is decorated nicely.
পূজোর সময় ঢাক আর কাঁসি বাজানো হয়।	At the time of Puja Dhak and Kansi are played on.
শিক্ষাপ্রতিষ্ঠানে দুপুরে ছাত্রছাত্রীদের ভোগ খাওয়ার আয়োজন করা হয়।	At noon arrangements are made for distributing the food-offerings among the students in the educational institutions.

সরস্বতী পূজোকে প্রধানত: ছাত্রছাত্রীদের উৎসব বলা হয়।	Saraswati Puja can be termed mainly as the festival of students.
সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করা হয়।	Cultural functions are arranged in the evening.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। দুপুরে ছাত্রছাত্রীদের ভোগ খাওয়ার আয়োজন করা হয়।
.... ব্যবস্থা ....।
.... রাখা হয়।

২। পূজোর আগে চাঁদা তোলা হয়।
.... নেওয়া ... .।
.... দেওয়া ....।

৩। প্রতিমা সুন্দর করে সাজানো হয়।
.... রাখা হয়।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Negative

১। পশ্চিমবঙ্গে শীতকালে সরস্বতী পূজো করা হয়। .... হয় না।

২। দুপুরে ছাত্রছাত্রীদের ভোগ খাওয়ার আয়োজন করা হয়। .... হয় না।

৩। পূজোর আগে চাঁদা তোলা হয়। .... হয় না।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। পূজো করা হয়।
সরস্বতী পূজো করা হয়।
পশ্চিমবঙ্গে সরস্বতী পূজো করা হয়।
শীতকালে পশ্চিমবঙ্গে সরস্বতী পূজো করা হয়।

২। আয়োজন করা হয়।
খাওয়ার আয়োজন করা হয়।
ছাত্রছাত্রীদের ভোগ খাওয়ার আয়োজন করা হয়।
দুপুরে ছাত্রছাত্রীদের ভোগ খাওয়ার আয়োজন করা হয়।
শিক্ষাপ্রতিষ্ঠানে দুপুরে ছাত্রছাত্রীদের ভোগ খাওয়ার আয়োজন করা হয়।

৩। ব্যবস্থা করা হয়।
অনুষ্ঠানের ব্যবস্থা করা হয়।
সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করা হয়।
সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করা হয়।

৪। ছুটি দেওয়া হয়।
শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি দেওয়া হয়।
সব শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি দেওয়া হয়।
পূজোর দিন সব শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি দেওয়া হয়।

৫। চাঁদা তোলা হয়।

আগে চাঁদা তোলা হয়।

পূজোর আগে চাঁদা তোলা হয়।

৬। মণ্ডপে রাখা হয়।

একটি মণ্ডপে রাখা হয়।

ঘরে বা একটি মণ্ডপে রাখা হয়।

একটি ঘরে বা একটি মণ্ডপে রাখা হয়।

প্রতিমা একটি ঘরে বা একটি মণ্ডপে রাখা হয়।

সরস্বতী প্রতিমা একটি ঘরে বা একটি মণ্ডপে রাখা হয়।

পূজোর দিন সরস্বতী প্রতিমা একটি ঘরে বা একটি মণ্ডপে রাখা হয়।

৭। বাজানো হয়।

কাঁসি বাজানো হয়।

ঢাক আর কাঁসি বাজানো হয়।

পূজোর সময় ঢাক আর কাঁসি বাজানো হয়।

EXERCISES

1. Fill up the blanks.

১। সরস্বতী পূজো শীতকালে করা —।

২। পূজোর সময় ছুটি — —।

৩। বইপূজো বা প্রতিমাপূজো — —।

৪। প্রতি সপ্তাহে ভাষাকেন্দ্রে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন — —।

৫। চিত্তরঞ্জন দাশকে দেশবন্ধু — — ।

2. Write ten lines on any festival of your own state.

3. Respond to the following.

১। পশ্চিমবঙ্গে সরস্বতী পূজো কখন হয় ?

২। শিক্ষা প্রতিষ্ঠানে পূজোর সময় দুপুরে ও সন্ধ্যায় কি হয় ?

৩। পূজোর সময় কি কি বাজনা বাজানো হয় ?

৪। সরস্বতী প্রতিমা কোথায় রাখা হয় ?

৫। সরস্বতী পূজো প্রধানতঃ কাদের উৎসব ?

Vocabulary

শীতকালে	'in winter'	চাঁদা	'subscription'
শিক্ষা প্রতিষ্ঠান	'educational institution'	মণ্ডপ	'pandal'
করা হয়	'is done'	ঢাক	'drum'
দেওয়া হয়	'is given'	কাঁসি	'a musical instrument'
তোলা হয়	'is collected'	ভোগ	'food offerings'
রাখা হয়	'is kept'	অনুষ্ঠান	'performance/ function'
সাজানো হয়	'is decorated'	সাংস্কৃতিক	'cultural'
প্রতিমা	'image'	বলা যায়	'can be said'
সরস্বতী পূজো	'Worship of' Goddess Saraswati'		

ব্যবস্থা করা হয়/আয়োজন করা হয় 'is arranged'

NOTES

Compound verbal formation with 'হয়' as the second element is very common in Bengali. Such structure expresses the passive sense. The first element of such compound verbs will be always a verbal noun.

Lesson 69

Bishnupur

পোড়ামাটির ভাস্কর্য দেখতে বিষ্ণুপুর যাওয়া যায়।	One can go to Bishnupur to see the sculpture of terracotta.
বিষ্ণুপুর হল বাঁকুড়া জেলার মহকুমা শহর।	Bishnupur is the subdivitional town of Bankura district.
এখানকার প্রায় প্রতিটি মন্দিরের গায়ে পোড়ামাটির তৈরী টালির ভাস্কর্য দেখা যায়।	Almost all the temples of the place are seen to carry the sculpture terracotta.
সবচেয়ে উল্লেখযোগ্য মন্দির হিসেবে জোড়াবাংলা মন্দিরের নাম করা যায়।	The 'Jodabangla' temple can be specially mentioned as the most remarkable temple.
মন্দিরময় বিষ্ণুপুরকে একদিনে দেখে শেষ করা যায় না।	We can not see Bishnupur, the temple town, in a day.

সংগীতের ক্ষেত্রে বিষ্ণুপুর ঘরাণার বেশ খ্যাতি আছে।

The Gharana of Bishnupur is much famous in the field of music.

বিষ্ণুপুরে শাঁখার জিনিস, রেশমী শাড়ী পেতল-কাঁসার বাসন আর সুগন্ধি তামাক পাওয়া যায়।

Articles made of conch-shells, silk sarees, utencils of brass and bell-metal and fragrant tobacco, are worthmentioning items of Bishnupur.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। প্রতিটি মন্দিরের গায়ে পোড়ামাটির তৈরী টালির ভাস্কর্য দেখা যায়।
.... পাওয়া ....।

২। সবচেয়ে উল্লেখযোগ্য মন্দির হিসেবে জোড়াবাংলা মন্দিরের নাম করা যায়।
.... বলা।

৩। বিষ্ণুপুরে সুগন্ধি তামাক পাওয়া যায়।
.... দেখা ....।
.... কেনা ....।

৪। মন্দিরময় বিষ্ণুপুরকে একদিনে দেখে শেষ করা যায় না।
.... ভোলা ....।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Negative

১। মন্দিরের গায়ে পোড়ামাটির তৈরী টালির ভাস্কর্য দেখা যায়

.... যায় না।

২। সবচেয়ে উল্লেখযোগ্য মন্দির হিসেবে জোড়াবাংলা মন্দিরের নাম করা যায়

.... যায় না।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। যাওয়া যায়।

বিষ্ণুপুর যাওয়া যায়।

ভাস্কর্য দেখতে বিষ্ণুপুর যাওয়া যায়।

পোড়ামাটির ভাস্কর্য দেখতে বিষ্ণুপুর যাওয়া যায়।

২। দেখা যায়।

ভাস্কর্য দেখা যায়।

টালির ভাস্কর্য দেখা যায়।

মাটির তৈরী টালির ভাস্কর্য দেখা যায়।

পোড়া মাটির তৈরী টালির ভাস্কর্য দেখা যায়।

গায়ে পোড়া মাটির তৈরী টালির ভাস্কর্য দেখা যায়।

মন্দিরের গায়ে পোড়া মাটির তৈরী টালির ভাস্কর্য দেখা যায়।

প্রতিটি মন্দিরের গায়ে পোড়া মাটির তৈরী টালির ভাস্কর্য দেখা যায়।

এখানকার প্রায় প্রতিটি মন্দিরের গায়ে পোড়া মাটির তৈরী টালির ভাস্কর্য দেখা যায়।

৩। পাওয়া যায়।

তামাক পাওয়া যায়।

সুগন্ধি তামাক পাওয়া যায়।

বাসন আর সুগন্ধি তামাক পাওয়া যায়।

পেতল-কাঁসার বাসন আর সুগন্ধি তামাক পাওয়া যায়।

শাঁখার জিনিস, রেশমী শাড়ী, পেতল-কাঁসার বাসন আর সুগন্ধি তামাক পাওয়া যায়।

বিষ্ণুপুরে শাঁখার জিনিস, রেশমী শাড়ী, পেতল-কাঁসার বাসন আর সুগন্ধি তামাক পাওয়া যায়।

EXERCISES

1. Fill up the blanks,

   ১। কল্‌কাতায় ট্রেনে করে যাওয়া —।

   ২। চায়ে মিষ্টি না দিয়ে — — না।

   ৩। বিষ্ণুপুরে রেশমী শাড়ী পাওয়া —।

   ৪। এ কাজ খুব সহজে — —।

   ৫। লোককে শক্ত কথা সহজে বলা — না।

2. Write ten connected lines on any topic using the compound verb structure with 'যায়'।

3 Respond to the following questions –

১। বিষ্ণুপুর কি ?

২। বিষ্ণুপুরের মন্দিরের গায়ে কি কি আছে ?

৩। বিষ্ণুপুরের উল্লেখযোগ্য মন্দিরের নাম কি ?

৪। বিষ্ণুপুরে কি কি জিনিস পাওয়া যায় ?

Vocabulary

পোড়ামাটি	'burnt clay'	ক্ষেত্র	'field'
ভাস্কর্য	'sculpture'	খ্যাতি	'fame'
বিষ্ণুপুর	'place name'	শাঁখার	'of conchshell'
মহকুমা	'a subdivision of a district'	রেশমী	'silked'
গায়ে	'in the body'	পেতল	'brass'
টেরাকোটা	'terra-cotta'	কাঁসা	'bell-metal'
টালি	'tile'	বাসন	'utencils'
জোড়াবাংলা	'proper noun'	তামাক	'tobacco'
সঙ্গীত	'music'	মন্দিরময়	'full of temples'

NOTES

Compound verb forms with a verbal noun as the first element and যায় as the second element are introduced. Such expresstions indicate passive sense and probability depending on the contexts.

Lesson 70

Revised Lesson

কয়লাকে কালো হীরে বলা হয়।	Coal is known as black diamond.
কেননা কয়লা দিয়ে অনেক কাজ করা হয়।	Because coal is used in various ways.
কয়লা থেকে নানারকম প্রয়োজনীয় জিনিস পাওয়া যায়।	Many valuable things come out of coal.
কয়লা পুড়লে শক্তি পাওয়া যায়।	Power is produced by burning coal.
সেই শক্তি থেকে বিদ্যুৎ পাওয়া যায়।	That power gives electricity.
বিদ্যুৎ শহরে ও গ্রামে সরবরাহ করা হয়।	Electricity is supplied to the cities and villages.
বিদ্যুৎকে নানা কাজে লাগানো যায়।	Electricity is used in various work.
কলকারখানা চলে।	Factories run.
রেলগাড়ী চলে।	The trains ply.
গ্রামে সেচের ব্যবস্থা করা হয়।	Irrigation in the village is arranged.

ছোট ছোট শিল্পও গ্রামে করা যায়।	Small industries can be built up.
কয়লাকে প্রথমে শোধন করা হয়।	At first coal is refined.
শোধন করার সময়ে নানারকম রাসায়নিক জিনিস পাওয়া যায়।	While refining the coal different types of chemical things come out.
সেইসব রাসায়নিক জিনিস নানা শিল্পে ব্যবহার করা যায়।	Those chemical things may be used in different industries.
অনেক বাড়ীতে কয়লা দিয়ে রান্না করা হয়।	Coal is used for cooking purpose in many houses.
গ্যাসও কয়লা থেকে পাওয়া যায়।	Gas is also produced out of coal.
সেই গ্যাস পাইপের সাহায্যে সরবরাহ করা হয়।	That gas is supplied through pipe.
গ্যাস শিল্পে এবং বাড়ীতে ব্যবহার করা হয়।	Gas may he used in industries and in houses.
কয়লা দিয়ে মানুষের অনেক উপকার করা হয়।	Coal may be very helpful for the human life.
তাই কয়লাকে কালো হীরে বলা হয়।	That's why coal may be called as black diamond.

EXERCISES

1. Fill up the blanks.

১। বসন্তকালকে ঋতুরাজ — —।

২। ছাপাখানায় বই — —।

৩। শরৎকালে আগমনী গান — —।

৪। মাঠে ফুটবল — —।

৫। ড্রইং খাতায় ছবি — —।

৬। মাসের প্রথমে মাইনে — —।

2. Respond to the following questions.

১। কয়লাকে কেন কালো হীরে বলা হয় ?

২। কয়লা পুড়লে কি হয় ?

৩। বিদ্যুৎ কোথায় কোথায় সরবরাহ করা হয় ?

৪। গ্যাস কি থেকে পাওয়া যায় ?

৫। গ্যাস কি ভাবে সরবরাহ করা হয় ?

3. Write sentences with tne following words.

বলা হয়, করা যায়, খাওয়া হয়, কেনা হয়, দেওয়া হয়, নেওয়া যায়, শোনা যায়, পড়া হয়, গাওয়া হয়, দেখা যায়।

NOTES

Note that the use of যায় and হয় with preceding verbal nouns is not identical. Follow the examples.

কয়লাকে কালো হীরে <u>বলা হয়,</u> Coal is said to be black diamond.

কয়লাকে কালো হীরে <u>বলা যায়,</u> Coal could be said as black diamond.

Evaluation - cum - Test

1. Fill up the blanks with 'হয়' or 'যায়'।

১। তোমাদের বাড়ী কি বাসে করে যাওয়া — ?

২। বাঙালীদের বিয়ের অনুষ্ঠান রাত্রে করা — ।

৩। এই জানলা দিয়ে আকাশ দেখা — ।

৪। আপনার কি কাজ করা — ?

৫। রাত্রে আমাদের বাড়ীতে ভাত খাওয়া — ।

2. Give the opposite words.

১। মিল	২। সম্ভব	৩। নতুন	৪। সহজ
৫। সুন্দর	৬। শেষ	৭। খ্যাতি	

3. Give words similar in meaning to each of the following.

১। খাটা	২। সহজ	৩। তাই	৪। প্রচুর
৫। সংগীত	৬। সুগন্ধি	৭। পরিশ্রম	৮। খ্যাতি

4. Combine each of the following pairs of sentences into one good sentence using verbal nouns.

১। রোজ আমি হাঁটি। এটা দরকার।

....

২। রোজ আমি রবীন্দ্রসংগীত শুনি। এটা আমার চাই।

....

৩। আমি ওড়িয়া শিখি। এটা আমার পক্ষে সহজ।

....

Lesson 71

Conversation between a grocer and a customer

ক্রেতা	ঃ কেরোসিন তেল আছে ?	Do you have kerosin oil ?
দোকানদার	ঃ না বাবু, আপনি যদি কষ্ট করে কাল সন্ধ্যায় একবার আসেন, তাহলে পেতে পারেন।	No babu, if you take the trouble to come to-morrow in the evening, you may get.
ক্রেতা	ঃ মুসকিল হল, তেল না হলে আজ তো রান্নাই হবে না।	I am in great trouble, there will be no cooking to-day without oil.
দোকানদার	ঃ যদি খুব দরকার থাকে তো একবার কালুরামের দোকানে দেখুন!	It you are in great need, go to the shop of Kaluram and enquire.
	তেল পেলেও পেতে পারেন।	You may get oil.
ক্রেতা	ঃ আচ্ছা একটা নেসপ্রে দুধের টিন দাও।	Well, give a tin of Nespray.
দোকানদার	ঃ এখন কোনোখানে নেসপ্রে চাইলে পাবেন না।	Now you will get Nespray nowhere if you want.

ক্রেতা	: সেকি, যদি কিছুই দিতে না পারো, তাহলে দোকান খুলে রেখেছো কেন ?	What is the matter ? If you cannot give anything, why have you kept the shop open ?
দোকানদার	: কি করব বাবু ? মজুতদারেরা যদি মাল না ছাড়ে, তাহলে আমার কি দোষ ?	Babu, what to do ? What is my offence, if the hoarders don't unload goods ?
ক্রেতা	: ঠিক আছে, যদি কনডেন্সড মিল্কের টিন থাকে তো আমায় তাড়াতাড়ি একটা দিয়ে দাও।	All right, give me quickly one tin of condenced milk if you have.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। আপনি যদি কষ্ট করে কাল সন্ধ্যায় একবার আসেন তাহলে পেতে পারেন।

.... যান ....।

.... আজ সকালে .... দেখেন ....।

২। যদি খুব দরকার থাকে তো একবার কালুরামের দোকানে দেখুন।

.... কাজ .... যান।

.... বৃষ্টি হয় .... একটা ছাতা নিয়ে যান।

৩। মজুতদারেরা যদি মাল না ছাড়ে, তাহলে আমার কি দোষ ?

.... দেয় .... ?

৪। যদি কনডেন্সড মিল্কের টিন থাকে তো, আমায় একটা দিয়ে দাও।
.... পাও, ...।

খ) ১। তেল না হলে আজ তো রান্নাই হবে না।
.... পেলে ....।
.... মিললে ....।

২। এখন কোনোখানে নেসপ্রে চাইলে পাবেন না।
.... পেলে কিনবেন না।
.... নেবেন না।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

১। আমি যদি কাল সিনেমা যাই, তাহলে আপনাকে জানাব।
আমি যদি কাল সিনেমা না যাই, তাহলে আপনাকে জানাব।

২। যদি খুব দরকার থাকে তো, একটা বই পড়ুন।
যদি খুব দরকার না থাকে তো, একটা বই পড়ুন।

৩। মজুতদারেরা যদি মাল ছাড়ে, তাহলে আমার কি দোষ ?
.... মজুতদারেরা মাল না ছাড়ে .... ?

৪। যদি কনডেন্সড্ মিল্কের টিন না থাকে তো ....।
যদি কনডেন্সড্ মিল্কের টিন না থাকে তো ....।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। আছে
তেল আছে ?
কেরোসিন তেল আছে ?

২। পেতে পারেন

যদি আসেন তাহলে পেতে পারেন।

যদি একবার আসেন তাহলে পেতে পারেন।

যদি সন্ধ্যায় একবার আসেন তাহলে পেতে পারেন।

যদি কাল সন্ধ্যায় একবার আসেন তাহলে পেতে পারেন।

যদি কষ্ট করে কাল সন্ধ্যায় একবার আসেন তাহলে পেতে পারেন।

আপনি যদি কষ্ট করে কাল সন্ধ্যায় একবার আসেন তাহলে পেতে পারেন।

৩। আনব

যদি কটক যাই তাহলে আনব।

কাল যদি কটক যাই তাহলে আনব।

না বাবু, কাল যদি কটক যাই তাহলে আনব।

৪। হবে না

রান্নাই হবে না।

আজ তো রান্নাই হবে না।

তেল না হলে আজ তো রান্নাই হবে না।

মুসকিল হল, তেল না হলে আজ তো রান্নাই হবে না।

৫। দেখুন

দোকানে দেখুন।

কালুরামের দোকানে দেখুন।

একবার কালুরামের দোকানে দেখুন।

যদি দরকার থাকে একবার কালুরামের দোকানে দেখুন।

যদি খুব দরকার থাকে তো একবার কালুরামের দোকানে দেখুন।

৬। পারেন

পেতে পারেন।

পেলেও পেতে পারেন।

তেল পেলেও পেতে পারেন।

৭। দাও

টিন দাও।

দুধের টিন দাও।

নেসপ্রে দুধের টিন দাও।

একটা নেসপ্রে দুধের টিন দাও।

এখন একটা নেসপ্রে দুধের টিন দাও।

আচ্ছা, এখন একটা নেসপ্রে দুধের টিন দাও।

৮। পাবেন না

চাইলে পাবেন না।

নেসপ্রে চাইলে পাবেন না।

কোনোখানে নেসপ্রে চাইলে পাবেন না।

এখন কোনোখানে নেসপ্রে চাইলে পাবেন না।

৯। রেখেছো কেন ?

খুলে রেখেছো কেন ?

দোকান খুলে রেখেছো কেন ?

যদি দিতে না পারো তাহলে দোকান খুলে রেখেছো কেন ?

কিছুই যদি দিতে না পারো তাহলে দোকান খুলে রেখেছো কেন ?

সেকি যদি কিছুই দিতে না পারো তাহলে দোকান খুলে রেখেছো কেন ?

১০। বাবু

কি করব বাবু ?

১১। আমার কি দোষ ?

তাহলে আমার কি দোষ ?

যদি রাখে তাহলে আমার কি দোষ ?

যদি মাল আটকে রাখে তাহলে আমার কি দোষ ?

মজুতদারেরা যদি মাল আটকে রাখে তাহলে আমার কি দোষ ?

১২। চলবে না।

না পেলে চলবে না।

না পেলে আমার চলবে না।

টিন না পেলে আমার চলবে না।

দুধের টিন না পেলে আমার চলবে না।

একটা দুধের টিন না পেলে আমার চলবে না।

কিন্তু একটা দুধের টিন না পেলে আমার চলবে না।

১৩। আছে

টিন আছে।

ল্যাক্টোজেনের টিন আছে।

একটা ল্যাক্টোজেনের টিন আছে।

কাছে একটা ল্যাক্টোজেনের টিন আছে।

আমার কাছে একটা ল্যাক্টোজেনের টিন আছে।

১৪। যান

নিয়ে যান।

ওটা নিয়ে যান।

চান তো ওটা নিয়ে যান।

যদি চান তো ওটা নিয়ে যান।

১৫। দাও

তাই দাও।

EXERCISES

1. Fill up the blanks of the following conditional sentences.

১। যদি কাল ...., তাহলে তোমার জন্য ....।

২। .... তুমি চাও, ... এই বইটা নাও।

৩। যদি আমার মা ...., তাহলে তোমাকে ....।

৪। পরীক্ষায় ভালো .... পুরস্কার দেব।

৫। ভালো করে না .... পরীক্ষায় সফল হবে না।

2. Negate the following sentences. (Conditional clause)

১। কাল যদি কটক যাই, তাহলে শাড়ী আনব।

২। কাল যদি পরীক্ষা হয়, তাহলে আমার কষ্ট হবে।

৩। ভাত খেলে আমার ঘুম হবে না।

৪। আপনি এলে আমি যাব।

৫। কাল যদি সিনেমা যাই, তাহলে তোমাকে ডাকব।

3. Transform the following sentences of type I into the sentences of type II following the given model.

Model : যদি মজুতদারেরা মাল আটকে রাখে, তাহলে আমার কি দোষ ?

মজুতদারেরা মাল আটকে রাখলে আমার কি দোষ ?

১। ছাত্রেরা যদি পরীক্ষা না দেয়, তাহলে শিক্ষকদের কি দোষ ?

২। যদি আপনি চান তাহলে ওটা নিয়ে যান।

৩। যদি রোজ একটা রবীন্দ্রসংগীত না শুনি, তাহলে আমার মেজাজ খারাপ হয়ে যায়।

৪। যদি টিকিট না পাই, তাহলে আমার সিনেমা দেখা হবে না।

৫। যদি আমার ঘুম না হয়, তাহলে আমার মেজাজ ভালো হবে না।

৬। যদি আমরা পাস করি, তাহলে তোমাকে মিষ্টি খাওয়াবো।

৭। যদি এখনি ঘুমোও, তাহলে আলো নেবাব।

৮। যদি একটা বাংলা বই পাই তাহলে পড়ি।

৯। যদি চাল না পাই তো বড় মুস্কিল হবে।

১০। তুমি যদি কথা না শোনো, তাহলে শাস্তি পাবে।

4. Answer the following questions.

১। কেরোসিন তেল কি দোকানে ছিল ?

২। কোথায় কেরোসিন তেল পাওয়া যেতে পারে ?

৩। নেসপ্রে বাজারে নেই কেন ?

৪। শেষে ক্রেতা কি নিয়ে গেলেন ?

Vocabulary

তেল	'oil'	কোনোখানে	'anywhere'
দরকার	'need'	কিছুই	'even anything'
টিন	'tin'	চাইলে	'if (you) want'
মজুতদারেরা	'hoarders'		
মাল	'goods'	দোষ	'offence'

NOTES

1. In Bengali Conditional sentences are formed in two ways :

   i) By adding যদি /···· ···· ····/ তাহলে Example :

   যদি বৃষ্টি হয় তাহলে আমি যাব না।

   ii) By adding the suffix 'লে' to the verb. Example :

   বৃষ্টি হলে আমি যাব না।

2. Negative Conditional sentences are formed by addition of 'না' before the verb. Example :

   যদি বৃষ্টি না হয়, তাহলে আমি সিনেমা যাব না।

   বৃষ্টি না হলে আমি যাব না।

Lesson 72

Two Brothers

অমল আর বিমল দুই ভাই।	Amal and Bimal are two brothers.
অমলের চেয়ে বিমল দু'বছরের বড়।	Bimal is elder than Amal by two years.
কিন্তু বিমলের চেয়ে অমল বেশি লম্বা।	But Amal is taller than Bimal.
ওদের চেয়ে ছোট আর একটি বোনওআছে।	They have one younger sister also.
ভাইবোনেদের মধ্যে সেই সবচেয়ে সুন্দর।	She is the most beautiful among the brothers and sisters.
কিন্তু তিন ভাইবোনের মধ্যে অমলই সবচেয়ে বুদ্ধিমান।	But Amal is the most intelligent among three of them.
অমল আর বিমল একই স্কুলে পড়ে।	Amal and Bimal study in the same school.
বিমল অমলের চেয়ে উঁচু ক্লাসে পড়ে।	Bimal studies in the higher class than Amal.

কিন্তু দুজনের মধ্যে অমলই পড়াশোনায় বেশি ভালো।	But comparatively Amal is better at his studies among them.
স্কুলের ছেলেদের মধ্যে অমলের ব্যবহার সবথেকে ভালো।	Amal is the most decent in his behaviour among the students of the school.
তাই শিক্ষকমশায়রা সবাই অমলকে সবচেয়ে বেশি ভালোবাসেন।	That it why all the teachers like Amal most.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

ক) ১। অমলের চেয়ে বিমল দু'বছরের বড়।

.... থেকে ....।

(অমল অপেক্ষা ....)

২। বিমলের চেয়ে অমল বেশি লম্বা।

.... থেকে ....।

(বিমল অপেক্ষা ....)

খ) ওদের চেয়ে ছোট আরও একটি বোন আছে।

... . থেকে ....।

গ) ভাইবোনেদের মধ্যে সেই সবচেয়ে সুন্দর।

.... সবথেকে ....।

ঘ) দুজনের মধ্যে অমলই পড়াশোনায় বেশি ভালো।

অমল বিমলের মধ্যে ....।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

১। অমলের চেয়ে বিমল দু'বছরের বড়। অমল, বিমল দুজনের মধ্যে বিমল দু'বছরের বড়।

২। বিমলের চেয়ে অমল বেশি লম্বা। দুজনের মধ্যে অমল বেশি লম্বা।

৩। বিমল অমলের থেকে উঁচু ক্লাসে পড়ে। দুজনের মধ্যে বিমল উঁচু ক্লাসে পড়ে।

Response Drill

(উত্তরমূলক অভ্যাস)

১। অমলেরা ক' ভাইবোন ?

২। ভাইবোনেদের মধ্যে কে বড় ?

৩। ভাইবোনেদের মধ্যে কে লম্বা ও কে উঁচু ক্লাসে পড়ে ?

৪। শিক্ষকরা কাকে সবচেয়ে ভালো বাসেন এবং কেন ?

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। ভাই

দুই ভাই।

অমল আর বিমল দুই ভাই।

২। বড়

দু'বছরের বড়।

বিমল দু'বছরের বড়।

অমলের চেয়ে বিমল দু'বছরের বড়।

৩। লম্বা

বেশি লম্বা।

অমল বেশি লম্বা।

বিমলের চেয়ে অমল বেশি লম্বা।

কিন্তু বিমলের চেয়ে অমল বেশি লম্বা।

৪। আছে

বোনও আছে।

একটি বোনও আছে।

আরও একটি বোনও আছে।

ছোট আরও একটি বোনও আছে।

ওদের চেয়ে ছোট আরও একটি বোনও আছে।

৫। সুন্দর

সবচেয়ে সুন্দর।

সেই সবচেয়ে সুন্দর।

ভাইবোনেদের মধ্যে সেই সবচেয়ে সুন্দর।

৬। বুদ্ধিমান

সবচেয়ে বুদ্ধিমান।

অমলই সবচেয়ে বুদ্ধিমান।

তিন ভাইবোনের মধ্যে অমলই সবচেয়ে বুদ্ধিমান।

৭। পড়ে

স্কুলে পড়ে।

বিমল স্কুলে পড়ে।

অমল আর বিমল স্কুলে পড়ে।

অমল আর বিমল একই স্কুলে পড়ে।

৮। পড়ে

ক্লাসে পড়ে।

উঁচু ক্লাসে পড়ে।

অমলের থেকে উঁচু ক্লাসে পড়ে।

বিমল অমলের থেকে উঁচু ক্লাসে পড়ে।

৯। ভালো

বেশি ভালো।

পড়াশোনায় বেশি ভালো।

অমলই পড়াশোনায় বেশি ভালো।

দুজনের মধ্যে অমলই পড়াশোনায় বেশি ভালো।

কিন্তু দুজনের মধ্যে অমলই পড়াশোনায় বেশি ভালো।

১০। ভালো

সবথেকে ভালো।

অমলের ব্যবহার সবথেকে ভালো।

ছেলেদের মধ্যে অমলের ব্যবহার সবথেকে ভালো।

স্কুলের ছেলেদের মধ্যে অমলের ব্যবহার সবথেকে ভালো।

১১। ভালোবাসেন

সবাই বেশি ভালোবাসেন।

সবাই সবচেয়ে বেশি ভালোবাসেন।

সবাই অমলকে সবচেয়ে বেশি ভালোবাসেন।

EXERCISES

1. Fill up the blanks.

ক) ১। — চেয়ে শ্যামল পড়াশোনায় ভালো।

২। — অপেক্ষা অমল অনেক লম্বা।

৩। ঐ — থেকে এই বাড়ীটা উঁচু।

৪। ক্লাসের — মধ্যে সুভাষের ব্যবহার ভালো।

৫। — মধ্যে কোন্ ঘরটা বড় ?

৬। আমার — মধ্যে ছোট বোনটা সবচেয়ে সুন্দর।

খ) ১। তোমার -- অনুতোষ বুদ্ধিমান।

২। তোমরা সব — কোন ছাত্রটিকে বেশি পছন্দ করো ?

৩। সবার — এই ছেলেটি ভালো।

৪। সবার — এই ছেলেটির হাতের লেখা ভালো।

৫। নদীর -- কোন্ নদী বড় ?

2. Negate the following sentences,

১। তুমি আমার চেয়ে ভালো গান করো।

২। ওঁরা শ্যামলকে সবচেয়ে ভালোবাসেন।

৩। 'অঙ্কুর' সিনেমা 'কোয়াসের' থেকে ভালো হয়েছে।

৪। কলকাতার সিনেমা হলগুলোর মধ্যে কোনটা সবথেকে ভালো ?

৫। ক্লাসের মধ্যে সরমার হাতের লেখা সবথেকে ভালো।

Vocabulary

দুই	'two'	বুদ্ধিমান	'intelligent'
চেয়ে/থেকে	'than'	উঁচু	'high'
বেশি/আরও	'more'	সবাই	'all'
লম্বা	'tall'	শিক্ষকমশায়রা	'teachers'
বড়	'big/older/elder'	সবথেকে/সবচেয়ে	'among the all'
ছোট	'small/young'	সুন্দর	'handsome'

NOTES

1. To indicate comparison any one of the words থেকে, চেয়ে, চাইতে is used. Examples :

   রামের থেকে শ্যাম ভাল।
   রামের চেয়ে শ্যাম ভাল।
   রামের চাইতে শ্যাম ভাল।

   Note that the preceding noun or pronoun has the genitive (possessive) form (রামের) when any one of the above words indicating comparison is used.

2. To express the superlative degree cf comparison any one of the words. সব থেকে/সবার থেকে, সব চেয়ে/সবার চেয়ে/সবার চাইতে, সর্বাপেক্ষা is used. Ekamples :

   সব থেকে ছেলেটি ভাল।
   সব চেয়ে ছেলেটি ভাল।
   সর্বাপেক্ষা ছেলেটি ভাল।

Lesson 73

Calcutta

কলকাতা ভারতের মধ্যে সবচেয়ে বড় শহর।	Calcutta is the largest city in India.
এখানে সবচেয়ে বেশী লোক বাস করে।	Many people live here.
এখানে সবচেয়ে বড় যাদুঘর আছে।	The biggest museum is situated here.
কলকাতার চিড়িয়াখানা সবচেয়ে বড়।	The zoo garden of Calcutta is the largest.
বোম্বাইয়ের চেয়ে এই শহর পরিচ্ছন্ন নয়।	This city is not cleaner than Bombay.
তবে যানবাহনের বেশ সুবিধে আছে।	But there is good facility of conveyance.
দিল্লীর চেয়ে এখানে যানবাহনের সুবিধে বেশী।	One gets better facility of conveyance here than in Delhi.
ভারতে একমাত্র কলকাতাতেই ট্রাম আছে।	In India the tram plies only in Calcutta.

বাসের চেয়ে ট্রামে অনেক বেশী লোক যেতে পারে।	More number of people may travel by tram than by bus.
তবে বাস অপেক্ষা ট্রামে রাস্তা জ্যাম হয় বেশী।	But the traffic jam is caused mainly by tram than by bus.
ট্রামের একটি সুবিধে হল এতে পরিবেশ পরিষ্কার থাকে।	Another advantage of the tram is that atmosphere is not polluted by it
কেননা ট্রাম বিদ্যুতের সাহায্যে চলে।	Because the tram is run with the help of electricity.
বাসের থেকে এতে খরচও কম হয়।	Its expenditure is also less than that of bus.
ভারতের মধ্যে কলকাতাতেই প্রথম পাতাল রেল হচ্ছে।	In India tube rail is being constructed in Calcutta first.
কলকাতায় সাংস্কৃতিক অনুষ্ঠান সব থেকে বেশি হয়।	Most of the cultural functions are performed in Calcutta.
তাই কলকাতাকে সাংস্কৃতিক শহর বলা যায়।	That's why Calcutta could. be called the cultural city.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। কলকাতা ভারতের মধ্যে সবচেয়ে বড় শহর।
.... সবথেকে ....।

২। এখানে সবচেয়ে বেশী লোক বাস করে।
.... সবথেকে ....।

৩। বোম্বাইয়ের চেয়ে এই শহর পরিচ্ছন্ন নয়।
.... থেকে ....।

৪। দিল্লীর চেয়ে এখানে যানবাহনের সুবিধে বেশী।
.... থেকে ....।

৫। তবে বাস অপেক্ষা ট্রামে রাস্তা জ্যাম হয় বেশী।
.... কম।

৬। ভারতের মধ্যে কলকাতাতেই প্রথম পাতাল রেল হচ্ছে।
.... ভিতরে ....।

৭। তাই কলকাতাকে সাংস্কৃতিক শহর বলা যায়।
.... হয়।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। শহর।

বড় শহর।

সবচেয়ে বড় শহর।

ভারতের মধ্যে সবচেয়ে বড় শহর।

কলকাতা ভারতের মধ্যে সবচেয়ে বড় শহর।

২। করে।

বাস করে।

লোক বাস করে।

বেশী লোক বাস করে।

সবচেয়ে বেশী লোক বাস করে।

এখানে সবচেয়ে বেশী লোক বাস করে।

৩। আছে।

যাত্নঘর আছে।

বড় যাত্নঘর আছে।

সবচেয়ে বড় যাত্নঘর আছে।

এখানে সবচেয়ে বড় যাত্নঘর আছে।

৪। আছে।

সুবিধে আছে।

বেশ সুবিধে আছে।

যানবাহনের বেশ সুবিধে আছে।

তবে যানবাহনের বেশ সুবিধে আছে।

৫। পারে।

যেতে পারে।

লোক যেতে পারে।

বেশী লোক যেতে পারে।

অনেক বেশী লোক যেতে পারে।

ট্রামে অনেক বেশী লোক যেতে পারে।

বাসের চেয়ে ট্রামে অনেক বেশী লোক যেতে পারে।

৬। থাকে।

পরিষ্কার থাকে।

পরিবেশ পরিষ্কার থাকে।

এতে পরিবেশ পরিষ্কার থাকে।

সুবিধে হলে এতে পরিবেশ পরিষ্কার থাকে।

একটি সুবিধে হল এতে পরিবেশ পরিষ্কার থাকে।

আর একটি সুবিধে হল এতে পরিবেশ পরিষ্কার থাকে।

ট্রামের আর একটি সুবিধে হল এতে পরিবেশ পরিষ্কার থাকে।

৭। হচ্ছে।

রেল হচ্ছে।

পাতাল রেল হচ্ছে।

এখন পাতাল রেল হচ্ছে।

কলকাতাতেই এখন পাতাল রেল হচ্ছে।

ভারতের মধ্যে কলকাতাতেই এখন পাতাল রেল হচ্ছে।

৮। হয়।

বেশী হয়।

সব থেকে বেশী হয়।

অনুষ্ঠান সবথেকে বেশী হয়।

সাংস্কৃতিক অনুষ্ঠান সবথেকে বেশী হয়।

কলকাতায় সাংস্কৃতিক অনুষ্ঠান সবথেকে বেশী হয়।

EXERCISES

1. Fill up the blanks with the words expressing comparative and supperlative degrees.

১। রহিম ক্লাসের মধ্যে — ভাল ছেলে।

২। বোম্বাইয়ের — দিল্লী বড় শহর।

৩। বাসের — ট্রামের খরচ কম।

৪। সিনেমার — থিয়েটার দেখতেই তার ভাল লাগে।

৫। ঋতুগুলোর মধ্যে বর্ষাই আমার — ভাল লাগে।

৬। পৃথিবীর মধ্যে চীনের জনসংখ্যা — বেশী।

2. Respond the following questions.

১। কি কি কারণে কলকাতা সবচেয়ে বড় শহর ?

২। বাসের থেকে ট্রামে কেন বেশী সুবিধে ?

৩। ভারতে আর কি কোথাও ট্রাম আছে ?

৪। পাতাল রেল ভারতে প্রথম কোথায় হচ্ছে ?

৫। কেন কলকাতাকে সাংস্কৃতিক শহর বলা যায় ?

Evaluation - cum - Test

1. Transform the following sentences into negative statements :

১। তুমি যদি সিনেমা যাও, তাহলে আমি যাবো।

২। আমার জন্য কিছু ফুল কিনলে আমি খুশী হবো।

৩। ছাত্রেরা যদি ভুল করে, তাহলে শিক্ষক খুশী হন না।

৪। যদি আপনি আমার কথা শোনেন, তাহলে আমার ভালো লাগবে।

৫। যদি প্রয়োজনীয় জিনিষ পাওয়া যায়, তাহলে কি ভালো ?

2. Fill up the blanks using words of comparison.

১। তোমার গান — মিষ্টি।

২। তোমার শাড়ীটির দাম আমারটার — অনেক বেশি।

৩। ওই ছেলেটার — আরও লম্বা এখানে কেউ আছে ?

৪। সবার — কার মুখ সুন্দর ?

৫। ওদের -- অমরের ভাইয়ের বুদ্ধি — বেশি।

3. Combine the following pairs of sentences into one good sentence in each case using words of comparison.

১। এই ফুলটা লাল। ওই ফুলটা আরও লাল।

....

২। আমি চা ভালোবাসি। কফি আরও ভালোবাসি।

....

৩। মোহনবাগানের খেলোয়াড়েরা ভালো। অসীম ব্যানার্জি সবথেকে ভালো।

... .

৪। তোমার জামাটা সাদা। আমার জামাটা আরও সাদা।

....

৫। মনিকার লম্বা চুল আছে। অনিলার আরও লম্বা চুল আছে।

....

Lesson 74

Hotel accomodation

ভদ্রলোক	ঃ আজ রাত্রের জন্য আমাকে এই হোটেলে একটা ঘর দিতে পারেন ?	Can you provide me a room in this hotel for to-night ?
হোটেলওলা	ঃ না মশাই, যদি একটু আগে আসতেন, দিতে পারতাম।	No, sir, if you would have come a bit early I could have given you.
ভদ্রলোক	ঃ ট্রেনটা যদি দুঘণ্টা দেরী না করত, তাহলে আমি আগে এসে পৌঁছতাম।	Had the train not been late for two hours, I would have come earlier.
	দেখুন না, যদি দেওয়া সম্ভব হয়।	Please see, if it is possible.
হোটেলওলা	ঃ সত্যি বলছি মশাই, খালি ঘর থাকলে নিশ্চয় দিতাম।	To tell you frankly sir, I would have given you if there would have been any vacant room.
	হোটেলবাড়ীর ওদিকটা যদি এখন সারানো না হত, তাহলে আরও কয়েকটা খালি ঘর থাকত।	Had the other side of the hotel building not been under repair, there would have been some more vacant rooms.

ভদ্রলোক	: কিন্তু এই বিদেশে আপনার নাম করে আমার বন্ধু অমিয় যদি ভরসা না দিত, তাহলে আপনাকে এত করে অনুরোধ করতাম না।	I would have not been requesting you so much if my friend Amiya would have not given me assurance mentioning your name in this unknown place.
	আপনি অমিয়ভুষণ সাহাকে চেনেন, নিশ্চয় ?	I hope you know Amiya Bhusan Saha definitely.
হোটেলওলা	: হ্যাঁ, হ্যাঁ, আপনাকে অমিয় পাঠিয়েছে ?	Yes, yes, has Amiya sent you ?
	আপনি যদি আগে একটা চিঠি লিখে জানাতেন তো এই মুসকিলে পড়তাম না।	If you would have written me a letter earlier I would not have to face this difficulty.
	আচ্ছা, আপনি যদি চান তাহলে আমার সঙ্গে আমার ঘরেই একটা রাত্রি থাকুন।	Well, if you have no objection you can stay with me in my room for one night.
ভদ্রলোক	: আপনাকে যে কি বলে ধন্যবাদ জানাবো, জানি না।	I don't know, how I can express my thanks to you.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। হোটেলবাড়ীর ওদিকটা যদি সারানো না হত, তাহলে খালি ঘর থাকত।

.... দিতাম।

২। যদি একটু আগে আসতেন, দিতে পারতাম।

.... বলতেন ....।

.... চাইতেন ....।

৩। দেখুন না, যদি দেওয়া সম্ভব হয়।

.... নেওয়া ....।

.... কেনা ....।

.... পাওয়া ....।

৪। যদি আগে একটা চিঠি লিখে জানাতেন, তো এই মুসকিলে পড়তাম না।

.... দিতেন, ...।

.... ফেলতাম না।

৫। আপনি যদি চান, তাহলে আমার সঙ্গে একটা রাত্রি থাকুন।

.... বলেন, ...।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

১। যদি একটু আগে আসতেন, দিতে পারতাম।

.... না আসতেন .... পারতাম না।

২। ট্রেনটা যদি দুষণ্টা দেরী করত, তাহলে দুর্ঘটনা ঘটত।
... . না করত, ...।

৩। হোটেলবাড়ির ওদিকটা যদি সারানো হত, তাহলে কয়েকটা খালি ঘর থাকত।
....

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। পারেন।
দিতে পারেন।
ঘর দিতে পারেন।
একটা ঘর দিতে পারেন।
হোটেলে একটা ঘর দিতে পারেন।
এই হোটেলে আমাকে একটা ঘর দিতে পারেন।
রাত্রের জন্য এই হোটেলে আমাকে একটা ঘর দিতে পারেন।
আজ রাত্রের জন্য এই হোটেলে আমাকে একটা ঘর দিতে পারেন।

২। দিতাম
নিশ্চয় দিতাম।
থাকলে নিশ্চয় দিতাম।
ঘর থাকলে নিশ্চয় দিতাম।
খালি ঘর থাকলে নিশ্চয় দিতাম।
মশাই, খালি ঘর থাকলে নিশ্চয় দিতাম।
বলছি মশাই, খালি ঘর থাকলে নিশ্চয় দিতাম।
সত্যি বলছি মশাই, খালি ঘর থাকলে নিশ্চয় দিতাম।

৩। পারতাম।

দিতে পারতাম।

যদি আসতেন দিতে পারতাম।

যদি আগে আসতেন দিতে পারতাম।

যদি একটু আগে আসতেন দিতে পারতাম।

৪। পৌঁছতাম।

এসে পৌঁছতাম।

আগে এসে পৌঁছতাম।

আমি অনেক আগে এসে পৌঁছতাম।

যদি দেরী না করত, তাহলে আমি অনেক আগে এসে পৌঁছতাম।

যদি দুঘণ্টা দেরী না করত, তাহলে আমি অনেক আগে এসে পৌঁছতাম।

ট্রেনটা যদি দুঘণ্টা দেরী না করত, তাহলে আমি অনেক আগে এসে পৌঁছতাম।

৫। থাকত।

ঘর থাকত।

খালি ঘর থাকত।

কয়েকটা খালি ঘর থাকত।

আরও কয়েকটা খালি ঘর থাকত।

যদি সারানো না হত, তাহলে আরও কয়েকটা খালি ঘর থাকত।

যদি এখন সারানো না হত, তাহলে আরও কয়েকটা খালি ঘর থাকত।

ওদিকটা যদি এখন সারানো না হত, তাহলে আরও কয়েকটা খালি ঘর থাকত।

হোটেলবাড়ীর ওদিকটা যদি এখন সারানো না হত, তাহলে আরও কয়েকটা খালি ঘর থাকত।

EXERCISES

1. Fill up the gaps with the past conditional verb forms.

১। আপনি যদি আগে — তাহলে আপনার জন্য খাবার রাখতাম।

২। তুমি যদি আমার কথা — তাহলে তোমার অসুবিধা হোত না।

৩। আমি যদি গান —, তাহলে খুব ভালো হোত।

৪। আপনি যদি গায়ক না হয়ে একজন বড় শিল্পী — তাহলে আমার খুব ভালো লাগত।

৫। আজ বিকেলে যদি ঝড় না —, তাহলে আমার বাড়ী —।

2. Negate the following sentences (Negate the conditional clause only)

১। আপনি যদি সিনেমা দেখতেন, তাহলে আমি দেখতাম না।

২। আপনি যদি আজ আমার বাড়ী আসতেন, তাহলে আমি খুব খুশী হতাম।

৩। তুমি যদি কাল আমাকে জানাতে, তাহলে আমি খুব অসুবিধায় পড়তাম।

৪। স্কুলের ছেলেরা যদি এই অনুষ্ঠানে অংশগ্রহণ করত, তাহলে অনুষ্ঠানটা অনেক সুন্দর হত।

৫। গাছটায় যদি অনেক আম হত, তাহলে ছেলেরা বিরক্ত করত।

৬। কলমে যদি লাল কালি থাকত, তাহলে এই চিঠিটা লিখতে পারতাম না।

৭। তুই যদি আমার কথা শুনতিস, তাহলে দুঃখ হত।

৮। যদি বেশী ঠাণ্ডা পড়ত, তাহলে আমি সোয়েটার পরতাম।

৯। তোমার যদি ঈশ্বরে বিশ্বাস থাকত, তাহলে তুমি কথাটা বিশ্বাস করতে।

১০। আসামের সুন্দর প্রাকৃতিক দৃশ্য যদি দেখতাম, তোমায় লিখতাম।

3. Change the verbal forms of the following sentences into past conditional verb forms.

Vocabulary

দেরী	'delay'	খালি	'vacant'
বিদেশে	'in foreign place'	সারানো	'repair'
ভরসা	'assurance'	পাঠিয়েছে	'has sent'
সম্ভব	'possible'		
পৌঁছতাম	'I would have reached	চেনেন	'you know'
		থাকুন	'you stay'
অনুরোধ করতাম না	'I would not have requested'		

NOTES

Sentences indicating the unreal past are introduced. These are formed in two ways.

1. By using যদি .... তাহলে and the verb form with ত্ and past tense personal marker.

   e. g. তুমি যদি বাড়ী আসতে, তাহলে জানতে পারতে।

2. By using Conditional Conjunctive -লে and finite verb forms with -ত্ and past tense personal marker.

   e. g. তুমি বাড়ী এলে জানতে পারতে।

Lesson 75

Rainy Day

সকাল থেকে বৃষ্টি পড়ছে।	It has been raining since morning.
এত বৃষ্টি কোনো দিন হয়নি।	Such a rain did never take place.
মনে হচ্ছে, সারা ক্যাম্পাসে বুঝি কেউ নেই।	It seems, perhaps there is none in whole of the campus.
শ্রিয়া টকিজে কোন্ ছবি দেখানো হচ্ছে, কে জানে।	Who knows, which picture is going in the Shriya talkies.
যদি বৃষ্টি না হত, তাহলে কোনো একটা বাংলা ছবি দেখতে চলে যেতাম।	Had there been no rain I would have gone to see a Bengali film.
কোনো কাজ করতে ইচ্ছে করছে না।	I don't feel any urge to do anything.
কেউ যদি এখন আসত, ভালো হত।	It would have been better if anybody would come now.
কোন্ বন্ধুর কাছেই বা যাব।	Whom I shall meet among the friends.

কোনো হস্টেলের জানলা দিয়ে কারো কোনো মুখ দেখা যাচ্ছে না।	Nobody is seen through the windows of any of the hostels.
রাস্তায় কোনো লোক নেই।	There is no person in the street.
কোনো দোকান নিশ্চয় খোলা নেই।	It seems not a single shop is open.
কোন্ সময় বৃষ্টি থামবে কে জানে।	Who knows at what time the rain will be stopped.
আমার কাছে শুধু কয়েকটা বই আছে।	Only a few books are with me.
কোন্ বইটা পড়ি ?	Which book do I read ?
বাইরে বৃষ্টির কোনো শেষ নেই।	There is no end of rain outside.

Substitution Drill

(প্রতিস্থাপন অভ্যাস)

১। এত বৃষ্টি কোনোদিন হয় নি।
.... কোন্ .... ?

২। কোনো কাজ করতে ইচ্ছে করছে না।
কোন্ ... ... ?

৩। কোন্ মুখ দেখা যাচ্ছে না ?

কোনো .... ?

৪। তুমি কোন্ বই পড়ো ?

.... কোনো বই .... ?

৫। সারা ক্যাম্পাসে বুঝি কেউ নেই।

.... কোনো লোক ....।

৬। কেউ যদি আসত, তাহলে ভালো হত।

কোনো লোক ....।

Transformation Drill

(রূপান্তর অভ্যাস)

Question Transformation :

১। শ্রিয়া টকিজে 'অনুরাগ' ছবি দেখানো হচ্ছে।

ক) শ্রিয়া টকিজে কোন্ ছবি দেখানো **হচ্ছে ?**

খ) শ্রিয়া টকিজে অনুরাগ ছবি দেখানো **হচ্ছে কি ?**

২। আমি 'না' বইটা পড়ি।

ক) আমি .... ?

খ) আমি .... ?

৩। গায়ক বন্ধুর কাছে যাব।

ক) কোন বন্ধুর .... ?

খ) গায়ক বন্ধুর ... . ?

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। হয়নি।

কোনোদিন হয়নি।

বৃষ্টি কোনোদিন হয়নি।

এত বৃষ্টি কোনোদিন হয়নি।

২। নেই।

কেউ নেই।

বুঝি কেউ নেই।

ক্যাম্পাসে বুঝি কেউ নেই।

সারা ক্যাম্পাসে বুঝি কেউ নেই।

মনে হচ্ছে সারা ক্যাম্পাসে বুঝি কেউ নেই।

৩। জানে।

কে জানে।

দেখানো হচ্ছে কে জানে।

ছবি দেখানো হচ্ছে কে জানে।

কোন্ ছবি দেখানো হচ্ছে কে জানে।

টকিজে কোন্ ছবি দেখানো হচ্ছে কে জানে।

শ্রিয়া টকিজে কোন্ ছবি দেখানো হচ্ছে কে জানে।

৪। হত।

ভালো হত।

আসত, ভালো হত।

এখন আসত, ভালো হত।

যদি এখন আসত, ভালো হত।

কেউ যদি এখন আসত, ভালো হত।

৫। জানে।

কে জানে।

থামবে কে জানে।

বৃষ্টি থামবে কে জানে।

কোন্ সময় বৃষ্টি থামবে কে জানে।

EXERCISES

1. Fill up the gaps with any one of the three words : কোন্, কোনো, কেউ।

১। বাজারে — নেই।

২। বাজারে — লোক নেই।

৩। সেখানে আমার — আত্মীয় থাকেন।

৪। বিহারে আপনার — আছেন ?

৫। সম্প্রতি আপনি --- সিনেমা দেখলেন ?

2. Substitute the underlined words with necessary changes in other words or with addition of words wherever necessary by the words given in brackets.

১। কোন্ বইটা পড়ব, বুঝতে পারছি না। (কে)

২। বাড়ীটায় কেউ বোধ হয় থাকে না। (কোনো)

৩। কেউ এ কথা জানে না। (কোনো)

৪। তোমাদের সঙ্গে কোনো লোক যাবে না। (কেউ)

৫। কোনো গান গাইবো? (কোন্)

৬। কোনো লোক এ জায়গায় থাকবে? (কোন্)

3. Construct sentences :

কোনো, কেউ, কোন্।

Vocabulary

সকাল	'morning'	সারা	'whole'
ক্যাম্পাস	'campus'	ছবি	'picture'
বুঝি	'perhaps'	থামবে	'it will stop'

NOTES

The different usages of কেউ, কোনো and কোন্ may be noted. কেউ is a pronoun and is used in different cases.

Examples :

Nom.	কেউ
Obj.	কাউকে
Gen.	কারো

On the other hand the word কোনো mainly functions as a pronominal adjective. It is followed by a noun.

e. g. কোনো ছেলে, কোনো বই।

But sometimes it is also used as a pronoun, e.g.

বইগুলোর মধ্যে কোনোটা তার হবে।

ছেলেগুলোর মধ্যে কোনোটাকে চিনিনা।

তাদের মধ্যে কোনোটার নাম জানিনা।

In Contrast with কেউ and কোনো, কোন্ is used only as an interrogative form.

Nom.	কোন্টা তোমার বই ?
Obj.	তোমার কোন্টাকে চাই ?
Gen.	কোন্টার দাম একটাকা ?
Adj.	কোন্ বইটা, কোন্ ছেলে, কোন্ দোকান।

Lesson 76

Revised Lesson

রমেশ : অনুরাধা, তুমি এত দেরী করলে কেন ?	Anuradha, why are you so late ?
অনুরাধা : কি করব, যদি বাসটা ঠিক সময়ে আসত তাহলে দেরী হত না।	What to do, if the bus would have come at right time then I would not have come late.
রমেশ : তুমি কোন্ বাসে এলে ?	By which bus have you come ?
অনুরাধা : আমি ২ নম্বর বাসে এলাম।	I have come by the bus No-2.
যদি ১০ নম্বর পেতাম তাহলে তাড়াতাড়ি আসতাম।	Had I get No. 10, I would have come earlier.
রমেশ : যাক্, আজ তুমি কোন্ কোন্ জিনিস কিনবে ?	Allright, which things will you buy to-day ?
অনুরাধা : আমি আজ কোনো জিনিস কিনব না।	To-day I shall buy nothing.

	আজ যদি মাইনে পেতাম তাহলে নিশ্চয় আজ কিছু জিনিস কিনতাম।	Had I got salary to-day I would have brought something.
রমেশ ঃ	আমিও আজ মাইনে পাইনি।	I have also not received salary to-day.
	যদি আজ মাইনে পেতাম তাহলে তোমাকে কিছু টাকা দিতে পারতাম।	I would have given you some money if I had received salary to-day.
	কিন্তু আমাদের মাসের শেষ দিনে মাইনে হয় না।	We don't get salary on the last day of the month.
	মাসের ১ তারিখে মাইনে হয়।	We get salary on the first day of the month.
অনুরাধা ঃ	আমাদের অবশ্য শেষ দিনেই মাইনে হয়।	We get salary on the last day.
	তবে আজ ক্যাসিয়ার আসেন নি।	But the cashier has not come to-day.
	যদি ক্যাসিয়ার আসতেন তাহলে মাইনে পেতে দেরী হত না।	If cashier had come then there would not have delay in receiving salary.
রমেশ ঃ	চলো তাহলে আমরা কফি হাউসে যাই।	Let us go to the Coffee House.
	যদি বাসে ভীড় কম হতো তাহলে না হয় গড়িয়াহাটে যেতাম।	We might have gone to Gariahata if the buses were not over crowded.

অনুরাধা ঃ টাকা থাকলে ট্যাক্সি করে ও যেতে পারতাম।	If we had money we might have gone by taxi.
রমেশ ঃ তোমার ইচ্ছে কাল পূর্ণ হবে।	Your desire will be fulfilled to-morrow.
কাল আমরা গড়িয়াহাট যাব।	To-morrow we shall go to Gariahat.
অনুরাধা ঃ চল আমরা কফি হাউসে যাই।	Let us go to the Coffee House.
যদি দেরী হয় তাহলে যায়গা পাব না।	We can't get seat if we go late.
চলো।	Let us go.

EXERCISES

1. Transform the following sentences omitting যদি—তাহলে but keeping the sense intact.

   ১। যদি তুমি কথাটা বলতে তাহলে আমি খুশী হতাম।

   ২। যদি ছোটবেলায় লেখাপড়া করতো তাহলে সে আজ বেকার থাকত না।

   ৩। যদি খুব বৃষ্টি হত তাহলে জল জমত।

   ৪। যদি আর একটু বসতে তাহলে তার দেখা পেতে।

   ৫। যদি তাড়াতাড়ি উঠতাম তাহলে সূর্যোদয় দেখতে পেতাম।

   ৬। যদি সাতটায় রেডিও চালাতাম তাহলে খবরটা শুনতে পেতাম।

   ৭। গতকাল যদি আসতে তাহলে তোমার সঙ্গে যেতাম।

   ৮। যদি দুটো টিকিট পেতাম তাহলে তোমাকে বলতাম।

2. Negate both the clauses of the following sentences following the model. .

যদি মেঘ করত তাহলে বৃষ্টি হত। যদি মেঘ না করত তাহলে বৃষ্টি হত না।

১। যদি ফুল ফুটত তাহলে মৌমাছি আসত।

২। যদি ভোর হত তাহলে পাখী ডাকত।

৩। যদি ফ্রান্সে যেতে তাহলে আইফেল টাওয়ার দেখতে পেতে।

৪। যদি সে আসত তাহলে খুশী হতাম।

৫। যদি ছুটি থাকত তাহলে পুরী যেতাম।

৬। যদি সাঁতার জানতাম তাহলে গঙ্গায় নামতাম।

৭। যদি আপনি আগে আসতেন তাহলে দিতে পারতাম।

৮। যদি বিদ্যুৎ থাকত তাহলে আলো জ্বলত।

Evaluation - cum - Test

1. Express the following past conditional sentences in other way l ike :

আজ যদি বৃষ্টি হত. ভালো হত।

.... আজ বৃষ্টি হলে ভালো হত।

১। আমি যদি তোমার কথা শুনতাম, তাহলে আজ অনেক টাকা পেতাম।

২। সে যদি বেহালা বাজাতে শিখত, তাহলে ভালো হত।

৩। আপনারা যদি আজ এখানে না আসতেন, তাহলে কি এই দৃশ্য দেখতে পারতেন ?

৪। আমি যদি বাংলা ভালো করে পড়তাম, তাহলে অনেক মার্ক পেতাম।

৫। আমাদের বিদ্যালয়ে যদি সরস্বতী পুজো না হত, তাহলে আমরা সবাই দুঃখ পেতাম।

৬। প্রতি সপ্তাহের পরীক্ষা যদি না দিতাম, তাহলে আমার এই উন্নতি হতো না।

৭। ঠিক সময়ে তিনি চোরটিকে যদি না তাড়াতেন তাহলে সে সব নিয়ে যেতো।

৮। আপনি বাসে আমার জন্য যদি সীট না রাখতেন, তবে আমি কোথায় বসতাম ?

2. Negate only the conditional clausesin the following sentences.

১। রমলা যদি আমার কাছে আসত তাহলে আমি তাকে এই বই দিতাম না।

২। ক্লাসে তুমি যদি একথাটা বলতে, তাহলে শাস্তি পেতে না।

৩। সে যদি আমাকে আগে দিত, তাহলে আমি বলতাম না।

3. Express the following sentences in other way.

১। আমি টাকা পেলে তোমাকে দিতাম।

২। ঘর পেলে আপনার এখানে থাকতাম না।

৩। আগে চিঠি দিলে আপনাকে আনতে ষ্টেশনে যেতাম।

৪। তাকে চিনতে পারলে আমি চলে যেতে বলতাম না।

৫। বাজারে মাছ পেলে কিনতাম।

4. Choose the word best fits the sentence.

১। — নাম কি জানো ?	কোনো
২। — তাকে চেনে না।	কোন্
৩। — কথা আমি শুনব না।	কেউ
৪। — খারাপ কথা বলবে না।	কাউকে

৫। — ছেলেটি বাংলা শেখে।	কারো
৬। — লোক এখানে থাকে।	কোনোটা
৭। ওগুলোর — আমার নয়।	কোনোটাকে
৮। এগুলোর মধ্যে — তোমার ?	কোনটার
৯। — তুমি চাও ?	কোন্‌টা
১০। ছেলেদের মধ্যে — আমি চিনি না।	কোন্‌টাকে
	কোন্‌টার

Lesson 77

An accident

রাকেশ : রাস্তার ধারে বাসটাকে ঘিরে এত ভীড় কেন ?	Why such a big crowd is there surrounding the bus by the side of the road ?
প্রতুল : কোনো দুর্ঘটনা হয়ে থাকবে।	There might have been some accident.
কেউ বাস থেকে পড়ে গিয়ে থাকবে।	Somebody might have fallen down from the bus.
রাকেশ : চলোনা, ঐ ভদ্রলোককে জিজ্ঞাসা করা যাক।	Let us go and ask the gentleman.
মশাই কি হয়েছে ?	Sir, what has happened ?
ভদ্রলোক : আমি ঠিক জানিনা।	I don't know exactly.
তবে দেখলাম, অ্যাম্বুলেন্সে করে এক ভদ্রলোককে নিয়ে যাওয়া হল।	But I saw one gentleman was carried by an ambulance.
মনে হচ্ছে, চলন্ত বাসে ভদ্রলোক উঠতে বা নামতে গিয়ে থাকবেন।	It seems that the gentleman might have tried to **get in** or get down, from a running bus.

	সেই সময় পড়ে গিয়ে থাকবেন।	At that time he might have fallen down.
	ভদ্রলোক গুরুতররূপে আহত হয়েছেন।	The gentleman has become injured seriously.
রাকেশ	ঃ মনে হচ্ছে বাসটা ভদ্রলোকের ওপর দিয়ে চলে গিয়ে থাকবে।	It seems that the bus might have run over the gentleman.
অতুল	ঃ ইস, রাস্তায় বেরিয়েই এমন একটা দুর্ঘটনা দেখে মনটা খারাপ হয়ে গেল।	Alas, I feel very sad after seeing the accident just after coming out on the street.

Substitution Drill

(প্রাতিস্থাপন অভ্যাস)

১। কোনো দুর্ঘটনা হয়ে থাকবে।
.... ব্যাপার ....।
.... উৎসব ....।

২। কেউ বাস থেকে পড়ে গিয়ে থাকবে।
.... নেমে ....।

৩। চলন্ত বাসে ভদ্রলোক উঠতে বা নামতে গিয়ে থাকবেন।
.... নামতে ....।
.... বসতে ....।
.... দাঁড়াতে ... .।

৪। সেই সময় পড়ে গিয়ে থাকবেন।

.... থেকে ....।

.... চলে ....।

Build up Drill

(গঠনমূলক অভ্যাস)

১। কেন।

ভীড় কেন।

এত ভীড় কেন।

বাসটাকে ঘিরে এত ভীড় কেন।

রাস্তার ধারে বাসটাকে ঘিরে এত ভীড় কেন ?

২। হয়ে থাকবে।

দুর্ঘটনা হয়ে থাকবে।

কোনো দুর্ঘটনা হয়ে থাকবে।

৩। থাকবে।

পড়ে গিয়ে থাকবে।

বাস থেকে পড়ে গিয়ে থাকবে !

কেউ বাস থেকে পড়ে গিয়ে থাকবে।

৪। থাকবেন।

নামতে গিয়ে থাকবেন।

উঠতে বা নামতে গিয়ে থাকবেন।

ভদ্রলোক উঠতে বা নামতে গিয়ে থাকবেন।

বাসে ভদ্রলোক উঠতে বা নামতে গিয়ে থাকবেন।

চলন্ত বাসে ভদ্রলোক উঠতে বা নামতে গিয়ে থাকবেন।

৫। পড়ে গিয়ে থাকবেন।

সেই সময় পড়ে গিয়ে থাকবেন।

৬। চলে গিয়ে থাকবে।

ওপর দিয়ে চলে গিয়ে থাকবে।

ভদ্রলোকের ওপর দিয়ে চলে গিয়ে থাকবে।

বাসটা ভদ্রলোকের ওপর দিয়ে চলে গিয়ে থাকবে।

EXERCISES

1. Fill up the blanks by the possible past forms.

১। এখন রমার বাড়ী গিয়ে কি লাভ ? উৎসব শেষ — —।

২। ভদ্রলোকের পা-টা কোনো দুর্ঘটনায় নষ্ট হয়ে — —।

৩। তোমরা আমার এই বন্ধুটিকে আগে — —।

৪। গত ছুটিতে দেশে আমার মা আমার জন্য অপেক্ষা — —।

৫। গত সন্ধ্যায় দাসবাবুরা কোথাও — —।

৬। পরীক্ষার ফল সে জেনে — —।

৭। পূজোর ছুটিটা তুমি সম্ভবতঃ দেশে — —।

৮। বিদ্যা প্রতিষ্ঠানে গত বছর সরস্বতী পূজো — —।

৯। দরজাটা খোলা থাকায় চোর — —।

১০। সে ভুবনেশ্বরে দশমাস ছিল। নিশ্চয় কোনো একটা নতুন ভাষা — —।

2. Fill up the blanks with post positions.

   ১। বাড়ীর — একটা গাছ আছে।

   ২। ভদ্রলোক বাস — নামতে গিয়ে থাকবেন।

   ৩। আমরা ট্রেনে — বাড়ী গেলাম।

   Frame sentences.

   ১। পড়ে থাকবে　　২। শুয়ে থাকবে　　৩। ঘুমিয়ে থাকবে

   ৪। কুড়িয়ে থাকবেন　　৫। চলে গিয়ে থাকবে।

Vocabulary

রাস্তার	'of a road'	এত	'so much'
ঘিরে	'surrounding'	দুর্ঘটনা	'accident'
